শ্রীরাসকুষ্ণের ব্য ১০০চিন ঘার



স্বামী অমিতানন্দ

ওরিস্কেণ্ট বুক কোম্পানি ক্লিকাডা—১২ দামঃ ছুই টাকা

কলকাতা, ৯, খ্যামাচরণ দে ফ্রীট থেকে প্রীপ্রহ্লাদকুমার প্রামাণিক কর্তৃক প্রকাশিত ও ১৫-এ, ক্ষ্দিরাম বস্থ রোচ্চ, সাধারণ প্রেস লিঃ থেকে শ্রীধনঞ্জয় প্রামাণিক কর্তৃক মুদ্রিত

গুরুদেব

খামী অভেদানন মহারাজকে—



ভূমিকা

মহাপুশ্বদের জীবনী বেখা কঠিন। ছোটদের জন্তে লেখা তো আরও কঠিন। স্বামী অমিতানন্দ এ বিষয়ে অনেকখানি সফলতা অর্জন করেছেন। 'কিশোর বাংলার' মহাপুশ্বদের জীবনের নানা ঘটনা নিম্নে তাঁর অনেকগুলো লেখা প্রকাশিত হয়েছে। দেখে খুশী হয়েছি তাঁর লেখাগুলোর প্রত্যেকটিই বাংলার কিশোর-মহলে যথেই সমাদর পেয়েছে।

স্বামী অমিতানন্দ দীর্ঘকাল ছোটদের গ্রন্থাগার পরিচালনা করেছেন। তিনি ছোটদের ভালবাদেন, ছোটরাও তাঁকে অতি অল্প সময়ের মধ্যে আপনার করে নেয়। গ্রন্থাগার ও ছোটদের নানা আনন্দ-অন্তর্গান পরিচালনার মধ্য দিয়ে তিনি অতি সহজে শিশু-মনের সংগে পরিচিত হয়েছেন এবং সন্ন্যাসিম্থলভ ভালবাদাই তাঁর মনকে ছোটদের একজন্প্রকৃত দরদী করে তুলেছে। এ জ্যেই তাঁর লেখা এত সার্থক হয়ে ওঠে।

নতুন বাংলার গোড়াপত্তন হয় বিবেকানন্দের আবির্ভাবে। রামক্রঞ ছিলেন এ যুগের অধিদেবতা। রামক্রফ ও তাঁর ১চিত জীবনীগুলো উপহার দিয়ে অমিতানন্দজী তাই অতি হৃদ্দর কাজ করেছেন। শুধু ছোটরা নয়, তাদের মা বাবা শিক্ষক সকলের কাছেই এই বইথানি সমাদর পাবে।

নিবেদন

শ্রীরামকুঞ্দেবের সাথে যাঁরা এসেছিলেন, তাঁদের সংগে বাংলার ভাই-বোনদের পরিচয় করে দেবার স্থােগ আমার হল। ফুল ত্লে এনে ঠাকুরের পূজো করে প্রসাদী ফুল বাংলার ছেলেমেয়েদের হাতে তুলে দিল্ম।

উনবিংশ শতাকীর শেষের দিক বাংলার একটি গৌরবময় যুগ। এ যুগের যাঁরা প্রষ্টা, তাঁদের ভাবধারা ও জীবনের আদর্শ কেবল বাংলা দেশে নয়, সারা ভারতে নব জাগরণের প্রেরণা উদুদ্ধ করেছিল। সেই যুগের ভারতকে জানতে হলে সেই যুগের মহাপুরুষদের জীবনীও সানা প্রয়োজন। তাঁদের কাছে বর্তমান ভারতের নরনারীর ঋণ অপরিশোধ্য।

ছোটদের জলে এই জীবন-চয়নিকা রচনা করতে বসে দেখলুম যত সহজ মনে হয়েছিল, তত সহজ নয়। মহাপুক্ষদের জীবনী লেখা বড়ই কঠিন। কারণ তাঁদের প্রতিভার বিকাশ কোন একটি নির্দিষ্ট পথ ধরে চলে না। তাদের চিন্তাধারা হর্ষকিরণের মত চারদিকে ছড়িয়ে পড়ে আমাদের জীবনীশক্তি আর ইতিহাসকে নতুন রূপে হৃষ্টি করে। তাঁদের জীবনের আদর্শ ও কর্মকে সাহিত্যের আকারে কিশোরদের হাতে দিতে হলে ভাষা হওৱা চাই সহজ এবং ভাবটি হওৱা চাই সরল। অথচ ছুটি বিষয়ই কঠিন। তবু লেখার সময় সে দিকে লক্ষ্য রাখতে চেষ্টা করেছি। জানি না, ভোট ভোট ভাইবোনদের কতদুর ভাল লাগবে।

এ বইএ রামকৃষ্ণদেবের সন্ধাসী শিশুদের ও গৃহী শিশু চার জনের জীবনী দেওয়া হয়েছে। রামকৃষ্ণদেবের গৃহী শিশু আরও অনেক আছেন, ভাঁদের কথা দেওয়া সম্ভব হল না। আর একটি বিষয় উল্লেখ করা প্রয়োজন যে, এখানে শ্রীমা ও মহিলা ভক্তদের কথা দেওয়া হয় নি। তাঁদের কথা পথক ভাবে প্রকাশ করার ইচ্ছা রইল।

বে সব মহাপুরুষদের জীবনী দেওয়া হয়েছে, তাঁদের আদর্শ ও আচরণ গ্রহণ করে ছেলেমেয়েরা যদি তাদের জীবনকে আদর্শময় করে তুলতে পারে, তবেই বুঝাব আমার এ বই লেখার উদ্দেশ্য ও পরিশ্রম সার্থক হয়েছে।

বই লিখতে যাঁরা উৎসাহ ও প্রেরণা দিয়ে সাহায্য করেছেন, তাঁদের কাছে আমি ঋণী। তাঁদের আন্তরিক কুতজ্ঞতা জানাচ্ছি। তাঁদের নাম রামকৃষ্ণ বেদান্ত মঠ, কিশোর বাংলা, স্বামী সোমেশ্বর্যনন্দ, শ্রীবিজয়ক্কষ্ণ গোস্বামী, শ্রীক্ষিতীশচল্র ভটাচার্য ও বটকৃষ্ণ সেন।

এতে আছে

সভ্যাশ্রয়ী কৃদিরাম	•••	•••	•••	٥
<u>শ্রী</u> শ্রীরামকৃষ্ণ	•••	•••	•••	b
স্থামী বিবেকানন্দ	•••	•••	•••	>5
স্বামী ব্ৰহ্মানন্দ		•••	•••	₹ 8
শ্বামী অভেদানন্দ	***	•••	•••	৩১
স্বামী শিবানন্দ	•••	•••	•••	8 @
স্বামী সারদানন্দ	•••	•••	•••	a>
স্বামী প্রেমানন		•••	•••	৬০
পামী রামকুফানন্দ		•••	•••	*6
স্বামী যোগানন্দ	•••	•••	•••	20
স্বামী ত্রিগুণাতীতানন	•••	•••	•••	60
স্বামী নিরঞ্জনানন্দ	•••	•••		b b
স্বামী তুরীয়ানন	•••	•••	•••	25
স্বামী স্থবোধানন	•••	•••	• • •	26
স্বামী অথগুনন্দ	•••	•••	•••	, > • •
স্বামী নিৰ্মলান স	•••	•••	•••	る。な
স্বামী বিজ্ঞানানন্দ	•••	•••	•••	>>6
স্বামী অবৈতানন	•••	•••	•••	257
স্বামী অভুতানন্দ	•••	•••	•••	५२ ०
ত্র্গাচ্বণ নাগ (নাগ ম	শায়)	•••	•••	200
মাস্টার মশায় (মহেন্দ্রন	াপ গুপ্ত)	•••	•••	200
রামচন্দ্র দত্ত	• • •	•••	•••	200
, গিরিশচন্দ্র ঘোষ	•••		• • •	180

শ্রীভাসক্রম্ভেভ যাঁৱা এসেছিল সাথে

সত্যাশ্রয়ী ক্ষুদিরাম

—ভাল করলে না বাম্নঠাকুর, আর একবার ভাল করে ভেবে দেখ। জান তো হজুরকে। তাঁর হবে সাক্ষ্য না দিলে ভিনি ভোমার ভিটে ছাড়া করবেন।

স্পমিলারের নায়েব এসে ক্ষ্রিরামকে শাসিয়ে গেল।

হগলী জেলার দেরে গ্রামের জমিদার রামানন্দ রায় ভারী বদরাগী লোক। সামাক্ত কোন কারণে কাকর ওপর অসম্ভট হলে তাকে তি দি সর্বস্বাস্থ করে ছাড়তেন। প্রজ্ঞাদের ওপর অত্যাচার করে, মিথ্যে মামলা এনে তাদের উৎপীড়ন করাই যেন তাঁর নিত্যকার কাল হয়ে দাঁড়িয়েছিল।

একবার কোন এক প্রজার ওপর অসন্তই হয়ে জমিদার রামানন্দ রায় ভার বিরুদ্ধে মিথ্যে মামলা দায়ের করেন।

যামলা নির্ভর করে সাক্ষীর ওপর। এ মামলায় ভাল সাক্ষী ছিল না। তাই এমন একজন সাক্ষীর দরকার হল,—বাকে সবাই সত্যবাদী বলে একা করে।

কুদিরামের সভ্যনিষ্ঠার কথা সকলেরই জানা ছিল। কাজেই সে হুযোগ

জমিদার ছাড়বেন কেন ? ক্ষ্দিরাম বাতে তাঁর হয়ে সাক্ষ্য দেন সেজস্তে ডিনি তাঁকে তলব করে পাঠালেন।

কুদিরাম অমিদার বাড়ি এসে আদাতে পারলেন তারই প্রতিবেশী, তারই মত আর একজন গরিবের বিফত্তে সাক্ষ্য দিতে হবে,—তাও আবার মিথ্যে করে। তিনি রাজী হলেন না।

ভ্ৰমিদার টাকা, প্রসা, ভ্রমিজ্মা দেবেন বলে কত কি লোভ দেখালেন, কিন্তু কোন কিছুতেই তাঁকে টলাতে পারলেন না। ভ্রমিদারের নায়েব এসে সন্তানিষ্ঠ কুদিরামকে কত কি ভয় দেখিয়ে গেল।

খ্ব বেশী দিনের কথা নয়। তুশো বছর আগে হুগলী জেলার দেরে গ্রামে ক্দিরাম চট্টোপাধ্যায়ের বাড়ি ছিল। ক্দিরামের মত ধর্মনিষ্ঠ ও দদাচারী ব্রাহ্মণ খুব কমই দেখা যায়। তিনি রোজ ভগবান রামচক্রের উপাসনা করতেন। দেবভার সেবায় তাঁর নিষ্ঠা ও ভক্তির পরিচয় পেয়ে দেরে গ্রামের সকলেই তাঁকে খুব শুদ্ধা ও সম্মান করত।

ভাল সাক্ষী না পাওয়াতে জমিদার রামানন্দ রায় সেই মামলায় জিততে পারলেন না। মামলায় হেরে গিয়ে তিনি ক্দিরামের ওপর রেগে আগুনের মত লাল হয়ে উঠলেন। তাঁকে জব্দ করার জব্দ্যে তিনি উপায় খুঁজতে লাগলেন। অবশেষে তিনি কৌশলে তাঁর বিক্লছে মিথ্যে মামলা ক্লফু করলেন।

জমিদার রামানন্দ মামলাবাজ্ব লোক। কি করে এ সব কাজে লোককে
জব্দ করা বায় ডিনি ডা বেশ ভাগই জানেন। এ রক্ম চতুর ব্যক্তির সংগে
ক্ষ্দিরাম পারবেন-ই বা কি করে ? ডিনি মামলায় হেরে গেলেন।

জ্মিদার যোকদ্দমার জয়লাভ করে ক্র্নিরামের জ্ঞমিজ্মা ও বরবাড়ি সব কেড়ে নিয়ে তাঁকে সর্বস্বাস্ত করে গ্রাম থেকে তাড়িয়ে নিলেন। ভগবানের নাম করে ছেলেমেরের হাত ধরে ক্ষ্দিরাম একেবারে পথে এসে দাঁড়ালেন। স্ত্রী চন্তাদেবীও ছিলেন ঠিক ক্ষ্দিরামেরই মভ। ভিনি বললেন, চল, এ গাঁরে আর থাকব না।

ক্ষ্দিরাম ছেলেযেরের হাত ধরে, গাঁছেড়ে পৈত্রিক ভিটে ছেড়ে, হাঁটতে আরম্ভ করলেন। সংগে নিলেন উপাশ্ত দেবতা রঘুবীরকে।

ক্রোশ থানেক দূরে কামারপুকুর গ্রাম। সেই গ্রামে স্থবলাল গোস্বামী নামে ক্লিরামের একজন বন্ধু ছিলেন। গোস্বামী বন্ধুর বিপদের কথা ভনে বাডির একদিকে উাদের থাকবার জায়গা করে দিলেন।

বাড়ির সংগেই ছিল খানকয়েক চালাঘর। গোস্বামী ভাদানপত্তে লিখে দিলেন ক্ষুদিরামের নামে। ক্ষুদিরাম অকুলে কুল পেলেন।

শুধু থাকবার ঘর হলেই সংসার চলে না। আরও আনেক কিছু দরকার হয়। কিছু ক্দিরামের যে কিছুই নেই। বহু স্থপাল কিছু ধানের জমি দান করে তার সংসার চলারও ব্যবস্থা করে দিলেন। অসমত্যের বন্ধই যে প্রকৃত বন্ধু, স্থপাল গোধামী তা প্রমাণ করলেন।

দশ বছরের ছেলে রামকুমার ও চার বছরের মেয়ে কাড্যায়নীকে সংগে নিয়ে ক্ষুণিরাম মহানন্দে বাদ করতে লাগলেন বন্ধুর দেওয়া নতুন ঘরে।

জ্মিতে চাষবাদ করে বছরের শেষে ফদল যথন দরে আনা হল তথন দেখা গেল, ধান যা হয়েছে তাতে তাদের সারা বছর চলে গিয়েও উদ্বৃত্ত থাকবে।

কুদিরাম তাতেই সম্বষ্ট। দেব দিল আর অতিথি সেবায় আত্মসমর্পণ করে ভূলে গেলেন, কে করে করেছিল অত্যাচার, কে করে করেছিল তার অনিষ্ট।

একদিন কোন একটা দরকারী কাজে যেতে হয়েছিল তাঁকে কোন দুর গ্রামে। দেখান থেকে ফিরভে হয়ে গেল বেলা। মধ্যাক্ত তুর্ব পশ্চিম আকালে ঢলে পড়েছে। প্রথব রৌজ্তাপে ক্লান্ত হরে ক্লিরাম আশ্রয় নিলেন এক গাছতলায়। জনমানবহীন ফাঁকা মাঠের নির্মাল বাভাগ তাঁর দেহ-মন ঠাণ্ডা করে দিলে। শরীরের অবসরতার তাঁকে নিশ্রায় অভিভূত করে তুলল এবং ধীরে ধীরে সেধানে তিনি ঘুমিয়ে পড়লেন।

মাঠের চারদিকে ধানের কেত। মাঝে মাঝে বাতাস এসে সবুজ কেতে তেওঁ থেলে যায়। পাড়াগাঁযের এ দৃষ্ঠ বড়ুই মধুর!

কুদিরাম ঘূমের ঘোরে দেখেন স্বপ্ন। ভারী অন্তৃত স্বপ্প---অপূর্ব, স্বর্গীয়। অভীষ্ট দেবতা শ্রীরামচন্দ্র দিব্যবাসক বেশে তাঁর সমূবে উপস্থিত।

—বংশ, আমায় নিয়ে চল। বছদিন যাবং অনাহারে অয়ত্নে পথের ধারে পড়ে আছি। তোমার সেবা পাবার ইচ্ছা হয়েছে আমার। বলেই দেবতা অদুখা হলেন।

স্বপ্লের ঘোরে তিনি চনকে ওঠেন এবং সংগে সংগে ঘুম গেল তাঁর ভেঙে। সারা দেহ মন দিব্যজ্যোতিতে ভরে উঠল তারই মানলে।

— একি অভূত স্থপ! এও কি সম্ভব? স্থপ্প কি কথনও সভিয় হয় ? সভিয় কি ঠাকুর আমার আসবেন ?

ক্ষ্দিরাম ভাবছেন, এমন সময় দৃষ্টি পড়ল তাঁর ধান ক্ষেতের মধ্যে। পূব বেশী দূরে নয়, মু' তিন গজ দূরে একটি সাপ ফণা তুলে দাঁড়িয়ে আছে, আর ভারই নীচে ক্দিরামের স্বপ্নে দেখা রঘুবীর শালগ্রাম শিলা।

ক্ষ্ণিরাম আনন্দে অধীর হয়ে দেখানে ছুটে গেলেন। তিনি কাছে যেতেই সাপ আন্তে আন্তে চলে গেল। রঘুবীরকে বুকে তুলে নিয়ে আনন্দে নাচতে নাচতে তিনি বাড়ি ফিরে এলেন।

বাড়ির গা ঘেঁনে চলে গেছে একটা পথ। সে পথ দিয়ে কভ সাধু

সন্ম্যাসী ভীর্থযাত্রী রোক যাতায়াত করেন। এসর যাত্রী প্রায়ই কুদিরামের বাড়িতে এসে পথশ্রম লাঘর করতেন। অভিথিরূপে তাঁদের সেবা করে প্রমানন্দ লাভ করতেন কুদিরাম আর চক্রাদেবী।

বিশ্রামের পর বাত্রীরা চলে যান। তীর্থে বাবার বাসনা প্রবল হয়ে চলে যার ক্ষিরামের মন উাদের সংগে যেখানে আছে তার্থ-দেবতা। কিন্তু রঘুবীর আর সংসার তাঁকে আটক করে রাখে।

এভাবে দিন যায়। ক্রমে ক্লিরামের বয়স হল বাট। তিনি স্থির করসেন আর দেরি নয়। এবার যেতেই হবে। বহুদিনের মনের সাধ, গায়াধামে গাদাধরের পাদপদ্মে পিতৃপুরুষদের তর্পন করে ভৃত্তিলাভ করবেন। ছেলে মেয়ের হাতে সংসার আর রঘুবীরের প্রাের ভার দিয়ে তিনি বেরিয়ে পড়লেন পায়ে হেঁটে গরা তীর্থে।

গন্ধাধানে গদাধবের পাদপদ্মে পিতৃপুরুষদের তর্পণ শেষ করে পিতৃঋণ থেকে মুক্ত হয়ে আনন্দে নেচে উঠল তাঁর মন।

কুদিরাম রাত্রে ভরে ভরে অপ্ন দেখেন, তিনি যেন গদাধরের পায়ে তর্পন করছেন। এমন সময় সমস্ত মন্দির আলোয় আলোমর হয়ে উঠল। অর্গের সব দেবতারা মিলে যেন তাঁর অর্থ্য গ্রহণ করছেন। দেবতারা মণ্ডলের মত খিরে একজন জ্যোতির্ময় পুরুষকে পুজো করছেন। তিনি দেবলেন মণ্ডলের মধ্যেই সেই পুরুষ, তাঁরই ইউদেবতা ভগবান শ্রীষামচন্ত্র।

—দেবভা বেন তাঁর দিকে এগিয়ে আসতে চান। ক্ষ্মিরাম করজোড়ে কিছু বলতে উঠলেই তাঁকে লক্ষ্য করে তিনি বলতে থাকেন, ক্ষ্মিরাম, তোমার সেবায় ভোমার ভক্তিতে আমি সম্ভষ্ট হয়েছি। তোমার ছেলে হয়ে ডোমার ঘরে আসব।

ঘুম ভেঙে গোলে বিশায়ে অবাক হয়ে ক্দিরাম শুশ্তিত হয়ে রইলেন।

মনে মনে ভাবলেন, এও কি সম্ভব ? এ গরিবের ঘরে ভিনি কি জন্ম নেবেন ?

ফাল্পন মানের একদিন শুক্লপক্ষের বিভীয়ার চাঁদ আকাশে ওঠে থানিক পরেই আবার মিলিয়ে গেছে। এমনি সময় আঁতুড় ঘর থেকে বেরিয়ে এসে ধাইমা ধনী কামারনী আনন্দে বলে উঠল, ওগো, শাঁধ বাজাও।

ক্ষুদিরাম বুঝলেন ছেলে হয়েছে। গরাতীর্থের ক্থা স্থারণ করে পরে ছেলের নাম রাথলেন, গদাধর। রামকৃষ্ণদেবের শুভাগমন হয়েছিল এমনি-ভাবে বাংলার এক ছোটু গ্রামে।

শকৎকাল। আনন্দমন্তীর পূজোর আয়োজন চলেছে রামটাদের বাড়িতে। মহা ধ্যধাম, আনন্দের রোল বয়ে চলেছে। এই আনন্দোৎসবে মামাকে না আনলে চলে না। রামটাদ তাঁর মামা ক্দিরামকে আনার অস্তে তাঁর বাড়িতে লোক পাঠালেন।

কুদিরাম বড়ছেলে রামকুমারকে সংগ্রেনিয়ে রামটাদের বাড়ি সেলামপুরে এলেন।

শর্ভকালের ভোর বেলা।

বট অবর্থ নিম ও আমগাছের ভালে ভালে পাথীদের কলরব জ্বেগে উঠেছে। ঘরের চালে বলে কাক ভেকে যাছে,—কা, কা, জাগ জাগ।

ঘুমন্ত প্রামের বৃকে জাগরণের চিক্ ফুটে উঠেছে। ছোট ছোট ছোল-মেরেরা সাজি হাতে করে বেরিয়ে বার মারের পূজার ফুল তুলতে। পলীবধুরা গৃহকর্ম আরম্ভ করেছেন, বুড়োরা প্রোর আরোজনে মেতে পড়েছেন। ত্পুরে মহা ধ্যধানে মায়ের পুজো হয়। পুজোর পরে ছেলেনেরের।
আনন্দ করে প্রসাদী নাড়ু, মুড়ি মুড়িক থার।

সংধ্যবেলায় ঢাক ঢোল বাজিয়ে আরতি হয়। আরতির পর চলে গান-বাজনা, আর ধোল করতাল বাজিয়ে বুড়োরা করেন সংকীর্তন। হরিনাম সংকীর্তনে অথবা শিবের গাজনে ধনী গরিব, ছোট বড় স্থাই মিলে করে আনন্দ।

এমনি ভাবে প্রজোর প্রথম ছ দিন বেশ আমোদ প্রমোদে কেটে গেল। নবমী প্রজোর কাজ শেষ করে ক্ষ্দিরাম হঠাৎ অক্সন্থ হয়ে পড়লেন। সকলের মুখের হাসি মিলিয়ে গিয়ে দেখা দিল কালবৈশাখীর প্রভিচ্ছবি।

বিজয়া দশনীর রাত্রে মাটির প্রতিমা ভাসিয়ে দিয়ে রামটাদ মামার খরে চুকে দেখেন, মামাও মায়ের সংগে যাবার জন্মে উদ্গ্রীব হয়ে আছেন।

— ঐ দেথ কি হন্দর রথ ! ঐ রথে করে আমি মায়ের সংগে যাব। বলতে বলতে ক্দিরাম চপল বালকের মত ছট্ ফট্ করতে করভে ঘুমিয়ে পড়লেন।

এ ঘুম থেকে মাহর আরে জাগে না। কুদিরামও আর জাগলেন না।

এমনিভাবে পৃথিবীর বেলা শেব করে তিনি আনন্দময়ী মায়ের সাথে

অমরধানে প্রস্থান করলেন।

ভীত্রীরামকৃফ

দক্ষিণেশ্বর গংগার তীরে সন্ধ্যা নেমে এসেছে। ওপারে ত্-একটি আলো অলে ওঠেছে। এ পাড়ে আঁধার রাতে এক পাগল বলে বেড়ায়, কই, আজকের দিন ভোচলে গেল, আজও ভো এলি না মা।

সংশ্বংবলায় গ্রামবাসীরা সে পথ দিয়ে চলে যায়, আর পাগলের কারা ভনে থমকে দাঁড়ায়। পরে নিজেদের মধ্যে বলাবলি করে, আহা, মা বারা গেছে বেচারার।

সারায়াত না ঘুমিয়ে ভূতের মত গংগার ধারে ধারে ঘুরে বেড়ায়।
কথনো হাসে কথনো কাঁদে, কথনো ধুলোয় পড়ে লুটোপুটি থায়, আর মুখে
ভধু সেই এককথা—দেখা দে, দেখা দে মা। এইভাবে দিনের পর রাজ,
রাভের পর দিন সেই পাগল কোঁদে কোঁদে আকুল হয়, তবু দে মায়ের দেখা
পায় নয়।

আর একদিন সংদ্ধবেলায় যদ্দিরে পুজো করতে বলে পাগল এইভাবে কালে, অসহ যদ্ধায় ছটফট করে মাটিতে গড়াগড়ি দেয়, মেঝেডে মৃথ ঘষে মৃথ দিয়ে রক্ত বার করে। লোকে মনে করে শূল ব্যথায় ভূগছে।

এই ঘটনাটি হচ্ছিল দক্ষিণেখরে রাণী রাসমণির কালীমন্দিরে। কালীমন্দিরের দেয়ালে একটা থাঁড়া ঝুলানো ছিল। পাগল লাফ দিয়ে ওঠে থাড়াটি তুলে নিলে।

—তুই যদি দেখাই দিবি না মা, তবে আমিও এ-প্রাণ আর রাধব না।
এই থাড়াতেই আজ শেষ করে দেব আমার সমস্ত জালা।—বলেই থাড়াটি
তুলে যেই নিজের ঘাড়ের ওপর বসাবে, এমনি সময় সারাঘর আলো হয়ে
গেল, আর সেই আলোর মধ্যে ফুটে উঠল মায়ের মধুর হাসিভরা মুখধানি।
নিমেষের মধ্যে সব ওলট পালট হয়ে গেল। তিনি অচৈতক্ত হয়ে পড়ে

গেলেন মাটিতে। সকলে বিশ্বয়ে অবাক হয়ে দেখে, এ পাগল তো পাগল নয়, এ যে ভাবের পাগল। পুরো একটা দিন যাবার পর জ্ঞান হলে শোনা গেল, মিন মিন করে ভধু বলছে,—মা মা মা।

এখন থেকে ঠাকুর আর পূজারী সম্পর্ক রইল না। এতদিন থাকে মনে হত মাটির দেবতা আজ তামনে হয় না। এ যেন জ্যান্ত মাহ্র, রামক্ষের সাক্ষাৎ জননী।

ভোমরা ঠাকুর দেবতা দেখেছ, পূজারীও দেখেছ অনেক। এ ভাবে মাটির দেবতাকে জাগিয়ে তাঁর সংগে কথা বলে, অবদার করে, মা ছেলের মত থাকতে দেখেছ কি কথনও ?

শীরামকৃষ্ণ পরমহংসদেবের নাম শুনেছ সকলেই। তিনিই এভাবে মাটির দেবতাকে সত্যিকারের দেবতা করে অমর হয়েছেন সারা পৃথিবীতে। এতদিন যারা হিন্দুর দেবদেবীকে পুতৃল পৃষ্ণা বলে অবজ্ঞা করে এসেছে, তাদের চোথ খুলে দিয়ে তিনি দেখিয়ে দিলেন—আমাদের দেবতা কথনও মিথ্যে হয় না।

যে মহাপুদ্ধের জীবন এমনি স্থানরভাবে গড়ে উঠেছিল তিনি ছেলে-বেলায় কি রকম ছিলেন দে-সব কাহিনী জানতে ভোমাদের খুবই ইচ্ছে করে না? এখন ভোমাদের কাছে তার বাল্যজীবনের কয়েকটি ঘটনা বলব।

শ্রীরামক্ষ্ণদেবের আগে নাম ছিল গদাধর চট্টোপাধ্যায়, এ কথা আগেই বলেছি। তাঁর ডাক-নাম ছিল গদাই।

ছেলেবেলার স্বাই একটু আঘটু গুষ্টুমি করে থাকে। কেউ কেউ আবার বেশী গুষ্টুমিও করে। গদাইও ক্য গুষ্ট ছিল না। চার বছর বয়স থেকেই সে গুরস্তপনায় সকলকে টেকা দিতে পারত। গুরস্ত হলেও সে কিছু অগু ছেলেদের মৃত্তকোন জিনিস নাই ক্রন্ত না। কাদা মাটি দিয়ে ঠাকুর গড়ে, গাছের ফুল ছিঁড়ে এনে চোধ বুঁজে পূজো করডে বসত।

গদাইএর বাবা যথন প্রো করতে বনে প্রোর মন্ত্র পড়তেন, গীতা ও চণ্ডীপাঠ করতেন, তথন সে আড়াল থেকে সে-সব ওনত এবং সেই রকম করে মন্ত্রপড়ত।

গাঁচ বছর বয়সে গদাইকৈ হাতে খড়ি দিয়ে গ্রামের পাঠশালায় পাঠানোইল। পাঠশালায় পণ্ডিতমশাই যথন যে পড়া পাঠ করে একবার শুনিয়ে দিতেন গদাই তা মনে করে রাখত। বই না পড়েই পরদিন সে নব পড়াবলে থেতে পারত। বড় বড় সংস্কৃত শ্লোক একবার পড়লেই তাঁর মৃথস্থ হয়ে যেত। রামায়ণ মহাভারতের গল্প শুনে যেমনটি শুনেছে তেমনিভাবে হবছ বলে যেতে পারত। তাঁর অন্তৃত শ্লুভিশক্তি দেথে পণ্ডিত অবাক হয়ে যেতেন।

কিন্তু এত স্থাগশক্তি যার আছে সে কিছুতেই নামতা মুখস্থ করতে পারত না। নামতার নাম শুনলেই যেন তার মুখ শুকিয়ে যেত। এ বড়ই অন্তুত ঠেকত পণ্ডিতের কাছে। তিনি কিছুতেই এটি বুঝতে পারতেন না।

এক-একদিন বিকেলবেলায় গদাই তার বন্ধুদের নিয়ে আম বাগানে থেলা করতে থেত। তাদের থেলা হল—যাত্রায় যেমন দেখেছে তেমনিকেউ হত রাধা, কেউ হত কৃষ্ণ। গদাই একাই সকলের কথা বলে থেত। আড়াল থেকে গ্রামবাসীরা ভনে অবাক হয়ে থেত। পরে সকলেই আদর করে বাড়ি নিয়ে থেত এবং তাদেরও সেভাবে শোনাতে বলত। বালক আর্ত্তি করে শোনাত।

বান্ধণের ছেলে গদাই। পৈতে দেবার বয়স হলে তাঁর দাদা রামকুমার সব ব্যবস্থা ঠিক করে ফেসলেন। গদাইএর পৈতে হয়ে গেল।

উপনয়নের সময় একটা নিয়ম আছে, হজ্ঞ হ্বার পর ব্রন্ধচারীর বেশে

সকলের কাছে ভিক্ষে করতে হয়। যার কাছ থেকে জিক্ষে গ্রহণ করবে তিনি আবার আন্ধণ হওয়া চাই, অহা জাত হলে চলবে না। কিন্তু গদাইএর বেলা হল মুশকিল। সে চায় ধনী কামারনীর কাছে ভিক্ষে নিতে।

ধনী কামারনী গণাইএর জয়ের সময় আঁতুড় ঘরে ধাত্রীর কাজ করেছিল, তা আগেই বলেছি। গদাই বড় হলে তাকে ধাই-মা বলেই ডাকত। ধাই-মা গদাইকে খ্বভালবাসত। ধনী কামারনী তাঁকে বলেছিল, বাবা গদাই, তোমার পৈতের সময় কিছু আমি তোমাকে ভিকে দেব।

গদাইও রাজী হল।

বড়দা বামকুমার দেখলেন গদাই যদি ধনীর কাছে ভিক্লে নেয় তবে আমাদের জাত যাবে। কারণ ধনী নিচু জ্বাভের থেয়ে। কাভেই ভিনি ভাতে রাজী হতে পারলেন না। কিন্তু গদাই তার কাছে যাবেই। কোন বাধা সে মানবে না। দাদা তাঁকে কত বোঝালেন, কিছুতেই কিছু হল না। সে বলে, আক্ষণ হয়ে যদি কথা ঠিক রাশতে না পারি, তবে আক্ষণ বলে আম্বা পরিচয় দিতে পারি না।

যুক্তিতে দাদা তার কাছে হেরে যান। গদাই ধাই-মা ধনীর কাছে ভিক্লে নিলে। গদাই বড় হলে কলকাতায় চলে আনেন এবং কিছুদিন পর দক্ষিণেখরে রাণী ধাসমণির কালীমন্দিরের পূজারীর কাজে নিযুক্ত হন। দক্ষিণেখরে অনেক কঠোর সাধনা করে রামকৃষ্ণ পরমহংস নামে জ্বগৎবিখ্যাত হন। এ সব কাহিনী বড় হয়ে তোমরা পড়ো।

ছেলেদের অত ভালবাসি কেন, জান? ছেবেবেলা ভাদের মন নিজের কাছে
থাকে। ছেলেবেলার ইবর লাভের চেষ্টা করলে, তারা সহত্রে তাঁকে লাভ করতে
পারে।
——জীরামক্ষ

স্বামী বিবেকানন্দ

ভূমধ্য সাগর।

চেউএর পর ঢেউ সমুক্র তোলপাড় করছে। ঢেউএর মাথায় টলতে টলতে একটি জাহাজ চলেছে ভারতের দিকে। কেই জাহাজে ভারত মাতার ত্যাগা এক বিজ্ববী বীর সমুক্রের প্রাণশক্তি হনতে নিয়ে মারের বুকে ফিরে আসছে।

জাহাজে বহুলোক। তার মধ্যে সেই সন্ন্যাপী বুকে বল, হুদরে আশা, চোঝে ছদেশের অপ্র নিয়ে চলেছেন দেশের দিকে। আহাজে দিনগুলি বেশ আমোদেই কেটে যাকে:

একদিন ছ জন খুফান মিশনরী তাঁর সংগে ধর্মালোচনা করতে এলো।
তারা হিন্দ্ধর্মের নিন্দে করতে লাগল। যুবক সন্ন্যাসী তাঁদের প্রশ্নের
কবাবে ঠিক ঠিক ভাবে উত্তর দিতে থাকেন। তিনি যথন তাঁদের ধর্মের
বিষর প্রশ্ন করতে থাকেন, তথন তারা তার কোন সত্তর দিতে না পেরে
লক্ষিত ও কুছ হয়ে হিন্দুধর্ম ও ভারতবাসীর সহজে যা খুশী তাই বলে
যেতে লাগল। তখন বীর সন্ন্যাসী মাতৃভূমির নিন্দে আর সহ্য করতে
পারলেন না। তিনি সিংহের স্থায় গর্মের উঠে তাদের ওপর ঝাঁপিয়ে
পড়লেন, এবং তাদের মধ্যে একজনের টুটি ধরে বললেন, ফের যদি আমার
ধর্মের নিন্দে কর তবে আহাজ থেকে জলে ফেলে দেব।

পাদরী তুজন তথন ভয়ে ভেড়ার মত কাঁপতে কাঁপতে কাতরভাবে বলতে থাকে, এবার আমাদের ছেড়ে দিন, আর কথনও ওরকম করব না।

এই তেজ্পী নবীন সন্নাসীটি কে জান? তিনি হলেন ভূবনবিজয়ী শামী বিবেকানন্দ।

बायी वित्वकानत्मन हार्ड विमान नाम नतन । छात्र वावा इतमन

বিখনাথ দত্ত। তিনি কলিকাতা হাইকোর্টের এটনী ছিলেন। মাতা ত্বনেখরী দেবী শিব পূজো করতেন। কাশীর বাবা বিখনাথের কাছে প্রার্থনা করে নরেনকে পেরেছিলেন বলে তাঁর নাম রাধলেন বীরেখর। ভাক নাম হল বিলে। পরে নামকরণের সময় তার নাম হল নরেজ্ঞনাথ। বড় হলে ভুবনেখরী দেবী তাঁকে নরেন বলেই ভাকতেন।

মায়ের কোলে বিলে নরেন শুক্লপক্ষের চাঁদের মন্ত দিন দিন বেড়ে উঠতে লাগল।

বিলে পাড়ার মধ্যে নামকর। ছাই ছোলে। তাঁর ছাই মি আবো বেড়েই আডিট হয়ে উঠল। বধসের সংগে সংগে তাঁর ছাই মি আবো বেড়েই চলল। সমস্ত বাড়ি একাই সে তোলপাড় করে তোলে। বা বায়না ধরবে তা চাই-ই, কোন কথা ভনবে না, কোন ধমক মানবে না, কোন আগরে ভূলবে না। বা বায়না ধরবে যভক্ষণ তা না পাবে, বাড়ি মাথায় করে তুলবে। কে তাঁকে থামাবে। কিছু বড়ই আক্ষম বিলে যথন রেগে উঠে টেচাত তখন তাঁর মা শিব শিব বলে মাথায় কল দিলেই ঠাণ্ডা হয়ে যেত।

বিলের বাবা বিখনাথ দত্ত একজন নামকরা লোক। তাঁর বৈঠকখানায় অনেকগুলো ছঁকো থাকত। এক-এক জাতের জল্প এক-একটা পৃথক ছঁকো। বিলে শুনলে, একজাতের ছঁকোয় আরেক জাতের লোক ভামাক খেলে জাত যায়।

একদিন বিলে বৈঠকখানায় চুকে একটা একটা করে সব কটা ছঁকো থেয়ে দেখতে লাগল। এমন সময় হঠাৎ তাঁর বাবা ঘরে চুকে দেখে অবাক হয়ে যান। বাবা জিগগেস করলেন, কি হচ্ছেরে বিলে?

দে বললে, দেখলুম আমার জাত যায় কিনা ?

কালে যিনি অপ্রভাতার বিরুদ্ধে সারা ভারত আন্দোলন করবেন, তাঁর ভেতর শিশু বয়সে এটা দেখতে পেয়ে আমরা আক্র্যা হয়ে যাই না কি ? একবার দলের ছেলেদের নিয়ে নরেন নৌকো করে গংগার থেড়ান্ডে যান। চাঁদপাল ঘাট থেকে নৌকো শিবপুরের বোটানিক্যাল গার্ডেনের দিকে চলেছে। নৌকো বছদ্র যাবার পর দলের ছেলেদের মধ্যে একজন অবস্থ হয়ে হঠাৎ নৌকোয় বিম করে ফেলে। নৌকো পরিষ্কার করে দেবার জন্ত মাঝি হমকি দিতে থাকে। ডাঙায় উঠে মেথর দিয়ে পরিষ্কার করে দিতে চাইলেও মাঝি ভাদের কথা শোনে না। মারধাের করবে বলে ভর দেথায়। ছেলের দল ভয়ে একজন আরেক জনের মুথের পানে ভাকায়। নরেন তথন এক ফন্দি করলে। গংগার ধারে তুজন গোরা সেন্ত পায়চারি করছিল। নরেন তথন একলাফে নৌকো থেকে নেবে ঐ তুজন গোরা দৈল্লকে হ হাতে ধরে ভাকা ইংলিশে বোঝাতে বোঝাতে নৌকোর কাছে নিয়ে এল। গোরা দৈল্লদের দেখেই মাঝি ভাদের ছেড়ে দিলে। নরেনের উপস্থিত বুদ্ধির পরিচয় পেয়ে বন্ধুবা ভাকে বাহবা দিতে থাকে।

দেখতে দেখতে ছবস্ত নরেন ছ বছরে পা দিলে। বিশ্বনাথ ছেলের
শিক্ষার জন্ম ভাকে ভর্তি করিয়ে দিলেন একটা ক্লে। কিন্তু নরেন ভূলের
ছুইু ছেলেদের হাব-ভাব চাল চলন দব নকল করতে লাগল। যাবা
দেখলেন, ছেলে স্থাক্ষার বদলে কুশিক্ষাই বেশী শিখেছে। ছেলেকে জ্ল ছাড়ানো হল। বাড়িতে মাস্টার রেখে তাঁর লেখা পড়ার বন্দোবস্ত করে দেওরা হল।

মান্টার যথন পড়ান নরেন চুপ করে চোথ বুজে থাকে। মান্টার মশাই মনে করেন, তুইু ছেলে পড়ার সময় ঘুমুছে। তিনি রেগে নরেনকে খুব ধমক লাগান। কিন্তু সে তার দোষ খুঁজে পায় না। মান্টার মশাই যা পড়িয়েছেন হুবছ সে বলে যায়! মান্টায় ব্রাতে পারেন তাঁর ভূল। তিনি অবাক হন ছাত্রের স্থতিশক্তি দেখে, শতমুবে তার প্রশংসা করেন। খুব ছোট বেলা থেকেই নরেনের থুব সাহস ছিল। তাঁর সাহসের করেকটি ঘটনা এখন ভোষাদের বশব। ছ বছর বয়সের সমর এক দিন একদল ছেলে নিরে চলেছেন চড়ক মেলার। মেলা থেকে ধ্বেরবার পথে ভাঁদের
দলের একটি ছেলে কোন কারণে ফুটপাত থেকে রাস্তার নেমে পড়ে, ঠিক
নলে সমর একটি ঘোড়ার গাড়ি বেগে এসে ছেলেটির ওপর পড়ল। গোল গোল রবে চারদিক থেকে স্বাই চেঁচিয়ে উঠল। নরেন পেছনে ফিরে
দেখে ছেলেটি প্রায় ঘোড়ার পারের তলার পড়ে পড়ে। এমন সমর লাক্ষ্ দিরে ঘোড়ার নিচে থেকে ছেলেটিকে টেনে বার করে নিয়ে আসে। আর একট দেরি হলে ছেলেটিরযে কি হত বলা যার না।

নরেনদের পাড়ায় এক বাড়িতে একটি বড় চাঁপা ফুলের গাছ আছে। নরেনের থেয়াল আজ দলের ছেলেদের নিয়ে ঐ গাছে চোর-বৃড়ী থেলবে। যেমন ভাবা তেমনি কাজ। সংগীদের নিয়ে নয়েন গাছে উঠে মাথা নিচের দিকে করে ঝুলে থাকে, ভাতে তাদের মোটেই ভয় করে না।

বাজির বুড়ো কর্তা দেখলেন মহাবিপদ, হুরস্ত ছেলের দল হল্লোট করে, পাড়া মাত করে গাছে উঠে বে ভাবে ঝুলে থাকে, গাছ থেকে পড়ে হাভ পা ভেঙে কথন কি বিপদই বা করে বসে কে ভানে ? বুড়ো তথন ছেলেদের ভর দেথাবার জন্ম বললেন, ওরে ঐ গাছে যে তোরা উঠিল, ওতে যে ব্রহ্মদৈত্যি থাকে জ্লানিস ? শীগগির পালা, এথনি তোদের শাড় মটকাবে।

ভূতের কথা গুনলে কে না ভর পার ? যেই না বুড়োর এই কথা বলা, সব ছেলের দল পালা পালা করে ছুটে পালাল। কিন্তু নরেন কিছুতেই গেল না। সে বললে, ভারী ভীতু তো ভোরা। আরে ব্রহ্মদৈতিয় যদি থাকে তা হলে এতক্ষণ আমাদের ঘাড় মটকালে না কেন? বুড়োর কথার ভূত এসে আমাদের ঘাড় মটকাবে, এই ভোষের বিশ্বাস হল ? ছ্যা ছ্যা, ভোরা কি রকম মানুষ বল দেখি ? একবার দলের ছেলেদের নিয়ে নরেন নৌকো করে গংগায় বেড়াতে যান। চাঁদপাল ঘাট থেকে নৌকো শিবপুরের বোটানিক্যাল গার্ডেনের দিকে চলেছে। নৌকো বছদ্র যাবার পর দলের ছেলেদের মধ্যে একজন অক্ত হয়ে হঠাৎ নৌকোয় বমি করে ফেলে। নৌকো পরিষ্কার করে দেবার জন্ম মাঝি ছমকি দিতে থাকে। ডাঙার উঠে মেথর দিয়ে পরিষ্কার করে দিছে চাইলেও মাঝি ভাদের কথা পোনে না। মারধাের করবে বলে ভন্ম দেখায়। ছেলের দল ভয়ে একজন আরেক জনের মুখের পানে ভাকায়। নরেন তখন এক ফন্দি করলে। গংগার ধারে ত্জন গোরা সেন্ত পায়চারি করছিল। নরেন তখন একলাফে নৌকো থেকে নেবে ঐ তুজন গোরা দৈলক হ হাতে ধরে ভাকা ইংলিশে বোঝাতে বোঝাতে নৌকোর কাছে নিয়ে এল। গোরা দৈলদের দেখেই মাঝি ভাদের ছেড়ে দিলে। নরেনের উপস্থিত বৃদ্ধির পরিচয় পেয়ে বন্ধুরা ভাঁকে বাহবা দিতে থাকে।

দেখতে দেখতে ছ্রম্ভ নরেন ছ বছরে পা দিলে। বিশ্বনাথ ছেলের
শিক্ষার জন্ম ভাকে ভর্তি করিয়ে দিলেন একটা স্কুলে। কিন্তু নরেন স্থলের
ছবু ছেলেদের হাব-ভাব চাল চলন সব নকল করতে লাগল। যাবা
দেখলেন, ছেলে স্থশিক্ষার বদলে কুশিক্ষাই বেশী শিখেছে। ছেলেকে স্থল
ছাড়ানো হল। বাড়িতে মাস্টার রেখে তাঁর লেখা পড়ার বন্দোবস্ত করে
দেওয়া হল।

মাস্টার যথন পড়ান নরেন চুপ করে চোথ বৃদ্ধে থাকে। মাস্টার
মশাই মনে করেন, ছই ছেলে পড়ার সময় ঘুমুদ্ধে। তিনি রেগে নরেনকে
খুব ধমক লাগান। কিন্তু সে তার দোষ খুঁদ্ধে পায় না। মাস্টার মশাই
যা পড়িয়েছেন হবছ সে বলে যায়! মাস্টার ব্যতে পারেন তাঁর ভুল।
ভিনি অবাক হন ছাত্তের স্মৃতিশক্তি দেখে, শতমুবে তার প্রশংসা করেন।
খুব ছোট বেলা খেকেই নরেনের খুব সাহস ছিল। ভাঁর সাহসের

করেকটি ঘটনা এখন ভোষাদের বলব। ছ বছর বর্ষসের সমন্ত একদিন একদল ছেলে নিরে চলেছেন চড়ক যেলার। যেলা থেকে ক্ষেরবার পথে তাঁদের
দলের একটি ছেলে কোন কারণে কুটপাত থেকে রাস্তার নেমে পড়ে, ঠিক
নলে সমন্ত একটি ঘোড়ার গাড়ি বেগে এলে ছেলেটির ওপর পড়ল। গেল গেল রবে চারদিক থেকে স্বাই চেঁটিরে উঠল। নরেন পেছনে ক্ষিরে
দেখে ছেলেটি প্রার ঘোড়ার পারের তলার পড়ে পড়ে। এমন সমন্ত লাফ্দ দিরে ঘোড়ার নিচে থেকে ছেলেটিকে টেনে বার করে নিরে আলে। আর একটু দেরি হলে ছেলেটিরযে কি হত বলা বার না।

নরেনদের পাড়ায় এক বাড়িতে একটি বড় চাঁপা তুলের গাছ আছে। নরেনের পেরাল আরু দলের ছেলেদের নিয়ে ঐ গাছে চোর-বুড়ী পেলবে। যেমন ভাবা তেমনি কাজ। সংগীদের নিয়ে নরেন গাছে উঠে মাথা নিচের দিকে করে ঝুলে থাকে, তাতে তাদের মোটেই ভয় করে না।

বাড়ির বুড়ো কর্তা দেখলেন মহাবিপদ, হুরস্ত ছেলের দল হল্লোট করে, পাড়া মাত করে গাছে উঠে বে ভাবে ঝুলে থাকে, গাছ থেকে পড়ে হাত পা ভেঙে কথন কি বিপদই বা করে বসে কে ফানে? বুড়ো তথন ছেলে-দের ভর দেখাবার জন্ম বললেন, ওরে ঐ গাছে বে তোরা উঠিদ, ওতে বে ব্রহ্মদৈত্যি থাকে জানিস? শীগগির পালা, এখনি ভোদের বাড় মটকাবে।

ভূতের কথা গুনলে কে না ভর পার ? বেই না বুড়োর এই কথা বলা, সব ছেলের দল পালা পালা করে ছুটে পালাল। কিন্তু নরেন কিছুতেই গেল না। সে বললে, ভারী ভীতু তো ভোরা। আরে ব্রহ্মদৈতিয় যদি পাকে তা হলে এতক্ষণ আমাদের ঘাড় মটকালে না কেন? বুড়োর কথার ভূত এসে আমাদের ঘাড় মটকাবে, এই ভোদের বিখাস হল? ছ্যা ছ্যা, ভোরা কি রক্ম মাহুষ বল দেখি? নরেনের কথার ছেলেদের মনে সাহস কিরে এল। তথন আবার গাছে উঠে তারা হলোট আরম্ভ করে দিল।

নাত বছর বরনে নরেনকে মেট্রোপলিটন স্থলে ভর্তি করিয়ে শেওর। হয়। সেধানেও নরেন ছেলেদের নেতা হয়ে উঠলেন।

নরেন বখন পঞ্চম মানের ছাত্র সেই সময় কলকাতার একটি বড় বুদ্ধের জাহাজ আসে। বুদ্ধের জাহাজ দেখবার জ্বন্তে কাতারে কাতার কাতারে কাতার কাতা

কাপ্তেনের বাড়ির ফটকে এসে দাঁড়াতেই ছেলেমানুষ দেখে প্রছরী তাঁকে তাড়া করলে। সংগের ছেলেরা সব ভয়ে পালিয়ে গেল। নরেনও রাস্তায় চলে এলেন। রাস্তায় দাঁড়িয়ে দাঁড়িয়ে তিনি দেখতে লাগলেন ভেজালার একটি দরে সবাই আবেদন পত্র নিয়ে যাচ্ছে আবার বেরিয়ে আবছে। তিনি ব্যুতে পারলেন যে কাপ্তেন ঐ দরে আছে।

তিনি আরো দেখতে পেলেন কাপ্তেনের ঘরের পাশ দিয়ে একটি ছোট পিঁ ড়ি বরাবর নিচেনেমেচলে এসেছে এবংতাই দিয়ে মাঝে মাঝে থানসাম। বেছারা প্রভৃতি ওঠানামা করছে। তথন তিনি সবার অলক্ষ্যে ঐ ছোট পিঁড়ি দিয়ে সাহেবের ঘরে চলে এলেন। একটা টোবলের ওপর সারেব বসে দর্থাস্তগুলো সই করে দিছিলেন। নরেন তাঁর কাগ্যমণানি সামনে ধরতেই সেধানিও লই হয়ে গেল। তথন বৃক ফুলিরে সামনের দরজা দিয়ে বেরিয়ে এলেন। প্রহরীরা নিজেদের মুধ চাওরাচাওরি করতে লাগল।

তারপর মহা আনন্দে ছেলের দল নরেনকে নিয়ে যুদ্ধের জাহাজ দেখে এল।

নরেন ছেলেদের নিয়ে কত কি থেলে—ছকি ক্রিকেট ছাড়ুড়। নরেনের আর একটি মন্ধার খেলা ছিল, ধ্যান-ধ্যান খেলা।

মাঝে মাঝে নরেনকে থুঁজে পাওয়া থেত না, সারা বাড়িতে থোঁজ-থোঁজ রব পড়ে থেত। বাড়ির আনাচে কানাচে, ঘাটেমাঠে, এ-পাড়ায় ও-পাড়ায় তাঁর থোঁজে সব হয়রান হত। শেষকালে হয়তো দেখা গেল, নরেন বাড়ির চিলে-ঘরের এক কোণে চোথ বুঁজে থানে বসে আছে।

একদিন সন্ধ্যার নরেন তাঁর এক বন্ধুকে নিয়ে ধ্যান করতে বসেছে।
এমন সমর একটা সাপ তাদের দিকে ছুটে আসতে থাকে। বন্ধুটি ওরে
সাপ সাপ বলতে বলতে ছুটে পালাল। তার চিৎকারে সবাই -ছুটে
আসে। নরেন তথনও ধ্যানে বসে অংছে, শরীর নিশ্চল নিথর। নরেনের
ভাবনায় সব টেচামেচি শুকু করে দিল।

সাপকে মারবার কথা হলে জনতার মধ্য থেকে একজন বললে, সাপকে মারা ঠিক হবে না। সাপ কি করে দেখাই যাক। আগে থেকে তাকে মারতে গেলে দে রেগে নরেনকে ভোবল দিতে পারে।

কিছুক্রণ পর সাপ আত্তে আত্তে চলে গেলে জোর করে নরেনের ধ্যান ভাঙানো হল। তাঁর মা তাঁকে বুকে জড়িয়ে ধরে বলেন, বাবা সাপকে দেখেও তোর ভয় করে না ?

বিশ্বিত হয়ে নরেন বলে,—সাপ ? কই আমি তো দেখতে পাই নি । প্রবেশিকা পরীক্ষার কয়েক দিন আগে নরেন দেখলেন যে, জ্যামিতির চার খণ্ড তাঁর পড়ার বাকী রয়েছে। মাঝে কিছুদিন শারীরিক অস্কস্থতার জারে পড়া হয় নি। মাত্র অল করেক দিন হল পড়তে আরম্ভ করেছেন। তিনি জ্যামিতিখানা নিয়ে ঘরের দরঙা বন্ধ করে প্রতিজ্ঞা করলেন, যে পর্যস্ত না জ্যামিতি পড়া শেষ হবে, সে পর্যস্ত এখান থেকে উঠবেন না। আশ্চর্যের বিষয়, একদিন একরাত্রেই তাঁর জ্যামিতি পাঠ শেষ হয়ে গেল। এমনি ছিল তাঁর জেদ ও প্রতিভা!

প্রবেশিকা পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়ে নরেন প্রেসিডেন্সী কলেন্দে ভর্তি হন। কিন্ত দিতীয় বর্ষে জেনারেল এসেমব্লি ইন্ষ্টিউপনে চলে আসেন।

কলেজে দর্শনশাস্ত্র পড়তে পড়তে নরেনের মনে প্রশ্ন ছাগে, ভগবান আছেন কি নেই ? যদি থাকেন তবে কে তাঁকে দেখেছে ? যিনি দেখেছেন যেতে হবে তাঁর কাছে। যেথানে শুনেন কোন ধার্মিক লোক আছেন, তথনি তিনি সেথানে ছুটে গিয়ে তাঁকে আকুলভাবে জিগগেস করেন, —আপেনি ঈশ্বরকে দেখেছেন ?

কেউ বলেন, না, কেউ বলেন, হাা। কেউ দেখেছি বললেই তাঁকে জিগগেস করেন, তবে আমায় দেখাতে পারেন ?

কলকাতার নিকট গংগার তীরে দক্ষিণেশ্বর কালীবাড়ি। রামকৃষ্ণ পরমহংসদেব থাকেন সেথানে। নরেনের ব্যকুলতা দেখে বন্ধুদের মধ্যে কেউ কেউ পরামর্শ দিলে, তুমি একবার দক্ষিণেশ্বরে প্রমহংসদেবের নিকট যাও।

নরেন ছেবে উড়িয়ে দেন। বলেন, শেষটায় একটা পাগলের কাছে বাব ধর্মশিকা করতে।

ঘটনাচক্রে নরেন যে পাড়ার থাকতেন, সেপাড়ার স্থরেক্রনাথ মিত্রের বাড়িতে ঠাকুর রামক্রফ একদিনবেড়াতেআসেন। ঠাকুরগানগুনতে ভাল-বাসেন, তাই মিত্তির মশাই নরেনকেধরেএনেছেন গান শোনাবার জ্ঞে। গান যতক্ষণ হয় ঠাকুর নরেনের দিকে চেয়ে থাকেন) গান শেষ হলে নরেনের কাছে এগিয়ে তার পিঠে হাত ব্লোতে ব্লোতে ব্লোতে ব্লোক্ত্রিল্রে বললেন,—তুমি একদিন দকিণেশ্ব যাবে ?

নরেন প্রথমে হাঁা না কিছুই বললেন না। পরে একদিন যেতে রাজী হলেম।

কিছুদিন পরে নরেন তাঁর এক আত্মীয়ের সংগে দক্ষিণেখরে ঠাকুরের সংগে দেখা করতে যান। পরমহৎসদেব নরেনকে দেখেই বছদিনের পরিচিত ব্যক্তির স্থায় ব্যবহার করতে লাগলেন।

তারপর থেকে নরেন দক্ষিণেশ্বরে প্রায়ই যাওয়া আসা করেন। বি-এ পাশ করার পর হঠাৎ তাঁর বাবা মারা যান।

পিতার মৃত্যুর পর নরেন দেখলেন বাবা যা কিছু উপার্জন করেছিলেন, তার সবই থরচ হয়ে গেছে। কাজেই অতি অল্প দিনের মধ্যেই সংসারে দোরতর দৈতা দেখা দিলে।

দিনের পর দিন অর্ধাহারে, অনাহারে অথবা নামমাত্র থাছ গ্রহণ করে তিনি কলকাতার পথে ঘুরে ফিরে দেখতে লাগলেন, কোথাও চাকরি পাওয়া বায় কিনা? কিন্তু কোথাও একটা সামান্ত চাকরি জুটল না। চোধের ওপর মা ভাই বোনদের কট তার আর সহু হল না।

১৮৮৬ পালে ঠাকুরের দেহভ্যাগের পর সবাই বে ধার বাড়ি ক্ষিরে গেল, কিন্তু ফিরলেন না বারজন যুবকশিয়া, ত্যাগমন্ত্রে দীক্ষিত হয়েছেন বারা।

বরানগরে একটি ভাঙা পোড়ো বাড়ি ভাড়া করা হল। সে বাড়িকে সকলে ভূতুড়ে বাড়ি বলত। এই ভূতুড়ে বাড়িডে গুরুভাইদের নিয়ে নরেশ্রনাথ কঠোর বাধনার মগ্ন হলেন।

শেখানে কোনদিন তাঁদের একবেলা ভাতজোটেতো অস্ত বেলাজোটে

না। আবার কোনদিন ভাত না জুটলে শুধু তেলাকুচোর পাতা সেদ্ধ থেরেই আনন্দে দিন কাটিরে দিতেন। এত কটের মধ্যেও তাঁরা হর হর, বন্ বন্ অনন্দে দিনরাত মেতে থাকতেন। এই কঠোরভার মধ্যে সবার জীবনের লক্ষ্য ছিল, নিজেদের মামুব গড়ে ভুলে ভগবদ ভাবে বিভোর হরে থাকা।

बहानगत मर्क नरतल्याथ छक्रछारेरावर निरंत्र महाांत्र खर्ण करत्रन ।

নরেক্রমাথ বরানগর মঠ থেকে তীর্থ পর্যটনে বের হন। কথনও গাছতলায়, কথনও মাঠে, কথনও পাহাড়ের গুহায় ভিক্নামাত্র সম্বল করে সায়া ভারত তিনি ঘূরে বেড়িয়েছেন, হিমালয় হতে কস্তাকুমারিকা পর্যস্ত কোন হান বাদ দেন নি। ক্রমে ঘূরতে ঘূরতে মাদ্রাজ্বে এসে উপস্থিত হন। সেখানে এসে আমেরিকার শিকাগো ধর্ম-সম্মেলনের কথা শুনতে পান।

শাত সমুত্র তের নদীর পারে আমেরিকার শিকাগো শহর। পৃথিবীর সর্ব ধর্মের লোকদের নিয়ে চলেছে ধর্ম মহা সম্মেলন।

আমেরিকার ভারতের শক্রগণ প্রচার করেছিলেন হিন্দুধর্ম ধর্ম-ই নর। হিন্দুজাতি অশিক্ষিত বর্বর, আরো কত কি। তথনকার দিনে ভারতবাদীরা বিদেশে না পেত আদর, না পেত সন্মান। হিন্দুধর্মের কোন প্রতিনিধিকে তাই এই এই বিশ্বধর্মসন্মেলনে নিমন্ত্রণ করা হন্ন নি।

ভারতের এই অসম্মানে নবীন সন্ন্যাসীর উদার অন্তর কাতর হল।
মাদ্রাজ্যের অনুরক্ত কয়েকজন যুবক ভক্ত তাঁকে আমেরিকান্ন গিরে ধর্ম
মহাসভার ভারতীয় ধর্মের শ্রেষ্ঠতা প্রচার করতে অন্তরোধ করেন। তারা
সমস্ত ব্যস্তার বহন করেন। হিন্দুরালা মহারাজ্যারাও তাঁকে মুক্ত হত্তে
সাহায্য করে ধন্ম হলেন।

১৮৯৩ সালের ৩১শে মে স্বামী বিবেকানন্দ পেনিন্তুলার জাহাজে

আরোহণ করলেন। জাহাজ ছেড়ে দিলে। স্বামীকী ডেকের রেলিঙ ধরে দাঁড়িয়ে ধীরে-ধীরে-মিলিয়ে-বাওয়া তীরভূমির দিকে চেয়ে রইলেন।

জাহাজ বর্ণাসময়ে আমেরিকার তীরে নোঙর করলে। স্বামীজী আমেরিকার মাটিতে পা দিলেন।

বন্ধুহীন দেশে অচেনা অঞ্চানা পরাধীন ভারতবাসীকে কে দেবে স্থান ? কোন হোটেলেও তাঁর স্থান জুটল না। সারাদিন বিছু থাওয়া হন্ত নি। যুরতে যুরতে এসে এক রেল ফৌশনে কোন প্রকারে রাত কাটালেন।

পর দিন সকালে একটা পথ ধরে হাঁটতে আরম্ভ করলেন। পথক্লাস্থিতে ও ক্ষুধার শরীর অবসন্ধ হয়ে এল। পথের পাশে বসে বিশ্রাম করছেন এমন সমন্ত্র সন্ত্রান্ত ঘরের একজন মহিলার সংগে আলাপ হতে তিনি তাঁর বাভিতে স্থামীজীকৈ নিয়ে বান।

সেই ধনী আশ্রম্পাতা মহিলার সাহাব্যে ক্রমে তিনি শিকাগোধর্ম মহাসম্মেলনে উপস্থিত হলেন। বহু অন্থরাধের পর স্বামিজী সেই সভায় বক্তৃতা দেবার স্থযোগ পান। যথন তিনি বক্তৃতা দিতে উঠলেন, তাঁর অপরিচিত পোষাক দেখে প্রথমে সকলেই বিশ্বিত হয়ে গেল। 'আমেরিকাবাদী বোন ও ভাইরা' বলে সংখাধন করতেই সকলে আনন্দে নেচে উঠল।

ষকৃত। করেক মিনিটের মধ্যেই শেষ করতে হল। বকৃতা শেষ হলে পরে আনন্দে অধির শ্রোতাদের করতালিতে সভাগৃহ তোলপাড় হতে লাগল।

আমেরিকার লোকেরা ধর্মালোচনা শুনেছে বহু, কিন্তু এমন মর্মস্পর্শী বাণী আর কথনও শোনে নি।

স্বামীজীর অমৃত্যন্ত্র বাণী তাঁদের অন্তর স্পর্শ করেছে। ভারতবর্ষ আমেরিকার হৃদের জন্ম করলে। আমেরিকার চোধে আজ ভারতের নতুন মানচিত্র কুটে উঠেছে। ভারতমাতার বীরসস্তান বিবেকানদের দারা জগৎ সভায় ভারতের শ্রেষ্ঠ আসন স্থাপিত হল।

স্বামীক্ষী ভারতবর্ষকে কত ভালবাসতেন। এথানে তার একটি ঘটনা উল্লেখ করব,তাভেই বুরতে পারবেদেশের জন্ম তাঁর প্রাণকতটা ব্যাকুলহত।

শিকাপোর ধর্ম মহাসভা সবে মাত্র শেষ হয়েছে। কাগজে পথে ঘাটে সর্বত্র বিবেকানন্দের নাম। এক কোটিপিভির বাড়ি থেকে ভিনি নিমন্ত্রণ পেলেন। বিবেকানন্দকে পত্যিই তিনি পূব সমাদর ও ষত্র করলেন। বছ দামী দামী জিনিসে সাজানো অতি অপূর্ব ঘরে তাঁর থাকবার ব্যবহা হল। সেই ঘরের আলো, বিছানা এবং অস্থান্ত সব জিনিসপত্র দেথে বিবেকানন্দ সত্যি থ্ব আশ্চর্ম হয়ে গেলেন। ভারতের হঃথ কপ্তের ছবি বার বার তাঁর মনে ভেসে উঠছিল। চোথের জলে তাঁর বালিশ ভিছে উঠল। বিছানা হেড়ে তিনি উঠে পড়লেন ও থোলা জানালার ধারে গিয়ে দাঁড়ালেন। গভীর রাত্রে নিস্তব্ধ আলোর-মালা-পরা শিকাপো সহরকে এক স্বপ্রেরী বলেই মনে হচ্ছিল। কিন্তু ভারতের হুঃথ গুর্দশার ছবি তাঁর মনে আরও তীব্রভাবে জেগে উঠল। তিনি আর দাঁড়াতে পারলেন না, মেজেতে পড়ে ছট ফট করতে লাগলেন। ভারতের লোক ছ বেলা ছমুঠো থেতে পার না আর এদেশে টাকার ও ভোগবিলাসের ছড়াছড়ি। তিনি বলতে লাগলেন, আমার মা হথিনী ভারত, তোমার এত ত্র্দশা।

ভারতকে, ভারতবাপীকে অনেকেই গভীরভাবে ভালবেসেছেন। কিন্তু বিবেকানন্দের মত কয়জন ভালবেসেছিলেন বলতে পার ?

আমেরিকার হু বছর ধর্মপ্রচার করার পর স্বামীজী ইংলত্তে আসেন। ইংলত্তের ধর্মপ্রাণ নাগরিকগণ্ও তাঁর খুব সমাদ্র করেন।

এখানেই সামীজীর সংগে মার্গারেট নোবলের পরিচয় হয়। এই নোবলই নিবেদিতা নামে পরিচিত। লওনে স্বামীজীর কাজে সাহায্য করার জন্ত তিনি স্বামী অভেদানন্দকে ডেকে পাঠাগেন। স্বামী অভেদানন্দ লণ্ডনে এনে পৌছলে তাঁর হাতে ইউরোপ ও আমেরিকার কাজের ভার দিয়ে ভিনি ভারতে ফিরে আসেন।

ভারতে কিরে এসে গুরুভাইদের নিয়ে তিনি একটা সংঘ গড়ে তোলেন। সেই সংঘের নাম, রামকৃষ্ণ সংঘ। এই সংঘই পরে গামকৃষ্ণ মিশনে পরিণত হয়, আর বেলুড় মঠ হল তার প্রধান কেন্দ্র।

শ্বামীজীর আহ্বানে দারা ভারতে একদল নতুন মান্ত্র জেপে উঠল, বারা নরনারারণ স্বোর জীবন উৎসর্গ করতে ক্রতসংকর। সারা বিশ্ব আজ্ব তক্ষণ সন্ন্যামীর মহিমায় মুখর হয়ে উঠল। এইভাবে ভারতের প্রতি প্রদেশে এবং ভারতের বাইরে বছদেশে রামক্ষক মিশন গড়ে উঠল।

ভারতের নরনারীকে স্নেহের বন্ধনে আবদ্ধ করে স্থামিজী যে বাণী প্রচার করে গেছেন, তাঁর একটি বাণী এখন তোমাদের শোনাচ্ছি,— তোমার মাতৃভূমি বীর সস্তান চাইছেন, তোমরা বীর হও। জিশবর তোমাদের আশীর্বাদ করুন।

মানুষের হুংথে মর্মাহত হয়ে যে অগ্নি-বাণী তুমি জারতবাসী তথা জগংবাসীকে শুনিয়ে অমৃতলোকে প্রস্থান করেছ, তোমার সেই বাণী শারণ করে হে তরুণ তাপদ, তোমায় জানাই আমাদের কোটি কোটি প্রণাম।

यागी बन्नानम

বাংলার একট ছোট গ্রাম সিকরা। চব্বিশ প্রগণা জ্বেলার বসিরহাট মহকুমায় তার অবস্থান। গ্রামটি রেল ফেটশন থেকে বেশী দূরে নয়।

চারদিক ধানজমিতে ভরা। গ্রামটি দেখতে ভারী স্থানর। গ্রামের স্থানে বাদ বড় বড় পুকুর। বট, অখথ ও আম গাছের ডালে ডালে পাখিদের আনন্দ কলরব জেগে উঠেছে। ঘরের চালে চালে কাক ডেকে যাচ্ছে, কাকা।

গ্রামের মাঝধানে দাঁভিয়ে ফুলে ফলে হান্দর একথানি বাঁভি। বাঁভিটি বেশ বড়। পথে যে কোন লোককে জিগগেস করলে বলে দেয়, এটি হল আনন্দমোহন বাবের বাড়ি।

আনন্দমোংন বাবু গ্রামের একজন নামকরা জমিদার। সে অঞ্চলের স্বাই তাঁকে ভালবাদে ও শ্রনা করে।

আনন্দমোহন বাবুর স্ত্রী কৈলাসকামিনী দেবী রোজ ভগবান এক্তিঞ্চর পুজো করেন আর প্রাথনা করেন, বাবা, মনের মত একটি ছেলে দাও।

বার শ উনসন্তর সালে একদিন জমিদার বাড়িতে আনন্দের রোল উঠল। বাড়ির কর্তা আনন্দমোংনের একটি থোকা হরেছে। প্রথম সস্তান। তাই মংগধ্মধামে উৎসব চলেছে। পাড়ার ছেলেরা মহাহুল্লটে নাচ গান করে আর আমোদ করে মুড়ি মুড্কি থায়।

কেষ্টঠাকুরের কাছে মানত করে ছেলেকে পেল্লেছেন, মা আদর করে তাই নাম রাধলেন রাধাল।

খুব শান্ত শিষ্ট ছেলে রাথাল। ফুলের মত ফুল্বর আর মাধনের মত লবম তারে শ্রীর। তামের মেরেরা কোলে নিম্নে তাকে আদ্র করে, ভাল ভাল ধাবার এনে থাওয়ায়। ছেলেবেলার লোকে হাড়ুড়ু, ফুটবল, হকি কত কি থেলে, কিন্তু রাথালের এ সব থেলা মোটেই ভাল লাগে না। তিনি টুকিপাটি, নাম্বন প্রভৃতি গ্রাম্য থেলাই বেশী পছন্দ করেন। তাঁর আর একটি মন্দার থেলা ছিল কালী পূজো।

রাখালদের বাড়ির পুকুর পাড়ে একটি কালীমন্দির ছিল, আর সেই মন্দিরের নিকটেই বোধনতল। বোধনতলাটি ভারী ভাল লাগে তাঁর। নির্দ্দন স্থান, মাঝে মাঝে ছু একটি পাখির ডাক সে নির্দ্ধনতা ভংগ করে।

রাধাল থেলাধ্লো নিধে পড়ে থাকে বোধনতলার। মাটি দিয়ে কালী ঠাকুর তৈরী করে পূজারীর পোষাক পরে বলে পুজো করেন। আবার কথনও কথনও কলা বা কচুর ডাঁটা দিয়ে পাঠা তৈরী করে মা কালীর সামনে বলি দিতেন। এমনও দেখা গেছে বন্ধুদের মধ্যে কাউকে পুজোর আসনে বসিয়ে পুজো করতে বলে নিজেই জয় মা বলে পাঠা বলি দিতেন।

এ সব খেলা নিয়েই রাখাল মেতে থাকেন।

লেখাপড়া শেখার স্থােগ হল।

রাথাল বীরে বীরে বড় হতে লাগলেন, ক্রমে পাঁচ বছর বয়দে পড়লেন।
এই বয়দে ছেলেকে স্থলে দেওরা প্রয়োজন। গ্রামে কোন ফুল বা পাঠশালা
নেই যেথানে রাথালকে পড়তে দেওয়া যার। বড়ই চিস্তায় পড়লেন তাঁর বাবা।
পরে আনন্দমোহন নিজেই গ্রামে একটি পাঠশালা থুললেন। পাঠশালার
সমস্ত পরচ নিজে চালিয়ে নিয়ম করে দিলেন, এই স্থলে সকলেই ফ্রিপড়তে পারবে। কাউকে দেওন দিতে হবে না। গ্রামে গরিব ছেলেদের

রাথালকে পেই পাঠশালায় ভতি করিয়ে দেওয়। হল। রাথালের স্বভাব খুব শাস্ত ও সরল, তা আগেই বলেছি। তিনি স্কুলে সকলের সংগে সরলভাবে মিশতে লাগলেন। তার মধুর ব্যবহারে সকলেই তাঁকে খুব ভালধানে। শিক্ষমশাইরাও তাঁকে অন্তর দিয়ে মেহ করেন। স্থূলে ভাল ছেলে থাকে, মন্দ ছেলেও থাকে, আর কতক ছেলে থাকে ভারী হুষ্টু, । ছুষ্টু ছেলেদের জালার মাস্টাররা অস্থির হয়ে পড়েন। তাদের জালার মান্টাবদেব ধৈগের বাঁধ ভেঙে যায়, তাঁয়া করেন তথন প্রহার।

রাথালদের ক্লাসে একদিন একটি ছেলে ভারী ছাইুমি আরম্ভ করণে। ছেলেটিকে ধমক দিয়ে, ব্ঝিয়ে, কত চেষ্টা করেও শিক্ষক তাকে কিছুভেই শাস্ত করতে পারলেন না। তথন তাকে দিলেন ক্ষেত্র ঘাবেত। বেতের চোটে সে ভাগা ভাঁগ করে কাদতে লাগল।

রাথালের মনটি ছিল অত্যন্ত কোমল। পরের ত্রংথ তিনি মোটেই সইতে পারতেন না। ক্লাসের সেই ছেলেট যথন কেঁলে উঠল, তথন তার সংগে তিনিও কেঁলে ওঠেন।

মাস্টারবা দেখলেন, মহা মুশ্কিল। এর জ্ঞা তো আর কোন ছেলেকে বেতমারা যাবে না দেখছি।

তারপর থেকে সেই স্কুলে বেতমারা বন্ধ হয়ে যায়। রাথালের জ্বন্তে সব চেলেরা মান্টারদের কঠোর শাসনের হাত থেকে বাঁচল।

রাথালের জ্যেষ্ঠা মশাই ছিলেন বদরাগী মাত্রয়। সামাত্ত কারণেই উঠতেন রেগে। জ্ঞমিদার রাগা হলে প্রজারা পাকে ভয়ে ভয়ে।

জ্যেঠা মশাইয়ের মায়ের প্রান্ধ।

ভারে ভারে দই ক্ষীর সব আসতে লাগল। সবাই যে যার কাঞ্চে ব্যস্ত। রাধাল ছোট ছলেও ঘুরে ঘুরে সব দেথতে লাগলেন।

রাধাল দেখলেন, দই ক্ষীর আসছে সব গরিব গয়লাদের বাড়ি থেকে।
ভারা ভোঠামশাইএর ভয়ে এ সব দিছে বটে, কিন্তু দিতে তাদের খুবই
কষ্ট হচ্ছে গয়লাদের ছংখে বাথিত হয়ে রাথাল ছুটে গেলেন
জোঠামশাই-এর কাছে।

—জ্যোঠামশাই, এ আপনার মার শ্রাদ্ধ হচ্চে, না গরলাদের মার শ্রাদ্ধ

হচ্ছে ? এভাবে গরিবদের মেরে কি আপনার মার আত্মার কল্যাণ করতে পারবেন ? বলেই রাধাল তাঁর সমুধে একে দাড়ালেন;

বড় ঘরের ছেলে হয়েও রাথালের প্রাণ কত উদার ছিল ও পরের ছঃথে কিরূপ কাতর হতেন, তা বুঝতে পাচ্চ:

জ্ঞ পক্ষের চাঁদের মত রাথাল ধীরে ধীরে বাড়তে লাগলেন। গ্রামের পড়া শেষ হলে জাঁর বাবা কলকাতায় এনে তাঁকে ট্রেলিং একাডেমিতে ভর্তি করিয়ে দিলেন। পড়াশোনার থ্ব হ্যনাম করতে না পারলেও কোনদিন কোন পরীক্ষায় তিনি ফেল করেন নি কিছা।

কলকাতায় এসে তাঁর বন্ধু বান্ধব ভূটল বহু, কিন্তু এদের কার্কর সংগে মিশে তিনি আনন্দ পান না। প্রামের সেই কালীমন্দির আর বোধনতলায় তাঁর মন পড়ে থাকে। সহরের ছেলেদের চালচলন তাঁর মোটেই ভাল লাগে না। তাই কার্কর সংগে না মিশে একা একা বদে থাকতেই তাঁর ভাল লাগে।

একাডেমি স্থলের নিকটে একটা ক্লাব আছে। ক্লাবে আনেক ছেলে ব্যায়াম করতে আসে। রাধালের ব্যায়াম করতে খুব ভাল লাগে। পাড়ার ক্লাবের কথা ভনে তিনি সেই ক্লাবে ভর্তি হলেন এবং ব্যায়াম করতে আরম্ভ করলেন।

সিমলা পাড়া থেকে আর একদল ছেলে ব্যায়াম করতে সেই ক্লাবে আসত। নরেন্দ্রনাথ হলেন সেই দলের নেতা। রাথাদের সংগে নরেনের অল্ল দিনের মধ্যেই খুব ভাব হল্পে গেল। নরেন্দ্রনাথের কথা আগেই বলেছি।

হোগল কুঁড়ের অম্বুত্ত একটি কুল্তির আথড়া খুললেন। সেই আথড়ায় নরেন, রাথাল প্রভৃতি ছেলেরাও এলে জুটল। কুল্তি লড়া রাথালের একটা সথের থেলা। কুল্তিতে তিনি থুব ওস্তাদও ছিলেন। নরেন ও রাথালের খুব ভাব জমে গেছে তা আগেই বলা হয়েছে।
তারা স্বাই মিলে কত কি খেলেন। তাঁদের সথের খেলার মধ্যে আর
একটি মলার খেলা ছিল ঘোড়ার চড়া। তাঁরা যে ঘোড়াটি চড়তেন সেটা
হল টাটু,ঘোড়া। ঘোড়াটা সাদা, বর্মী ঘোড়া। তাঁরা ঘোড়াটির নাম
দিয়েছিলেন, পেগু ঘোড়া।

নরেন, রাথাল, মহিম প্রভৃতি ছেলের দল স্থূল থেকে এলে বিকেলে বোড়ার চড়তে বেতেন। আট দশজন ছেলে মিলে ঘোড়ার নাক, কান বা ঝোঁটন ধরে রাথত, যাতে সে নড়তে না পারে। তারপর নরেন ও রাথাল পালাক্রমে ঘোড়ার চড়তেন।

ঘোড়ার পিঠে উঠে বসার পর সকলে মিলে ঘোড়াটাকে রথ টানার মত করে রান্তায় ঘোরানো ফেরানো হত।

রাথাল যথন ঘোড়ার চড়ে বসতেন তথন সকলে মিলে হাততালি দিয়ে হাসতেন, কারণ রাথাল বেঁটে ও মোটা, ঘোড়াটাও বেঁটে এবং মোটা সোটা। তাই দেখতে তাদের ভারী মন্ধা লাগত। দেজ্জ সকলে এই নিয়ে থুব হাসি তামাসা করতেন। এটি তাঁদের খুব আমোদের খেলা ছিল।

দক্ষিণেখর কালীমন্দিরে রামক্লফদেবথাকেন। রামক্লফের কথা আগেও কিছু বলেছি। তাঁর কাছে উপদেশ শোনার জন্ম রোজই কত শত লোক বাতায়াত করে। মনোমোহন নামে রাথালের একজন আত্মীর রামক্ষের কাছে আসতেন। মনোমোহন বাব্র সংগে রাথালও এক্লিন দক্ষিণেখ্রে বান।

রামক্কদেব রাধালকে দেখতে পেয়েইবছদিনের পরিচিত ব্যক্তির মত আলাপ করতে থাকেন। তাঁর সরল ব্যবহারে রাধাল মুগ্ধ হলেন। রাধাল আর কোনদিন এরপ ভাল ব্যবহার কারুর কাছে পান নি।

রামকৃষ্ণদেব রাথানকে বলতেন, ত্রজের রাথাল। ত্রজের রাথাল কাকে

বলে জ্বান তো ? ভগবান শ্রীক্ষের আর এক নাম ব্রঞ্জের রাখাল: শ্রীকৃষ্ণ বৃন্দাবনে রাখাল সেজে গরু চরাতেন। আর রাখাল ছেলেদের: সংগে খেলা করতেন।

রামক্ষণের রাধালের সংগে ছোট ছেলের মত থেলা করতেন।
তিনি নিজে ঘোড়া হরে তাঁকে পিঠে নিরে ঘোড়া-ঘোড়া থেলতেন।
তাঁদের থেলা দেখলে মনে হত যেন বাপ ছেলেকে নিয়ে আদরের থেলা
থেলছেন। যশোদা যেরপ কৃষ্ণকে গোপাল-গোপাল বলে ননী মাধন
থাওয়াতেন, রামকৃষ্ণদেশও সেরপ রাধালকে গোপাল-গোপাল বলে
ডাকতেন আর ক্ষীর মাধন থাওয়াতেন।

রামক্ষণেবের দেহত্যাগের পর রাখাল বুন্দাবনে চলে যান। বুন্দাবনে কতদিন নানা আবায়গায় খুরে খুরে বেড়ান তারপর ব্যানগর মঠে গুরুতাইদের সংগে মিলিত হন।

বরানগর মঠে তিনি সন্ত্যাস গ্রহণ করেন। তাঁর সন্ত্যাস নাম •হল স্বামী ব্রস্থানন্দ।

স্বামী এক্ষানন্দ কঠোর তপস্বী ছিলেন। মগুরা, বুলাবন, জালামুথী প্রভৃতি স্থানে তিনি অনেকদিন ওপস্থাতে দিন বাপন করেছেন।

স্বামী বিবেকানন্দ আমেরিকাথেকে ফিরে এসে বেলুড় মঠ প্রতিষ্ঠা করেন। একথা আগে আর একবার বলেছি। তিনি বেলুড় মঠের অধ্যক্ষ নিজে নাহয়ে হামা একানন্দকে করেন।

বেলুড় মঠের অধ্যক্ষ হবার পর স্বামী ব্রস্কানন্দকে মঠের সকলেই রাজা মহারাজ বলে ডাকতেন।

পরিপ্রাক্তক অবস্থার স্বামী ব্রহ্মানন্দ অনেকবার পুরী, ভূবনেশ্বর গিরেছেন। ভূবনেশ্বর নির্জন ও শিবমন্দিরের জন্ম বিধ্যাত। এটি একটি পীঠস্থানও বটে। এই জারগাটি রাজা মহারাজের খুব ভাল লাগত। বেলুড় মঠের অধ্যক্ষ হবার পর দেখলেন নতুন সাধু ব্রহ্মচারীদের সাধন ভজন করার কোন নিজন স্থান নেই। তাই তিনি ভ্রনেখরে একটি আশ্রম করবেন বলে মনে মনে ঠিক করলেন। কিছুদিন পর ভ্রুমনেখরে গিয়ে এক খণ্ড জমি সংগ্রহ করেন। সেই জমির ওপর তিনি একটি মঠ প্রতিষ্ঠা করেন। মঠিট ভারী স্থন্দর। তুল আর ফলের গাছে সাজানো গুছনো এক প্রকাণ্ড জমির ওপর তৈরী। বাদ ভালুকের অভ্যাচারের হাত থেকে রক্ষা পাবার জন্মে চারদিকে দেয়াল দিয়ে ঘেরা। তোমরা ভ্রনেখর বেড়াতে গেলে রাজা মহারাজের মঠিট দেখে এস।

কে কি করছে, কার কি হল, ওদব দেখবার বা ভাববার কিছুমাত্র দরকার নেই। ভূমি নিজে ঠিক পথে এগিরে চল। লক্ষ্য ঠিক রেখে ভোমার গঞ্জবা পথে চলে যাও।

স্বামী অভেদানন্দ

প্রায় যাট বছর আগেকার কথা:

বরানগরে গংগার তীরে একটা পোড়ো বাড়ি। বাড়িট দোতালা।
ওপরের ঘরগুলো হুমড়ি থেরে যেন মাটির দিকে চলে পড়েছে। নিচের
ভিজে অন্ধকার ঘরগুলোতে বাপ, গিরগিটি আর ইঁরুরের রাজত্ব। বকলেই
একে বলে ভুতুড়ে বাড়ি। ভূতের ভরে দিনের বেলাতেও দেখানে বেতে
কেউ বাহস করে না। এই ভূতুড়ে বাড়িতে একদল নবীন সন্ন্যাসী ডেরা
বেংছে। পরে এই ভূতুড়ে বাড়িকে লোকে বরানগর মঠ বলত।

গ্রুমকাল।

হুপুরের রোদে বালি গরম হয়ে ঝাঁ ঝাঁ করছে। গরম বালির ওপর একজন তরুণ সন্ন্যাসী মরার মত চোথ বুঁজে পাছড়িয়ে শুরে আছেন। তাঁকে এরকম অবস্থায় দেখে সকলেই মনে করে, তিনি মারা গেছেন। একজন ছুটে গিয়ে ভূতের বাড়ির সন্ন্যাসীদের ধবর দিলে, তাদের একজন মরে শুকিরে রাস্তায় গরম বালির ওপর পড়ে আছেন।

সন্ন্যাসীরা ছুটে বাইরে এসে দেখেন তাঁদের গুরুভাই কালী শুরে ধ্যান করছে।

কালী ঐ রকম কঠোর তপতা করেন। কথনও কথনও মঠের একটা বরে সমস্ত দিন দরজা বন্ধ করে শাস্ত্রণাঠ ও গভীর ধ্যানে নিজেকে হারিরে ফেলেন। তাই তাঁর নাম হল কালীতগন্ধী।

এই কালীতপন্ধীই স্বামী অভেদানন্দ নামে পরে জগতে পরিচিত হন।

১৮৬৬ সালের কথা। নিমুগোস্বামী লেনে রসিকলাল চন্দ্রের বাড়ি। রসিকলালের স্ত্রী নম্নতারা দেবী প্রত্যন্থ মা কালীর পূজো করে প্রার্থনা করেন,—মা, ছেলের মত যদি ছেলে দাও, তবে বুক চিরে রক্ত দিয়ে তোমার পূজো করব।

মা কালী মায়ের কাতর প্রার্থনা শুনলেন।

১৭ আখিন, রাত ৯টায় রসিকলালের বাড়িতে শাঁক বেজে উঠল। পাডার মেয়েরা দলে দলে দেখতে এল নয়নতারার খোকাকে।

সকলে অবাক, কই ছেলে তো কাঁদে না। হাত পা সব নাড়ি দিয়ে জড়ানো, চোথ বন্ধ। ধাই মা বলে, এ সাধারণ ছেলে নয়। এ নিশ্চয় কোন যোগী মহাপুরুষ। ভগবান একে কি জানি কেন পাঠিয়েছেন স্ এখনও সে শিশু ধ্যান করছে, তাই তার চোথ বন্ধ।

তারপর ছেলের চোথে লংকার গুড়ো দিরে কাঁদিরে চোথ খোলা ছল। মাকানীর মানত করে ছেলেকে পেরেছেন বলে মা তাঁর নাম রাথলেন কানীপ্রসাদ।

পাঁচ বছর বয়সে কালীপ্রসাদকে হাতে খড়ি দিয়ে লাহাপাড়ার গোবিন্দ নীলের পাঠনালায় ভতি করিয়ে দেওয়া হল। এই স্কুল ছেড়ে তু বছর পরে কালীপ্রসাদ আহিরীটোলার যহ পত্তিতের বংগ বিভালয়ে ভতি হন এবং দশ বছর বয়সে সেথান থেকে বিখ্যাত স্কুল ওরিয়েণ্টাল সেমিনারিতে প্রবেশ করেন।

কালীপ্রসাদ অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি সব প্রীকাতেই প্রথম হতেন। কথনও কথনও ডবল প্রমোশনও প্রেছেন। শাস্ত-স্থভাবও মধ্র ব্যবহারের ধারা তিনি সকলের হৃদয় জয় করেছিলেন। শিক্ষকগণ তাকে প্রাণভরে আশীর্বাদ করতেন আর সহপাঠী বৃদ্ধা তাঁকে অন্তর দিয়ে ভালবাসতেন।

শংস্কৃত পড়তে কালীপ্রসাদের খুব ভাল লাগত। স্কুলে যা সংস্কৃত পড়ানে

হত, তা ছাড়া তিনি অবসর মত হাতিবাগানে একটা টোলে সংস্কৃত পড়তে যেতেন। দেখতে দেখতে অতি অল্পদিনের মধ্যেই তিনি রঘুবংশ, কুমার-সম্ভব এবং ম্গ্রবোধ ব্যাকরণের মত কঠিন সংস্কৃত ব্যাকরণ মৃথস্থ করে ফেললেন।

পরে ছলোমঞ্জরী প্রভৃতি সংস্কৃতছনের বই পড়তে পড়তে নিজেই লোক রচনা করতে আরম্ভ করেন। এত অল্প বয়সে তাঁর অম্ভৃত প্রতিভার পরিচয় পেয়ে শিক্ষকনশাই অবাক হয়ে যান।

ধরিরেন্টাল সেমিনারীতে কালীপ্রসাদ ডুইং ক্লাসের ছাত্র ছিলেন। প্রাকৃতিক দৃশ্ম হতে ছবি আঁকার অভ্যাস করতে হত। ছবি আঁকাতে তাঁর অঙ্কৃত শক্তির পরিচয় পেয়ে শিক্ষক মশাই তাঁকে যন্ত্র করে ছবি আঁকা শেখাতে লাগলেন।

একদিন হঠাৎ কালীপ্রসাদের মনে হল, আমি চিত্রকর হতে চাই না, আমি চাই দার্শনিক হতে। একথা মনে আসতেই তিনি ছবির স্লাদে যাওয়া বন্ধ করে দিলেন।

ছবির মাস্টার তাঁকে জিগগেস করলেন, তুমি কেন ছবির **জাসে** আমাস না?

তিনি বললেন, আমি দার্শনিক হতে চাই। তাই ভাবছি ছবি আঁকা শিথে কি হবে প

- —একজন চিত্রকর একজন দার্শনিকের চেয়ে অনেক বড়। বড় হতে হলে তোমার এই চিত্রবিভা শেখা দরকার। তুমি চেষ্টা করলে ভবিয়াতে বড় চিত্রকর হতে পারবে।
- কিন্তু চিত্রকর কেবল বাইরের জিনিসের ছবিই আঁকিতে পারে। ভেতরের বিষয় সে কিছুই জানে না। সে কি'ও 'কেন'-র জবাব দিতে পারে না। কিন্তু দার্শনিক তা পারে, সে বস্তুর মূল কারণ জানে।

- —তা হলে তোমাকে চিত্রকরও হতে হবে আবার দার্শনিকও হতে হবে।
- —তা হতে পারে না। একজন লোক ছজন প্রভুর সেবা করে তজনকেই সম্ভুষ্ট করতে পারে না।

ছাত্রের এই উত্তর শুনে শিক্ষক শুন্তিত হলেন কি**ন্ত**ু চুপ করে থাকলেন আরু মনে মনে আশীর্বাদ করলেন।

১৮৮৩ সালের একদিন।

বিখ্যাত পণ্ডিত শশধর তর্কচ্ছামণি মশাই আজ এলবার্ট হলে যোগ সম্বন্ধে বক্তৃতা করবেন। ঋষি বৃধ্বিমচন্দ্র সেই সভার সভাপতি। এলবার্ট হলে আজ লোক ধরে না। কালীপ্রসাদ ভীড়ের মধ্যে একটু জায়গা করে নিলেন।

পণ্ডিত চ্ডামণি মশাইএর যোগের সরল ব্যাখ্যা শুনে কালীপ্রসাদের যোগ শেখবার প্রবল বাদনা হল। যোগ শিখতে হলে চাই শুক। যোগ সাধনা শিক্ষা যিনি দেবেন, তিনি ভগবানকে দর্শন করেছেন এমন লোক হওয়া চাই। এমন লোক জগতে বিরল। গুকর সন্ধানে কালীপ্রসাদ অভির হয়ে উঠলেন। সহপাঠা বন্ধু যজেখরের মূথে তিনি শুনলেন শ্রীরামক্ষকের কথা।

একদিন রবিবার পায়ে হেঁটে কালীপ্রসাদ দক্ষিণেশ্বরে উপস্থিত হলেন। ঠাকুর শ্রীরামক্তফের সংগে দেখা হল। কিছুদিন কথাবার্তার পর তিনি ঠাকুরকে তাঁর বোগ সাধনা শিক্ষা করার ইচ্ছা জানালেন।

— তুই তো পূর্বজনে যোগী ছিলি। সিদ্ধিলাভের অল্প বাকী ছিল। এই তোর শেষ জন্ম। আয়, তোকে যোগ সাধনের উপায় শিথিয়ে দিই। বলেই তিনি ভবতারিণীর মন্দিরের বারান্দায় নিয়ে যোগাসনে বসিয়ে গ্রাঁর ভিহ্নায় নিজের আঙুল দিয়ে মূলমন্ত্র লিখে দিলেন এবং কালীর বুকে
নিজের হাত রাখলেন। সংগে সংগে কালীপ্রসাদ বাইরের জগতের জ্ঞান
হারিয়ে ফেলেন। শরীর কাঠের মত অসাড় ও নিশ্চল হয়ে রইল।
বোগীদের এই অবস্থার নাম সমাধি।

অজ্ঞান হলে লোকের অবস্থা যেমন হয়, সমাধি হলে বাইরে থেকে সেই রকম মনে হয়। কিন্তু ভেতরে থাকে পূর্ণ জ্ঞান। সমাধির পর মারুষের মনের অবস্থা অনেক উচুহয়ে যায়।

এইভাবে সমাধিমগ্ন হয়ে কিছুক্তণ থাকার পর ঠাকুর পুনরায় কালীপ্রদাদের বুক স্পর্শ করামাত্র তিনি সমাধি হতে ফিরে একেন।

কালীপ্রদাদের দীক্ষা হল। মনের মত গুরু তিনি পেলেন।

দীক্ষা গ্রহণের পর থেকে কালীপ্রদাদ সময় পেলেই দক্ষিণেখরে যান।
ঠাকুরের নির্দেশ তিনি ধ্যান অভ্যাস করে আধ্যাত্মিক পথে দিন দিনই
এগিয়ে বেতে লাগলেন। ক্রমে ধ্যানে তিনি শিব, তুর্গা, কালী ও ক্লফ প্রভৃতি দেবদেবীর মূর্তি দর্শন করতে থাকেন। একদিন দেখলেন, সমস্ত দেবদেবী তার গুরুর শরীরের মধ্যে বিলীন হয়ে গেল। তিনি ঠাকুরকেও এ বিষয় জানালেন। ঠাকুর বললেন, যা, ভোর বৈকুঠ দর্শন হয়ে গেল।

কালীপ্রদাদ ঠাকুরের নিকট আসার আগে থেকেই নরেন (বিবেকানন্দ), রাধাল (ব্রন্ধানন্দ) প্রভৃতি ত্যাগী ভক্তের। ঠাকুরের কাছে যাতায়াত করতেন। তাঁদের সকলের সঙ্গে কালীপ্রসাদের পরিচয় হল।

১৮৮৬ খৃষ্টাব্দে ঠাকুর অফ্স্ছ হয়ে কাশীপুর বাগান-বাড়িতে বাস করতে থাকেন। এই সময় ত্যাগী শিশুরা মনেপ্রাণে ঠাকুরের সেবা করতেন। কালীপ্রসাদ সে সময় আহার-নিজ। ত্যাগ করে ঠাকুরের সেবায় নিজেকে বিলিয়ে দিলেন।

কাশীপুর বাগানে ছটো পুকুর ছিল। ভাতে নরেন ও কালী ছিপ দিয়ে মাছ ধরতেন। ছ জনের মাছ ধরা নিম্নে প্রতিযোগিতা হত। এই প্রতিযোগিতার ফলে এক-একদিন তাঁরা জনেক মাছ ধরতেন। এ সব কথা ক্রমে ঠাকুরের কানে গেল। ঠাকুর একদিন কালীপ্রসাদকে ডেকে বলেন, হাা রে, তুই নাকি থুব মাছ ধরিস ? জানিস জীবহিংসা মহাপাপ।

উত্তরে কালী বলেন, গীতায় আছে, আত্মা মরে না এবং কাউকে মারেও না. তা হলে মাচধ্রা মহাপাপ হবে কেন ?

ঠাকুর নানা যুক্তি দিয়ে তাঁকে বুঝাতে লাগলেন, কিন্তু তিনি কিছুতেই বুঝবেন না।

তথন ঠাকুর আবার বলেন, তোকে ছেলেদের মধ্যে বৃদ্ধিমান বলে জানি। নরেনের নিচেই তোর বৃদ্ধি। আমি যা বললুম তুই তা ধ্যান করে বুঝতে চেষ্টা কর, ঠিক বুঝতে পারবি।

ঠাকুরের আদেশমত কালীপ্রসাদ ধ্যান করার পর ব্বতে পারলেন মাছ ধরা কত অভায়! তিনি ঠাকুরের কাছে ক্ষমা প্রার্থনা করে বলেন, আবার কথনও আমি মাছ ধরব না।

তথন ঠাকুর বলেন, ছাথ, ছিপ দিয়ে মাছ ধরাতে বিখাস্ঘাতকতা করা হয়। থাবারের লোভ দেখিয়ে বড়সি লুকিয়ে রাথা আর অতিথি বা বন্ধুকে নিমন্ত্রণ করে তার থাবারের মধ্যে বিয় লুকিয়ে রাথা একই সাপ।

ঠাকুরের অস্থ্য বেড়েই চলে। বিদায়ের দিন এগিয়ে আসে। সে কথা জানেন ভণ্ড অন্তাচল-পথ্যাত্রী মহামানব।

একদিন ঠাকুর শিশুদের সকলকে ডেকে ভিক্লে করে আনতে আদেশ করলেন। ভিক্ষার বড় পবিত্র। সেই চালে আজ্ব থাওয়া হবে।

ভক্ষণ তপস্বীর দল ভিক্ষার ঝুলি কাঁধে নিমে ছারে ছারে ভিক্ষায় বেরিয়ে যায়। ভিক্ষে করে ফিরে এসে মহা উল্লাসে সেই ভিক্ষের চাল রালা করে। ঠাকুর প্রথমে গ্রহণ করে প্রসাদ করে দেন, মহানন্দে স্বাই পরে তা গ্রহণ করেন।

আমি বড়, মনে এই অভিমান থাকলে কথনও ধর্ম হয় না। নতুন শিয়োরা সবাই ছিলেন শিক্ষিত ও সম্মানিত পরিবারের ছেলে। বাড়ি বাড়ি গিয়ে ভিক্ষে করতে গেলে তাঁদের অভিমানে ঘা লাগবে। ঠাকুর এভাবে তাঁদের অভিমান ভেঙে দিয়েছিলেন।

দিন শেষ হয়ে আসে।

ঠাকুর শ্রীরামর্ক্ষ মহাসমাধিতে মগ্ন হলেন। ঠাকুরের নবীন শিশুরা হারালেন স্নেহশীল গুরু ও বন্ধু। গুরুর শ্বতি ও আদর্শ তাঁদের বৃক্তে আগুন জালিয়ে সমন্ত বাসনা পুড়িয়ে দিলে। ঘরের ডাকে ফেরাতে পারলে না তাঁদের। গুরুর দেওয়া ত্যাপের প্রতীক গৈরিক তাঁদের মনকে তীব্র বৈরাগ্যে অন্তর্বন্ধিত করে কঠোর তপস্থার পথে এগিয়ে নিয়ে গেল। নরেন প্রভৃতি ঠাকুরের সন্ন্যাসী শিশুরা ঠিক করলেন আর ঘরে ফিরে ঘাবেন, না। বিশ্বের পথে এসে দাঁডালেন ভক্তা ভাপসের দল।

বরানগরের এক বাড়ীতে মঠ প্রতিষ্ঠা করে নরেন, কালী প্রভৃতি গভীর সাধনায় মগ্ন হলেন।

একদিন নরেন গুরুভাইদের নিয়ে সন্ন্যাস গ্রহণ করলেন।

সশ্যাস থেন নতুন জনা! তাই সন্মাসের সময় আগের নাম বদলে নতুন নাম হয়। তরুণ সন্মাসীদের আগের নাম সব পালটে গেল। যাঁর থে-রকম মনের ভাব, তাঁর সেই রকম নাম হল। কালীর কাছে এ জগতে সকল বস্তুই এক, কোন ভেদ নেই। তাই তাঁর নাম হল আভেদানল।

বরানগর মঠে স্বামী অভেদানন্দ দিনরাত জপ ধ্যান করতেন। সংস্কৃত ভাষাটা তিনি থুব ভাল করে শিথেছিলেন, সে কথা আগেই বলেছি। এ সময় তিনি ঠাকুর ও মায়ের একটা স্থোজ রচনা করেন। মায়ের নামে প্রথম তথটি রচনা করে শ্রীমাকে সেটা পড়ে শুনালে তিনি খুব খুনী হয়ে আমিবাদ করে বলেন, তোমার মুখে সরম্বতী বস্তুন।

বল বাহুল্য, তারপর থেকে তিনি বাক্সিদ্ধ হন।

আমামরা হথন হা বলি, সব সময় তা ঠিক হয় না। ইবারা ভগবানের আরাধনা করেন তাঁদের কাকর কাকর এমন একটা অবস্থা আদে, তাঁদের মুথ দিয়ে যে সব কথা বের হয়, তা সভিয় সভিয় কলে যায়। একেই বলে বাকসিল। বাকেয় যিনি সিল হয়েছেন তিনিই বাকসিল।

স্থামী অভেদানন বখন যা বলতেন, তা ঠিক ঠিক কলে বেত। এখানে চটি ঘটনার উল্লেখ করছি।

একবার একজন লোক দার্জিলিঙে বেডাতে আসেন। তিনি থুব ধর্মবিশ্বাপী ছিলেন। দার্জিলিঙে তাঁর পিঠে একটা কার্বাংকল হয়। ডাক্ডাররা বললেন, অপারেশন করতে হবে। অপারেশনে নিশ্চয়ই মরে যাবেন এই ভেবে ভন্তলোকটি স্বামীজীকে একবার দেখবার জন্ত ব্যাকুল হন। তিনি কাঁদতে কাঁদতে বলেন, স্বামীজী, কাল আমার অপারেশন। আমি তো আর বাঁচব না। আপনার পায়ের ধূলো দিন, আপনার আশীর্বাদ নিয়ে শেষ বারের মত শান্তিতে চোল বুঁজি।

স্থামীন্ধী বললেন, কোন ভয় নেই, ঠাকুরের নাম কর। ঘা আপন্য থেকেই সেরে ধাবে।

সেই রাত্রেই ঘার মুধ ফেটে পুঁজ বের হতে লাগল। সকলেই আশ্চর্যান্তিত হলেন।

পরের দিন সকালে ডাক্তার অপারেশন করতে এসে অবাক হয়ে যদি এবং জিগগেস করেন, ঘারের মুখ কি করে ফাটল ?

দেখতে দেখতে রোগী স্থন্থ হয়ে উঠলেন।

আর একটি ঘটনা।

প্রহলাদবার নামে এক ভদ্রলোক একবার স্বামীজীকৈ করিছে বুরুত্ব এলেন। সংগো এল তার ছ বছরের ছেলে। স্বামীজী ছেলের নাম জিগুরিষ্ট করলে সে চুপ করে থাকে। তাকে চুপ করে থাকতে দেখে স্বামীজী বল্লেন, কিরে তুই কথা বলছিদ না যে ? তুই বোবা নাকি ?

ছেলেটিকে নিমে প্রহলাদবাবু ঘরে ফিরে গেলেন। ছেলেটি আর কথা বলতে পারে না। বোবার মত হাত নেড়ে মনের ভাব ব্যক্ত করে। প্রহলাদবাবু আর তাঁর বুড়ো মা ভাবলেন ছেলের গলায় কিছু হমেছে। তাঁরা চিস্তিত হলেন। হঠাৎ তাঁদের মনে পড়ে গেল স্বামীজীর কথা। তাঁরা মনে করলেন, তিনি বাক্সিজ, তাই তাঁর কথা ফলেছে।

তথন হেলেকে নিয়ে প্রহলাদবাবু স্বামীজীর কাছে আবার এলেন।
স্বামীজী বললেন, আমি তো ওকে থারাপ কিছু বলি নি।

তারপর তিনি ছেলের মাথায় হাত দিয়ে আশীর্বাদ করে বলেন, যা, তুই ভাল হয়ে গেলি।

দেখতে দেখতে ছেলে আবার কথা বলার শক্তি ফিরে পেলে।

খামী অভেদানন বরানগর মঠ থেকে পাথে হেঁটে ভারত ভ্রমণে বের হলেন। নবীন পরিব্রাজক চলেছেন ভারতের তীর্থ পর্যটনে। শরীরের আবরণ একটি মাত্র গৈরিক বসন। হাতে ভিকাপাত্র কমণ্ডলু। পরিব্রাজক অভেদানন প্রতিজ্ঞা করলেন—টাকা-প্রসা ছুঁবেন না, নিজে রায়া করবেন না, আর পাতৃকা গ্রহণ করবেন না। তৃপুরের আহার হবে, তিন বা পাঁচটি ঘর থেকে পাওয়া ভিক্ষায়। গাছতলা হবে রাত্রির আশ্রম। এইভাবে প্রত্যুহ ভিনি ২০০০ মাইল চলতে লাগলেন। ইটেতে ইটিতে গ্রম্প রীতে উপস্থিত হলেন।

বাংলার বৈষ্ণব ধর্মের অন্যতম কেন্দ্র এই পুরীধাম। বৈষ্ণব সাধকেরা যে সকল গুহায় তপস্থা করতেন তারই একটিতে পরিআজক অভেদানন্দ আশ্রয়ন্তান করে নিয়ে সাধনায় নিজেকে ডুবিয়ে দিলেন। কিছুকাল সাধনার পর তিনি ভূবনেশ্বের অভিমূথে যাত্রা করলেন।

ভূবনেশ্বর থেকে চললেন উদয়দিরি ও থণ্ডগিরিতে। এথানে অতীত ভারতের কত স্মৃতি, কত মহিমা, কত সাধকের চিহ্ন বর্তমান রয়েছে! তিনি দেগলেন বৌদ্ধদের মঠ, ভিক্ষদের সংঘ।

তারণর তিনি পশ্চিম ভারতের গাজীপুর, কাশী, অষোধ্যা, লক্ষ্ণে ভ্রমণ করেন। লক্ষ্ণে থেকে হ্বাকেশ হয়ে উত্তরকাশী ও দেবপ্রয়াগ প্রভৃতি স্থান ঘুরে ক্রমে বদরিকাশ্রম পৌছলেন। এইভাবে তিনি ভারতের সমস্ত তীর্থস্থান ঘুরে বেড়ান এবং হিমালয়ের নির্জন গুহায় কিছুদিন কঠোর তপস্থা করেন।

লেথাপড়া শিথতে বা গান-বাজনা শিথতে হলে কি রকম পরিশ্রম করতে হয় তা তোমগা জান। খুব ছেলেবেলা থেকে কঠোর পরিশ্রম করতে হয়, তবে শেথা যায়। এই কঠোর পরিশ্রমের নামই হল সাধনা।

যার। ভগবানকে দর্শন করার জন্ম ব্যাকুল হন, তাঁরাও ঠিক সেরণ আরাধনা করে দিনের পর দিন কঠোর সাধনা করেন। সাধকেরা এই বে খুব কট করে সাধনা করেন, তারই নাম তপ্তা।

ভপজায় দেহমন শুদ্ধ হয়। দেহমন শুদ্ধ হলে ভগবানের দর্শন পাওয়া যায় ও জ্ঞান লাভ হয়।

১৮৯৩ দাল ভারতের একটি শ্বরণীয় বছর। এ বছরে স্বামী বিবেকানন্দ শিকাগো ধর্ম-মহাসম্মেলনে ভারতের বাণী আ্মামেরিকায় প্রচার করে ভারতের মান বাড়িয়েছিলেন।

স্বামী বিবেকানন্দ আমেরিকায় প্রচারের কাজ শেষ করে লণ্ডনে যান। শুওনে তাঁর কাজে সাহায্যের জন্ম তিনি স্বামী অভেদানন্দকে তেকে পাঠান। খামী অভেদানন্দ লগুনে গেলেন। লগুনে ক্রমে তিনিও ভারতের ধর্ম সম্বয়ের বক্তৃতা দিতে থাকেন। তাঁর বক্তৃতা শুনে বিবেকানন্দ ও সেথানকার লোকেরা থুব খুশী হলেন।

লগনের একটি ঘটনা।

স্বামী অভেদানন স্থটার নামে একজন সম্রাপ্ত মহিলার বাড়িতে অতিথি হয়েছেন। অষ্ট্রেলিয়ার একজন নামকরা পাদরীও স্থটারের অতিথি হলেন। একই টেবিলে তাঁরা থেতে বসেন।

স্থামী অভেদাননকে নিরামিষ থেতে দেখে সেই পাদরী সামের

চটে লাল হয়ে যান। পাদরী স্থামীজীকে নিরামিষ থাওয়ার কারণ
জানতে চাইলে তিনি বলেন, জীবহিংসা করলে পাপ হয়। সেজ্য তিনি
মাছ-মাংস্থান না।

পাদরী সাহেব রেগে বলে ওঠেন, এ শয়তানের ধর্ম। যে বিশাস করে, দেও শয়তানের উপাসক। তোমরা কেউ ওর কথা শোন না।

স্কুটার তাঁকে বাধা দিয়ে বলেন, আমার বাড়িতে এ সব ঝগড়া চলবে না। যা হোক শ্রীমতী স্কুটারের ধমক থেয়ে পাদরী চপ করে গেলেন।

পাদরী সাহেব চলে গেলে পর স্থামীজী স্থটারকে জিগগেদ করে জানতে পারেন বাইবেলে আছে যারা নিরামিষ থায় এবং অপরকেও মাছ-মাংস থেতে বারণ করে, তারা ঈশরের আদেশ অমাত্ত করে শয়তানের মত প্রচার করে। স্থটার বলেন, এ দেশে গোঁড়া খুন্টান পাদরীরা ঐ সব কথা বিশ্বাস করে এবং কাউকে নিরামিয় থেতে দেখলেই তাঁরা তার সংগে ঝগড়া করে।

লওনে এক বছর প্রচারের কান্ধ চালাবার পর স্বামী অভেদানক আমেরিকায় চলে আসেন।

আমেরিকায় তিনি অনেক দিন ছিলেন। সেথানে তাঁর অনেক

বড় বড় বৈজ্ঞানিক, দার্শনিক, সমাজসংস্থারক ও ধর্ম-প্রচারকের সংগে আলাপ-পরিচয় হয়। জগৎবিখ্যাত বৈজ্ঞানিক এডিসনের সংগেও সে সময় তাঁরে আলাপ হয়।

স্বামীজীর সংগে নানা বিষয়ে আলোচনা করে এডিসন তাঁর গভীর দার্শনিক তত্ত্বানে মুদ্ধ হন ও বিশেষ বন্ধুরূপে তাঁকে গ্রহণ করেন। স্বামীজীর প্রতি শ্রহ্ণ ও ভালবাসার নিদর্শন স্বরূপ তাঁর আবিষ্কৃত একটি আমোফোন নিজের হাতে তৈরী করে স্বামীজীকে উপহার দেন। এই গ্রামোফোনটি এগনও দাজিলিও আপ্রমে আছে।

বিটিশ শাসনের আমলে ভারতে রেলগাড়ি, জাহাছ, টেলিগ্রাফ, টেলিফোন, ত্বল, কলেজ আরো কত কি হয়েছে! অজ্ঞ ভারতবাসীরা লেখাপড়া শিথে বিদেশে সন্মান লাভ করেছে। এ সব কথা বিটিশরা ভারতের বাইরে প্রকার করত। ভারতের বাইরে কেন? ভারতের মধ্যেও এ সব কথা ভারা প্রচার করেছে শভানী ধরে। এ সব কথা এক সময় ভারতবাসীরাও বিধাস করত। ভগ্ন তাই নয় অনেক ভারতবাসী বিদেশে সিয়েও ঐ সব কথা বলে এসেছে। ভার কলে বিদেশারা মনে করত ভারতবাসীরা অসভা, ভাদের শিক্ষ-দীক্ষা বলতে কিছু নেই। বিটিশরাই ভাদের শিক্ষিত করে তুলেছে এবং ভাদের দেশের উন্নতি করে আসছে।

তথনকার দিনে রেলগাড়ি, টেলিগ্রাফ প্রভৃতি ব্রিটিশরা ভারতে কেন করেছিল ? তাদের নিজেদের হৃবিধের জন্তে। রাজত চালাবার পথ সহজ করার জন্তই করেছিল। ভারতকে যাতে বেশী দিন তাদের অধীনে রাথা সন্তব হয় ও অল্ল পরিশ্রমে বেশী করে শোষণ করা যায়, তারই জন্তে তারা এ সব ব্যবস্থা করেছে। ভোমরা আজকাল এ বিষয়ে বেশ ব্যতে পার। তথনকার দিনে লোকে এ সব ব্যাত না। যারা ব্যাত, তারাও সাহস করে মুথ ফুটে তা বলতে পারত না। এ সব কথা বিদেশে স্বামী অভেদানন খুব জোর দিয়ে বলেছিলেন। তার আগে আর কোন ভারতবাসী ভারতের পক্ষে এভাবে বিদেশে প্রচার করে নি।

স্বামীজী ভারতের কথা আমেরিকাবাসীদের কাছে ঘোষণা করে ভারতের জাতীয় আন্দোলনের অনেক সাহায্য করেছিলেন।

ইওিয়া অ্য'ও হার পিপল নামে স্বামীজীর একখানা বই আছে। ঐ বই-এ ভারতের সংস্কৃতি সম্বন্ধে ও ভারতে ব্রিটিশের অত্যাচারের অনেক কাহিনীই আছে। ভারত-সরকার এই বইটিকে ভারতে প্রবেশ নিষিদ্দর্কেরিছিলেন।

পাঁচশ বংসর ধরে ইউরোপ ও আমেবিকায় ভারতের বাণী প্রচার করে ১৯২১ সালে তিনি মাতুভূমির দিকে রওনা হলেন। পথে তিনি হনলুলু, জাপান, চীন, ফিলিপাইন, সিঙাপুর, কুমালালামপুর ও রেঙুন প্রভৃতি স্থান ভ্রমণ করেন এবং ভারতের সম্বন্ধে সে-সব স্থানে বক্তৃতাদি করেন। রেঙুন থেকে জাহাজে করে তিনি কলকাতায় এসে পৌচলেন।

বছদিন পরে ভারতমাতার প্রিয় সন্তান মার কোলে ফিরে এলেন।
মায়ের গৌরব ও মহিমা বুকে নিয়ে দেশে দেশে তার প্রেষ্ঠ আসন স্থাপন
করে এলেন। আজ বড় প্রাস্ত, বড় ক্লান্ত। ভারতবাদী এই বীর কর্মী,
জ্ঞানী ত্যাগীকে উপগুক্ত দখান দেখিয়ে নিজেদের ধলা করার জলো বাড়
হলেন। কলকাতার রাজাগুলি স্বামীজীর জম্বানিতে মুগর হয়ে উঠল।

১৯২২ সালে স্বামী অভেদানল কাশ্মীরে যান ও মহারাজার অভিথি হন। কাশ্মীরের রাজধানী শ্রীনগর থেকে পায়ে (ইটে ১১০০০ হাজার ফুট হিমালয়ের উপর দিয়ে তিনি তিকতের রাজধানী লাসায় গিয়ে পৌছলেন।

স্বামীজীর বয়স তথন ৫৫ বৎসর। এই বৃদ্ধ বয়সে বরফের ওপর দিয়ে এতটা পথ হেঁটে যাওয়া খুবই আশ্চর্যের ব্যাপার।

লাসা থেকে বৌদ্ধদের বিখ্যাত মন্দির হেমিসমঠ দর্শন করেন। ডিব্রুড

থেকে ফেরার পথে রাওয়ালপিণ্ডি এবং কাবুল নদীর পারাপারে আফগানি-ছানের সীমানা পর্যন্ত খাইবার গিরিপাশ দিয়ে ভ্রমণ করে তিনি বলকাডায় ফিরে এসে বেলুড় মঠে অবস্থান করেন।

কলকাতা থেকে একদল চাত্র স্বামীজীর সংগে দেখা করতে বেলুড মঠে আদে। কলকাতায় একটি আশ্রম করার জন্ম স্বামীজীকে তারা বিশেষ অনুরোধ জানায়। তিনি তাদের অনুরোধে কলকাতায় রামকৃষ্ণ বেদাস্ক-সমিতি স্থাপন করেন। তার এক বছর পরে তিনি দাজিলিঙে রামকৃষ্ণ বেদাস্ক-আশ্রম স্থাপন করেন।

নেতাজী স্থভায় সে বছর ভারতের রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন।
ভারতের সর্বত্র রাষ্ট্রপতি স্থভাবের জয়। সারা পৃথিবীর চোথ পড়েছে
ভারতের ওপর—ভারতের রাষ্ট্রপতি স্থভাবের ওপর।

সে সময়ে হঠাৎ একদিন স্থভাষচক্র কলকাতার রামক্লফ বেদান্ত-মঠে স্থামী অভেদানন্দের ঘরে এসে দাঁড়ালেন। স্থামীজীকে প্রণাম করতেই তিনি স্থভাষ্টক্রকে নিজের বৃকে জড়িয়ে ধরে বললেন, স্থভাষ, তুমি বিজয়ী বীর হও।

স্থামীজীর এই আশীর্বাণী স্থভাষচন্দ্রের জীবনে অক্ষরে অক্ষরে সন্তিয় হয়ে ফুটে উঠেছে। কত বিপদ, কত ঝড়-ঝাপটা যে তাঁর জীবনের ওপর দিয়ে গেছে, তার শেষ নেই। তবু জগতের ইতিহাসে ও ভারতের ছোট বড় সকলের হলমে নেতাজী স্থভাষ বিজয়ী বীর।

জগতের সকল বস্তুই এক, কোন ভেদ নেই। এই হল ধ্র্মমন্থ্রের মূল কথা। নাহুষের সংগে ভগবানের মিলন, মাহুষের সংগে মাহুষের মিলন,—এইভাবে অভেদজানের মূল কথাটি স্থামী অভেদানন্দ জগৎকে জানিয়ে দিয়ে গেছেন। তাঁর অমৃতবাণী আজও জগদ্বাদীর অস্তুরে প্রতিধানিত হচ্ছে।

স্বামী শিবানন্দ

কলকাতা থেকে রেলপথে বারাসত সাত ক্রোশের রাস্তা। বারাসত বাংলার এইটি ছোট শহর।

বারাসত শহরে অনেক লোক বাস করে। তার মধ্যে কয়েক ঘর সম্ভ্রাপ্ত লোকেরও বসতি আছে। সে সময় কানাইলাল ঘোষাল নামে একজন সম্ভ্রাপ্ত লোক বারাসতে ছিলেন।

সে অঞ্চলে কানাইলালের থ্ব নাম। নিষ্ঠাবান আন্ধান বলে সকলেই তাঁকে জানত ও প্রদান করত। তিনি রোজ কালীপূজা করতেন। পূজা অর্চনা, চত্তীপাঠ, গীতাপাঠ না করে কোন দিন তিনি জলগ্রহণ করতেন না।

দক্ষিণেখরের কালীবাড়ীতেও কানাইবাবু মাঝে মাঝে বেড়াতে থেতেন এবং ভক্তি করে মায়ের পূজো করতেন। সেধানে রামক্ষের সংগে তাঁর দেখা হয়। রামকৃষ্কে তিনি খুব ভক্তি করতেন। তাঁর উপদেশ কানাইবাবুর বেশ ভাল লাগত।

কানাইবাবু উকিল ছিলেন। ওকালতি করে তাঁর বা পয়সা হত ভাতে তাঁর সংসার চলত। তাঁর আর একটা গুণ ছিল, তিনি কবচ দিয়ে লোকের অনেক রোগ ভাল করে দিতে পারতেন।

একবার রামকৃষ্ণদেবের শরীরে খুব জালা হয়েছিল। শরীরের জালায় তিনি অস্থির হয়ে পড়লেন। অনেক ডাক্তারী কবিরাজী চিকিৎসা করেও রোগের উপশম হয় নি। শোনা যায়, কানাইবাবু একটি কবচ দিয়ে ভাঁর রোগ সারিয়েছিলেন।

যার কথা তোমাদের কাছে বলতে যাচ্ছি, তিনি হলেন এই কানাই বাবুরই ছেলে, নাম তারকনাথ ঘোষাল। বড় হয়ে সয়্যাসী হলে তার নাম হয় সামী শিবাননা।

খেলায় সকলেই আনন্দ পায়। খেলার মত আনন্দ আর কিছু আছে বলে মনে হয় না, তাই ছোট-বড় সবাই খেলা করে। ছোটদের তো কথাই নেই, খেলে তারা আরো বেশী আনন্দ পায়।

ভারকও বন্ধুদের নিয়ে পেলা করেন আবে আনন্দে মেতে থাকেন।
কিন্তু পেলা করতে করতে ভারক মাঝে মাঝে গন্তীর হয়ে পেলাবদ্ধ
করে চূপ করে বসে থাকতেন। পেলার সংগীরা ভা দেখে ভাবত—এ কি
তল ভারকের প

আয় না তারক, খেলবি আয়, বলে তারককে তারা ডাকত। কিন্তু তারক কোন উত্তর করতেন না, চুপ করে থাকতেন।

ছেলেরা অবাক্ হয়ে যেত। তাঁকে আনতে না পেরে ফিরে এসে আবার নিজেদের মধ্যে থেলা শুক করে দিত।

তারক মনে মনে কি ভাবত দে-ই জানে! খুব ছোট বেলা থেকেই তাঁকে মাঝে মাঝে নির্জনে বদে ধাান অভ্যাস করতে দেখা যেত। খেলা করতে করতে হঠাৎ গভীর হয়ে যাওয়া এও হতে পারে, তখন ধাান করার জন্ম তাঁর মন চঞ্চল হয়ে উঠত। তাঁর বন্ধুরা কি করেই বা তা জানবে বল? তারা তো আরে জানতন।যে এই তারকই পরে বড় হয়ে মহাপুঞ্য হবেন।

তারক ধীরে ধীরে বড় হতে লাগলেন।

উপযুক্ত বয়স হয়েছে দেখে বাবা তাঁকে স্থলে ভতি করিয়ে দিলেন।
- সেথানেও অনেকগুলো ছোট ছোট সংগী পেয়ে তারকের মনে আননেদর
দীমা রইল না।

তারক পড়াশুনা করেন, স্থলে ধান, কথন কথন বাপ-মায়ের কাজে -সাধ্যমত সাহায্য করেন। রামকুফদেব থাকেন দক্ষিণেশ্বর কালীবাড়িতে। কলকাতায় মাঝে মাঝে বেডাতে আসেন। সেদিন এলেন রামচন্দ্র দত্তের বাডিতে।

রামকুফের সংগে তারকের দেখা হল। তারক প্রথম দিনের দর্শনেই রামকুফের প্রতি আরম্ভ হলেন।

একদিন দক্ষিণেশরে রামক্ষের কাছে তারক দীক্ষালাভ করলেন।
দীক্ষালাভের পর উৎসাহ ও উল্লয়ে সাধন-ভঙ্গনে মন দিলেন। গুরুর
দেওরা মন্ত্র পেয়ে সেটি নিজের জীবনে মৃক্তোর মত ফুটিয়ে তোলার জন্ত্র তিনি অতল সাধনসাগরে ডব দিলেন।

রামকৃষ্ণদেবের দেহত্যাগের পর বরানগর মঠ প্রতিষ্ঠার কথা আগে বলা হয়েছে। বরানগর মঠে তারকও এদে বোগদান করেন। সেখানে তিনি সন্ত্রাস গ্রহণ করে স্বামী শিবানন্দ নাম ধারণ করেন।

স্বামী শিবাননকে তাঁর গুকভাইর। মহাপুক্ষ মহারাজ বলে ডাকতেন। এই মহাপুক্ষ নামের একটি গল্প আছে,—

একবার বিবেকাননা, অভেদাননা ও শিবাননা ঠিক করলেন, তাঁরা বৃদ্ধ গ্রায় যাবেন এবং যেথানে বৃদ্ধদেব তপস্থা করে দিদ্ধিলাভ করেছিলেন, তাঁরাও সেথানে তপস্থা করবেন।

তাঁর। তিনজনে মিলে কাশীপুর বাগান-বাড়ি থেকে বেরিয়ে পড়লেন।
করুণা ও নৈত্রীর পীঠস্থান বৃদ্ধগয়া। প্রায় আড়াই হাজার বংসর পূর্বে
রাজপুত্র সিদ্ধার্থ ভিক্ষাপাত্র সম্বল করে একদিন এই পবিত্ত স্থানে জীবের
মৃক্তির পথ, শান্তির উপায় কঠোর সাধনা করে পেয়েছিলেন।

আজ আবার নবীন ত্যাগী তিনজন যুবক শাস্তির উপায় অন্বেয়ণে
এমেচেন এই সিন্ধ বোধিমূলে।

তিনজন বদেছেন যোগাসনে।

हर्राए अकि चालोकिक मृण ! विद्यकानम प्रथलन, वर्ग (शदक अकी)

জ্যোতি এসে ধারে ধারে শিবানন্দের মধ্যে প্রবেশ করে অদৃশ্য হল। যেন বৃদ্ধদেব জ্যোতির্ময় রূপ ধরে এসে শিবানন্দের মধ্যে প্রবেশ করলেন!

উদারহৃদয় বিবেকানন্দ আর স্থির থাকতে পারলেন না। চোথের জল তাঁকে এক আনন্দময় রাজ্যে টেনে নিয়ে গেল! তিনি শিবানন্দকে বুকে জড়িয়ে ধরে বললেন, ভাই, ডুমি মহাপুরুষ।

সেদিন থেকে শিবানন্দ সকলের কাছে মহাপুরুষ মহারাজ নামে। পরিচিত হলেন।

আনন্দ স্বাই চায়। শুধু মাত্র্য নয়—পশু, পদী, কীট, পত্তা, সকলেই আনন্দ কামনা করে। মাত্র্য মাত্র্যকে ভালবাদে, এ নতুন কথা কিছুই নয়। কিন্তু মহান এমনও স্ব ব্যক্তি আছেন, যাঁরা মাত্র্যের মত পশুপক্ষীকে সমান ভালবাদেন। আমাদের মহাপুক্ষ মহারাজ ছিলেন সে-স্ব মহান ব্যক্তিদের মধ্যে একজন।

মহাপুঞ্য মহারাজ জল্জ-জানোয়ারদেরও খুব ভালবাসতেন। তাঁর সংগে সব সময় একটা কুকুর থাকত। বিলিতি কুকুরের চেয়ে তিনি দিশী কুকুরই বেশী পছনদ করতেন।

বরানগর মঠে কুকুর ছিল না। সেখানে একটা শিয়ালকে আদর করে থাওয়াতেন। বরানগর মঠে তাঁরা কত কটে দিন কাটাতেন তা তোমরা আগেই জেনেছ। নিজেদের থাবার জুটত না, অথচ একটা শিয়ালকে থাবার দিতে তিনি ইতস্তত করতেন না। নিজে না থেয়েও তিনি তাকে থাইয়ে আনন্দ পেতেন।

তিনি শিয়ালটার নাম রেথেছিলেন ভাঁদা। বরানগর মঠের ওপরের ঘরে মহাপুরুষ মহারাজ থাকতেন। রুটি নিয়ে ভোঁদা ভোঁদা ডাক দিলেই শিয়ালের বাচ্চটি। নিচে আসত এবং ঘোঁৎ ঘোঁৎ শব্দ করে সে যে এসেছে ত। জানাত। তিনি তখন ওপরের জানালা থেকে ত্'চার থানা ক্লটি ফেলে দিতেন। ভোঁদা কটি পেয়ে ল্যান্স নেডে আনন্দ প্রকাশ করত।

ভালবাসা এমনই জিনিষ, তাতে সকলেই মৃগ্ধ হয়। জক্ক-জানোয়াররা আমাদের কথা বুঝে না। আমরাও তাদের কথা জানি না। কিন্তু তাদের যদি কেউ ভালবাদে, তবে তারা তা বেশ বুঝতে পারে।

শ্রীক্ষের জীবনীতে আমরা দেখতে পাই, তিনি যথন মাঠে রাধাল সেজে গ্লুক চরাতেন তথন গ্লুর পাল তাঁকে যিরে থাকত এবং তাঁর গা চেটে দিও।

মহাপুক্ষ তথন বেলুড় মঠের অধ্যক্ষ। বাগান-বাড়ি ঘুরে ঘুরে বেড়ান আর সব কিছু দেখেন। তিনি বাগানে বেড়াতে এলে গফ, কুকুর প্রভৃতি ছুটে তাঁর কাছে আসত। তিনিও তাদের ভালবাসা জানিয়ে তাদের গায়ে হাত বুলিয়ে দিতেন এবং তাদের সংগে কথা বলতেন।

মহাপুক্ষ মহারাজ আনন্দমন্ত পুক্ষ। তৃঃপ কট, অভাব অভিযোগ বা শারীরিক ক্লেশ—কোন কিছুতেই মনকে চঞ্চল হতে দিতেন না। তাঁর মূথে সব সমন্ত হাসি লেগেই থাকত। তাঁর কাছে এসে সকচেই ভূলে যেত তাদের অভাব অভিযোগ ও তৃঃধ কট, ফিরে যাবার সমন্ত নিমে যেত অপুর্ব আনন্দ।

বরানগর মঠ তপস্থা আর কঠোরতার জন্ম বিখ্যাত। মহাপুরুষ মহারাজও কিছুদিন সেথানে কঠোর তপস্থা করেছিলেন। তিনি কাশী ও ভাবতের বহু তীর্থ স্থানে ঘুরে ঘুরে অনেক তপস্থা বরেছেন।

স্বামী বিবেকানন্দ আমেরিকা থেকে ভারতে ফিরে এসে দিকে দিকে প্রচারকের দল প্রেরণ করেন; স্বামী শিবানন্দকে পাঠালেন সিংহলে।

সিংহলে ডিনি প্রায় এক বছর ছিলেন এবং অনেক সভায় বক্তৃতা করেন। তাঁর বক্তৃতা শোনার জন্ম অনেক সায়েব-মেমও আসত।

শিংহলের প্রচারের কাজ শেষ করে তিনি বেলুড় মঠে ফিরে আসেন।

স্থামী ব্রহ্মানন্দের দেহত্যাপের পর মহাপুক্ষ মহারাজ্ব রামক্ত্রুষ্থ মঠ ও মিশনের সভাপতি হন।

বেলুড় মঠ এখন অনেক বড় হয়েছে। এই মঠ প্রতিষ্ঠার গোড়ার দিকে খুবই কটে সাধুদের দিন কেটেছে। অনেক সময় দেখা যেত, কারুর জামা নেই, জুড়া নেই। মঠ চালাবার মত প্রদা নেই। মহাপুরুষ মহারাজ দে সময় মঠের উন্নতির জন্ম খুব পরিশ্রম করতেন।

কাক্ষর জামা কাপড় না থাকলে নিজের জামা কাপড় দিয়ে দিতেন বা নিজের প্রদা দিয়ে তাঁদের কিনে দিতেন।

কাশী ভারতের শ্রেষ্ঠ ভীর্থস্থানের অহাতম। সেধানে শত শত দেব-দেবীর মন্দির আছে। তার মধ্যে বিখনাথের ও অন্নপূর্ণার মন্দির বিখ্যাত। বছরে লক্ষ লক্ষ তীর্থবাত্রীর দল আগমন করে। এমন ফুন্দর ও পবিত্র স্থানে একটি আশ্রম করার জহা মহাপুরুষ মহারাজের মন চঞ্চল হল। তিনি সেধানে অহৈত আশ্রম নামে একটি আশ্রম প্রতিষ্ঠা করলেন।

কাশীতে যথন তিনি তপস্থা করতেন তথন রোজ ভিক্ষে করে আহার করতেন। দিনে একবার ভিক্ষে করে আনতেন। ভিক্ষাতে তিনথানা রুটি পেতেন। এই তিনথানা রুটি থেকে একথানা দান করতেন আর রাত্রের জন্ম একথানা রেথে বাকী একথানাতেই দিনের আহার দেরে নিতেন।

মহাপুরুষ মহারাজের অনেক শিক্ত ছিল। শিক্তদের মধ্যে রাজা, জমিদার প্রভৃতি বহু বড়লোক-ও ছিলেন।

বেলুড় মঠে প্রত্যহ বহু লোক তার সংগে দেখা করতে আসত এবং তাঁকে প্রণাম করে অনেক টাকাকড়ি দিত। তিনি সে সমস্ত টাকা পয়সা সবই গরিবদের বিলিয়ে দিতেন।

মহাপুরুষ সত্যি মহাপুরুষ ছিলেন।

স্বামী সারদানন্দ

কলকাতা শহর।

গাড়ি ঘোড়ার ঘড় ঘড় শব্দ আর মাহুষের কলরব চলেছে বিরামহীন শহরের বুকের উপর দিয়ে। হারিদন রোড শহরের একটি বড় রান্তা। তারই উপর গিরিশচন্দ্র চক্রবর্তীর বাড়ি।

গিরিশ বাব্র পাশের বাড়িতে যাঁর। বাসকরেন তাঁরা বেশ টাকা-পয়সাওয়ালা বড়লোক। তাঁলের বাড়িতে একটি চাকরানী ছিল। সে অনেক দিন যাবৎ সেথানে কাজ করত। তার কলের। হয়েছে।

কলেরার নাম শুনলেই লোক ভয়ে আতংকে শিউরে ওঠে। বাজ়ির ঝির কলেরা! বড়লোকের বাড়িতে গরিব রোগী। তাও আবার সংকামক রোগ! বাড়ির কর্তা তাড়াতাড়ি ঝিকে নিমে ওপরের ছাদে খোলা জায়গায় কেলে রাগলেন। তিনি রোগীর চিকিৎসা বা শুক্রবার কোন ব্যবস্থাই করলেন না।

গিরিশ বাব্র ছেলে শরত তা দেখতে পেয়ে রোগীর কাচে ছুটে গেলেন।

তথন সন্ধ্যা হয়েছে। থোলা ছাদের ওপর ঠাণ্ডা হাওয়া লেগে রোগীর অবস্থা ক্রমেই থারাপ হতে লাগল। শৈরত সাধ্যমত তার সেবা করতে লাগলেন। এ ভাবে সারারাত কেটে গেল। প্রদিন ঝি মারা গেল।

এখন ঝির সংকারের ব্যবস্থা করা দরকার। বাড়ির কর্তা তার কিছুই ব্যবস্থা করলেন না। শরত তথন পাড়ার লোকদের ডেকে এনে তার সংকারের সব ব্যবস্থা করলেন।

শরত তথন খুবই ছোট। বয়দ পনের যোল হবে। কিশোর বয়দের একটি ছেলেকে এ ভাবে কলেরা রোগীর কাছে ছুটে বেতে দেখে ভোমরা জ্বাক হয়ে বাচ্ছ, না? জ্বাক হ্বারই কথা বটে। তথনকার দিনে চোথের সামনে মরতে দেখলেও কেউ কাউকে সাহায্য করত না; ভয়ে পালিয়ে যেত।

আজকাল দেশের কোথাও কলের। বসস্ত মহামারী প্লাবন ভূমিকম্প ত্রভিক প্রভৃতি হলে তুর্গতদের সেবার জন্মে হাজার হাজার যুবক আত্মদান করে, শত শত সমিতি সেবাকাজে এগিয়ে আসে। কিন্তু সে সময় এ রকম ছিল না। স্বামী বিবেকানন্দই দেশের যুবকদের মধ্যে এই প্রেরণা জাগিয়ে তোলেন। কলকাতায় প্লেগের সেবাকার্য থেকেই এই প্রেরণার স্ত্রপাত।

বিবেকানন্দ দেশে সেবাধর্ম প্রবর্তন করার আগে পর্যন্ত লোক ধর্ম ও সেবাকে এক করে দেখতে শেখে নি, এ কথা খুবই সত্য।

আর বিবেকানন্দ এ ভাবটি পেয়েছিলেন তাঁর গুরু রামক্কঞ্চের কাছ থেকে।

দেশের লোকের। রামকুষ্ণদেবকে মহাসাধক ও ধর্মগুক বলেই জানে। তাঁরই শিক্ত বিবেকানন্দ দেশ-বিদেশে রামকুষ্ণের বাণী প্রচার করেছেন।

প্রেগের সেবাকাছের পর থেকে স্বামীজীর ওপর দেশের লোকের ভক্তি বিশ্বাস বেড়ে গেল। তাঁর ডাকে ভারতে সাড়া পড়ে গেল। দেশে দেশে গড়ে উঠল সেবাব্রতীর দল।

বিবেকানন্দ বাছা বাছা কয়েকজন যুবককে নিয়ে করলেন রামকৃষ্ণ মিশন ক্রিটিটা। মিশনের সম্পাদক করে স্থামী সারদানন্দকে দিলেন পরিচালনার ভার। সারদানন্দ জীবনের শেষ দিন অবধি সে কাজ পরিচালনা করে যান।

আজ যে রামক্ষণ মিশন এত বড় হয়েছে তার গোড়ার দিকের কথা বলতে গেলে বলতে হয় সারদানন্দের কঠোর পরিশ্রমের জ্যুই তা সম্ভব হয়েটে।

গিরিশ বাবুর ছেলে শরতের বাল্যকাল থেকেই সেবাভাব আমরা

দেখেছি। কাজেই, সেবাব্রতী শরতের হাতে একটা দেবা প্রতিষ্ঠান অষ্ট্রভাবে গড়ে উঠবে বই কি !

পৌষ মানেব্রু এক শীতের রাতে আমাদের শরত এসে মাটির পৃথিবীতে ধরা দিয়েছিলেন। সেই দিনটি ছিল বার-শ' বাহান্তর সালের সাতই পৌষ! শরতের আগমনের আগে থেকেই আরো তিনটি প্রাণী এসেছিলেন গিরিশ যাবুর বাড়িতে। তাঁরা হলেন শরতের দিদি।

তিন মেয়ের পর পিরিশ বাব্র এই প্রথম ছেলে। আমাদের বাঙালীর ঘরে সাধারণত মেয়ের চেয়ে ছেলের আগমনে আননদ উৎসব হয় বেশী। তার ওপর পরিবারের মধ্যে যদি প্রথম ছেলে হয়, তবে তো আর কোন কথাই থাকে না। সংসারে আতুরে তুলাল হয়ে ওঠে সে।

শরত ধীরে ধীরে বড় হয়ে উঠতে লাগলেন। দেখতে না দেখতে নবাগত ফুন্দর শিশুটি নিজের ও পাশের বাড়িব সকলের বুকের ধন, চোথের মণি হ'যে উঠলেন।

ধনী গরিব, ভাল মন্দ, ছোট বড়—সব বাপ-মা-ই নিজের ছেলেমেয়েকে অন্তর দিয়ে ভালবাসেন। শরতের মা-বাবাও তাঁকে ভালবাসতেন, একথা না বললেও চলে। শরত শুধু মা-বাবার ভালবাসাই পেয়েছেন তা নয়, তিনি পাড়ার লোকদেরও আদ্ব-যত্ত পেয়েছিলেন।

শিশুরা থেলা করে যে আনন্দ পায় আর কোন বিছুতেই তা পায় না, এ কথা আগেই বলেছি। শিশু শরতও অনেক রকম থেলা করেন। সব থেলার মধ্যে পূজার বাদন নিয়ে থেলা করতেই তিনি বেশী আনন্দ পান। শরতের থেলার স্থবিধের জন্ম তাঁর বাবা তাঁকে এক সেট্ পূজাের বাদন কিনে দিলেন।

শরত মনের আনন্দে দে দব বাদন নিয়ে থেলা করেন।
শরতকে কেউ কথনও রাগ করতে দেখে নি। কেউ তাঁকে বকুনি

দিলে তিনি হাসিমুখে তা সহাকরতেন। বন্ধুদের সংগে কোনদিনই তাঁক কাগড়া হত না। শাস্ত অভাবের জন্ম স্বাই তাঁকে ভালবাস্ত।

পাড়ার ছেলের। মিলে একটি ক্লাব খুললে। ক্লাবে রোজ ডন, কুন্তি, বারবেল থেলা প্রভৃতি নানারকমের ব্যায়াম হত। শরতও সেই ক্লাবের সভ্য হলেন। তিনি মূঞ্জর ভাঁজাই বেশী পছন্দ করতেন। বেশ বড় রকমের এক জোড়া মূঞ্জর সেই ক্লাবে ছিল। মূঞ্জরের ওজন ছিল পীয়ত্তিশ সের। তিনি সেই মূঞ্জর ভাঁজতেন।

সব ক্লাবেই থেলা ধূলো নিয়েই ছেলেরা থাকে। কিন্তু শরতদের ক্লাবে থেলাধূলা ছাড়া রোগীর সেবা করা এবং মাঝে মাঝে সভা-সমিতি করে নান' বিষয় আলোচনা হত।

এই আলোচনা সভায় আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, বিতর্ক আলোচনা হত। কোন কোন দিন মহাপুরুষদের জীবনী সম্বন্ধেও আলোচনা হত।

একবার রাবের উৎসব উপলক্ষে রাবের ছেলেদের দল দক্ষিণেখরে থেলা দেখাতে এল। শরতও তাদের সংগে আছেন। দক্ষিণেখরে রামরুফদেব থাকেন, একথা আগেই জেনেছ। শরতের সংগে সেখানে রামরুফদেবের দেখা হল।

রামকুফাদেব তাঁকে অনেক আদের আপ্যায়ন করলেন। এর পর থেকে শরত প্রায়ই দক্ষিণেখরে বেড়াতে আদতেন। শরতের ভাই শনী অনেকদিন থেকেই রামকুফোর নিকট আদতে থাকেন। সন্মানী হ্বার পর শনীর নাম হয়েছিল রামকুফোনক।

শরতকে যথাসময়ে এলবাট স্থলে ভর্তি করিয়ে দেওয়া হল। সেথান থেকে তিনি এনটান্স পাশ করেন। তারপর সেওট জেভিয়াস কলেজে ভর্তি হলেন। সেওট জেভিয়াসে মাত্র অল্পনিন পড়েছিলেন। পরে: মেডিকাাল কলেজে পড়েন। রামক্ষের শরীর যাবার পর শরত সংসার ত্যাগ করে বরানগ্র মঠে চলে আসেন। শরত ব্রেছিলেন, সন্নাস জীবনের সার্থকতা উপলব্ধি করতে হলে কঠোর তপস্থার প্রয়োজন। তাই তিনি বরানগর মঠে কঠোর তপস্থায় নিজেকে তৃবিয়ে দিলেন। সন্নাস গ্রহণের পর শরতের নাম হল স্বামী সারদাননা।

বরানগর মঠ থেকে স্বামী সারদানন্দ ভারতের তীর্থস্থান দর্শন করতে বের হলেন। কাশী, লক্ষ্ণৌ, হরিধার ভ্রমণ করতে করতে তিনি হ্যাকেশে এলেন।

হবীকেশে সারদানন্দ রয়েছেন। একদিন তাঁর সংগে একজন বুদ্ধ
সাধুর দেখা হল। সাধুটি খুব সাদাসিধে সরল প্রকৃতির লোক। সাধ্
রোজ গীতা খুলে গীতার পাতা উন্টাতেন। তারপর একটা ছোট লাঠি
মাথায় ঠেকিয়ে প্রণাম করতেন।

একদিন শরত মহারাজের ইচ্ছে হল তিনি সাধুর কাছে গীতার ব্যাখ্যা ভনবেন। তিনি সাধুকে গীতা পড়ে ভনাতে বললেন।

শাধু ধীরভাবে বললেন, তিনি মূর্য, গীতার কিছুই জানেন না। এমন কি পড়ভেও পারেন না। তবে প্রথাস্থায়ী গীতা নিয়ে একবার ভার পাডাউন্টান। এ তাঁর নিতা কর্ম।

স্বামী সারদানন্দ অবাক হয়ে গেলেন!

সাধু তাঁর আগের জীবনের ঘটনা সব বলতে লাগলেন। তিনি রান্ধণের ছেলে। সংসারও তাঁর ছিল। ছেলেমেয়ে ও পরিবারের থাওগা-পরার কোন ব্যবস্থা করতে না পেরে তিনি ডাকাতি করতে আরম্ভ করলেন।

পথে লোকজনদের কাছ থেকে ডাকাতি করে যা পেতেন, তা দিয়েই তিনি সংসার চালাতেন। একদিন কোন শিকার মিলল না। বাড়িতে স্ত্রী-পুত্র থিদের জ্বালায় ছট্ ফট্ করছে। শিকারের সন্ধানে তিনি পথে পথে ঘুরে বেড়াতে লাগলেন। ঘুরতে ঘুরতে পথিমধ্যে একটা শিবমন্দির দেখতে পেলেন।

মন্দিরে অনেক গর্মাপত্র ও টাকা পর্যা আছে মনে করে দরজা ভেঙে তিনি মন্দিরে চুকলেন। অন্ধকারে হাতড়ে হাতড়ে কিছুই পেলেন না। তাঁর রাগ হল।, নিকটেই ছিল একটা লাঠি। লাঠিটা নিয়ে তিনি শিবের মাথায় মারতে লাগলেন।

শিবঠাকুরকে মারতে মারতে হঠাৎ তাঁর মনে হল, তিনি একি করছেন। আদ্দাের ছেলে হয়ে দেবতাকে লাঠি দিয়ে মারছেন। পেটের জালা সইতে না পেরে দেবতার জিনিস চুরি করতে এসেছেন। এ কার জন্ম ?

এ সব কথা মনে হতেই সংগে সংগে তাঁর হৃদয় ত্যাগের জ্যোতিতে আলোকিত হল। এত দিন যে ডাকাতি করে পাপ কাজ করে এসেছেন তার জন্যে তিনি অন্ততাপ করতে লাগলেন। তারপর তিনি লাঠিটিকে সংগে করে বেরিয়ে পড়লেন এবং ঠিক করলেন আর বাড়ি ফিরবেন না।

চলতে চলতে পথে একজন সাধুর সংগে তাঁর দেখা হল। সেই সাধুর কাছে দীক্ষা নিয়ে তিনি সাধন ভজনে নিজেকে ডুবিয়ে দিলেন। এখন আর তাঁর কোন হঃখ নেই। তিনি বেশ আনন্দে আছেন।

লাঠিটিই তাঁকে সাধুজীবনের পথ দেখিয়েছে, সেজন্মে তিনি তাকে গুকুরপে পূজো করেন।

স্থামী সারদানন্দের সহনশীলতা ও ধৈর্য অনুকরণীয়। বিপদের মধ্যেও তিনি বিচলিত হতেন না। সাধারণ মাছবের মত মনকে চঞ্চল হতে দিতেন না। তাঁর জীবনের এমন অনেক ঘটনা আছে যা সাক্ষ্য দেয় যে, মৃত্যুকে সামনা সামনি দেখেও তাঁর হলয় ও মন কথনও চঞ্চল হয়নি। আমেরিকা থেকে ফিরে এদে স্বামী সারদানন্দ কাশ্মীর ভ্রমণে চলেছেন। রাওয়ালপিণ্ডি থেকে টাংগায় চড়লেন।

টাংগাটা ছিল ভাকগাড়ি। ছ তিন দিন চলার পর একদিন সকাল বেলায় রাস্তার মোড়ে ঘোড়াটা গেল ভড়কে, দিল এক লাফ। তারপর ছুটল ঢালু পথে চার পাঁচ হাজার ফুট নিচে, যেখানে মৃত্যু অপেক্ষা করছে। পেছনে আসছে একটা প্রকাণ্ড পাথর গড়াতে গড়াতে।

মৃত্যু অনিবার্য। কিন্তু সারদানন্দ একটুও বিচলিত হলেন না। এমন সময় ঘোড়াটা একটা গাছের গুঁড়িতে এসে ধাকা থেয়ে থেমে গেল। আর কোচম্যান মেলব্যাগ সহ দুরে ছিটকে গিয়ে পড়ল। সেই বড় পাথরটা গড়াতে গড়াতে এসে ঘোড়াটাকে চাপা দিয়ে গেল, সংগে সংগে ঘোড়াটাও মরে গেল।

কিন্তু সারদানক তথনও টাংগায় স্থির হয়ে বদে আছেন। তিনি গাড়ি থেকে নেমে দেখলেন কোচম্যান অজ্ঞান হয়ে, পড়ে রয়েছে। তিনি শুশ্রুষা করে তার জ্ঞান ফিরিয়ে আনকোন।

কোচম্যান স্বস্থ হয়ে গাঁ। থেকে কয়েকজন লোক ডেকে নিয়ে এল। গাঁয়ের লোকের। মেলব্যাগ গাড়িতে তুলে দিলে এবং গাঁ থেকে একটা ঘোডা এনে গাডি টানার ব্যবস্থা করে দিলে।

এবার জ্লে।

তর তর করে বয়ে চলেছে গঙ্গা। নদী-ভরা জল। টলমল টলমল। তারই ওপর দিয়ে পাল টাঙিয়ে চলেছে একটি দেশী নৌকা।

নৌকাতে বহু লোক। স্থামী সারদানন্দও তার দলবল নিম্নে রয়েছেন সেই নৌকায়। মাঝি হালটি বেশ শক্ত করে ধরে মনের আনক্ষে বাউল স্থারের গান গেয়ে যাচ্ছে। আর মাঝে মাঝে তামাক থাচ্ছে। এমন সময় পশ্চিম আকাশে একখণ্ড মেঘ দেগা দিল। দেখতে না দেখতেই চারিদিক কালো মেঘে ঘিরে ফেলল। নামল ভীষণ জোরে বাড় আরে ব্রিট।

নৌকো তথন ভূবু ভূবু। বাজীরা ভয়ে আভিংকে চেঁচাতে লাগল।
শরত মহারাজ মাঝিদের দেওয়া তামাক থাচ্ছিলেন। তিনি তথনও
তামাক থেয়েই যাচ্ছেন।

শরত মহারাজকে এভাবে চুপ করে তামাক থেতে দেখে যাত্রীদের মধ্যে একজন বলে উঠল, আপনি বেশ লোক দেখছি। এদিকে নৌকো ডুবছে আর আপনি মজা করে তামাক থাচ্ছেন।

— ভামাক থাব না ভো নৌকো না-ডুবতেই জলে বাঁপিয়ে পড়তে হবে নাকি ?

এবার সমুদ্রে।

ভূমধ্য সাগবের বৃক চিবে একটি জাহাজ চলেছে বিলাতের দিকে। জাহাজে সাদায় কালোয় মেশানো বছলোক। যাত্রীদের মধ্যে আমাদের স্বামী সারদানন্দও রয়েছেন।

স্থামী সারদানন আপন মনে সম্জের দৃখা দেখছেন। সম্জ-যাতা। তাঁর এই প্রথম। কাজেই, সম্জের অপূর্ব শোভা তাঁর মনকে এক ভাবরাজ্যে নিয়ে গেল।

এমন সময় উঠল ভীষণ ঝড়। ঝড়ের চোটে জাহাজ খুব জোরে লোল থেতে লাগল।

সমূদ্রের ঝড় কত বিপদের, কল্পনা কর দেখি। যেখানে কেবল জল আবে জল, কোন ক্ল-কিনারা নেই। জাহাদ্ধ ডুবলে যাত্রীরা যাবে কোথায় ? সম্পূৰ্থ মৃত্যু নিশ্চিত জেনে সব লোক আতংকে হতত্ব হয়ে গেল। জাহাজে কান্নার রোল উঠল। কিন্ধু,সারদানন্দ চূপ করে বদে আছেন, যেন জাহাজে কিছুই হন্ননি। আশ্চৰ্য মহাপুক্ষ বটে! কোন বিপদই তাঁকে টলাতে পারে না। একেই বলে বিপদে যে ধীর সেই তো বীর।

স্থামী সারদাননকে কেউ কথনও রাগ করতে দেখে নি। কেউ তাঁকে
তিরস্কার করলেও তিনি রাগ করতেন না, হাসি মুখে সব কথাই সহ্
করতেন। কোন কর্মী কোন অভায় কাজ করলে তিনি তাকে না বকে
মিষ্ট কথায় ব্বাতেন।

রামকুক্ত পর্মহংসদেব বলতেন, সৃহ্ কর, সহ্ কর। যে সয় সে রয়, যে না সয়, সে নাশ হয়।

স্থামী সারদানন ছিলেন সহগুণের জলন্ত উদাহরণ।

সাধারণত সকলেই বিপদে পড়ে বৃদ্ধি হারিয়ে কেলে এবং বিপদে কি করা কওঁবা ঠিক করতে না পেরে অস্থির মনে যাতা করে বসে। তার কলে আরো বিপদ্গস্ত হয়।

কিন্তু বিপদে স্থামী সারদানন্দ কথনও ঘাবড়াতেন না। তিনি যা কর্ত্তব্য বলে মনে করতেন তা ঠিকভাবে করতেন। কোন বাধা এলেও তিনি মানতেন না।

তাঁর আর একটি মহৎ গুণ ছিল, কেউ তাঁর কাছে অপরের নিন্দে করতে এলে তিনি শুনেও কানে নিতেন না। তিনি বলতেন, পর্নিন্দে তোকরবে না-ই, শুনবেও না।

স্থামী সারদানস্থের যে সব গুণের কথা শুনলে তা যদি তোমরা নিজেদের জীবনে ফুটিয়ে তুলতে পার, তবে ভবিস্থাতে ভোমরাও তোমাদের জীবনকে স্ক্রভাবে গড়ে তুলতে পারবে।

স্বামী প্রেমানন্দ

মান্ত্য মান্ত্যকে ভালবাদে, আদর করে। এটি ভগবানের দান। যে ভালবাদা পায় দে ভাগ্যবান। আর যে ভালবাদা দিয়ে অন্তকে আপন করে নিতে পেরেচে সে আরো ভাগ্যবান।

ভালবাসা হ' রকম—স্বার্থের ভালবাসা আর নিঃস্বার্থের ভালবাসা।
এর মধ্যে নিঃস্বার্থ ভালবাসাই শ্রেষ্ঠ।

যাকে ভালবাদবে, তার মংগল কামনা করে তা করতে হবে। তার কাছ থেকে কোন কিছু পাবার বাসনা থাকবে না। এরই নাম নিঃমার্থ ভালবাসা।

আজ বাঁর কথা বলতে বসে ভোমাদের এতগুলো কথা বলতে হল, তাঁর সমস্ত জীবনটাই ছিল ভালবাসায় পূর্ণ। তাঁর কাছে যিনি এসেছেন তিনিই পেয়েছেন ভালবাসার অমৃত আখাদন। তাঁর ভালবাসার তুলনা হয় না। তিনি কি ভাবে লোকদের ভালবাসতেন তাঁর জীবনী থেকে এখন ভোমাদের তা ভুনাব।

যার কথা বলতে যাতিছ তিনি হলেন স্থামী প্রেমানন্দ। ছোটবেলার নাম বাবুরাম।

বাংলার মধ্যে ছগলী এ:টি ছোট্ট জেলা। ছগলী জেলার মধ্যে আঁটপুর এনে। গ্রামটি নেহাৎ ছোট নয় আর বাঙালীর কাছেও অজানা নয়।

আঁটপুরের ঘোষ আর মিজিরদের নাম সকলেই জানে। কারণ, গ্রামটিতে ঘোষ আর মিজিরদেরই প্রতিপত্তি বেনী। ঘোষ বংশের তারাপদ ঘোষ হলেন বাবুরামের বাবা, আর মিজির বংশের মাতংগিনী দেবী হলেন তাঁর মা। মা-বাৰা ছু'জনেই খুব ভাল, ধাৰ্মিক লোক। স্থাধর সংসারে তাঁরা বাস করেন।

বাবুরামের শুভাগমনের সংবাদে আঁটপুরের ঘোষদের বাজিতে আনন্দের চেউ উঠেছিল। বাবুরামের জন্মের আগে তারাপদ বাবুর এক মেয়ে হয়। তাঁর নাম ক্লফ্ডভাবিনী।

শিশু বাবুরাম ধীরে ধীরে বড় হতে লাগলেন।

কয়েক বছরের মধ্যেই বাবুরামের আবো ছ'জন সংগী হল। তাঁরা হলেন তাঁরই চোট ভাই।

ক্রমে বাবুরামের স্থলে ধাবার বয়স হল। তাঁর বাবা গ্রামের পাঠশালায় তাঁকে ভতি করে দিলেন। দেখতে দেখতে পাঠশালার পড়াও শেষ করে ফেললেন। গ্রামে কোন বড় স্থল নেই। কাজেই, পড়ার স্থবিধের জন্মে তাঁকে আনা হল শহরে, কলকাভায়।

কলকাতায় এসে তিনি এরিয়ান স্থলে ভতি হলেন। বিছুদিন পরে মেট্রোপলিটন ইন্ষ্টিটিউশন জামপুক্র ব্রাঞ্চে চলে আসেন। সেই স্থলের তেডমাষ্টার ছিলেন মহেন্দ্রনাথ গুপ্ত।

রামকৃষ্ণ কথামৃত একখানি নাম-করা বই। এই বইটির নাম নিশ্চম তোমরা ভনেত। মহেজনাথ গুপ্ত সেই বইখানা লিখেছেন।

মহেজাবাবু প্রায়ই রামকৃষ্ণদেবের নিকট আস্তেন। তাঁকে সকলেই মাস্টার মশাই বলে ডাকত।

স্বামী ব্রহ্মানন্দের কথা তোমরা আগেই জেনেছ। তিনিও তথন মেট্রোপলিটন স্কুলে পড়তেন। বাবুরামের সংগে তাঁর সেথানে আলাপ পরিচয় হয় এবং এই পরিচয় ক্রমে বন্ধুত্বে পরিণত হয়।

ছাত্রদের মধ্যে ভাল ছেলে দেখতে পেলে মাস্টার মশাই তাদের দক্ষিণেশ্বরে নিয়ে যেতেন। বাবুরামকেও তিনি দক্ষিণেশ্বরে নিয়েছিলেন। একদিন দক্ষিণেশর বেড়াতে এসে বাবুরাম দেখতে পান পঞ্চবটিতে একদল ছেলে চড়ুইভাতি উৎসব করছে। ছেলেদের মধ্যে রাখাল, নরেন প্রভৃতিও আছেন।

একদল ছেলে রালা করছে, একদল জল আনতে গলায় গেছে, অক্তদল কাঠ কুড়তে বনে বনে ঘুরে বেড়াছে। বাকী সব ছেলেরা থেলা নিয়ে আমোদে মেতে আছে। বাবুরাম আর থাকতে পারলেন না। তিনি এই আমোদ উৎসবে বাঁপিয়ে পড়লেন।

উৎসবের পর সন্ধ্যায় ছেলের দল যে-যার বাড়ি ফিরে যায় : নরেন ও রাধালের সংগে ভাব করে নিয়ে বাবুরামও তাঁদের সংগে যান।

বেল্ড মঠ অনেকেই দেখেছ, যারা দেখ নি, তারা নাম শুনেছ নিশ্চর। বেল্ড মঠ ভারতের একটি প্রদিক সম্যাদীর আশ্রম। এই মঠকে দেখবার জন্ম দেশ-বিদেশ থেকে লোকজন আদে।

বাবুরাম মহারাজের সময় ধারা মঠে বেড়াতে অসতেন তিনি তাদের সকলকে ভালবেদে প্রদাদ, ফল, মিটি, কত কিছু ধাইরে দিতেন। শুধু তাই নয়, প্রভ্যেককে নিজের লোকের মত আদর আপ্যায়ন করতেন। তাঁর ভালবাসায় ভূলে যেত তারা তুঃথ কট, সংসারের শোক তাপ।

ছোটদেরও তিনি খুব ভালবাদতেন। ছোটদের প্রতি তাঁর কিরুপ ভালবাদা ছিল এখানে তার একটি ঘটনা উল্লেখ করছি।

কাস্ত্রন মাসে রামক্রকদেবের জ্যোৎসব বখন হয় তথন থেলুছ মঠে লক্ষ লক্ষ লোক এই উৎসব দেখতে আসে। এত লোকসমাসম বেখানে হয় সেথানে স্বেছাসেবকও প্রয়োজন হয় বছ। তাই হাজার হাজার স্বেচ্ছাসেবক কাজ করার জন্ম সেনিন বেলুড়ে আসে।

একবার একজন স্বেচ্ছাদেবক সারাদিন উৎসবের পাটুনি থেটে ক্লাস্ত হয়ে পড়ে। সন্ধ্যায় সে একটা বেকে ভয়ে পড়ে। বেলুড়ে যারা গেছ তারা জান সেখানে কি রক্ম মশার উপদ্রব হয়।
সন্ধ্যা হলে কোথাও চুপ করে বসার উপায় নেই। এক মিনিট বসতে না
বসতেই ঝাঁকে ঝাঁকে মশা এসে অস্থির করে তোলে।

ব্যেচ্ছাদেবকটি মশার আক্রমণে অন্থির হয়ে ওঠে, ঘূম্তে না পেরে ছটফট করতে থাকে।

বাবুরাম মহারাজ এমন সময় পাশ দিয়ে যাচ্ছিলেন। তিনি তার কট সইতে পারলেন না। তথনই তিনি একথানা পাথা নিয়ে তার পাশে বদে হাওয়া করতে থাকেন।

রাত ক্রমে গভীর হতে থাকে। তবু সামী প্রেমানন্দ তার পাশে বসেই আছেন। তাঁকে শোবার ঘরে দেখতে না পেয়ে তাঁর সহক্ষিগণ গোজা করতে লাগলেন। খুঁজতে খুঁজতে তাঁকে সেখানে পাওয়া গেল।

- —মহারাজ কি করছেন ? রাত যে অনেক হল, ঘুমুতে যাবেন না ?
- আহা, বেচারা সারাদিন থেটে একটু বিশ্রাম করতে এসে ভ্রেছে,
 মশার জালায় তাও পাচছে না, তাই মশা তাড়াচ্ছিলুম।

কলকাতার কোন সম্রাপ্ত বংশের একটি ছেলে থারাপ ছেলেদের সংগে মিশে গোলায় যাচ্ছিল। ছেলেটির আত্মীয়-স্বস্তনেরা বহু চেটা করেও তাকে সংপথে আনতে পারলেন না। তাঁরা হতাশ হয়ে পড়েন এবং সকলেই মনে ক'রে নিলেন, এই ছেলেকে আর ভাল করা যাবে না।

ছেলেটির একজন আত্মীয় স্বামী প্রেমানন্দের নিকট আসতেন। তিনি একদিন বাব্রাম মহারাজকে ছেলেটির কথা সব জানালেন। ছেলেটি যাতে ভাল হয় তার জল্ঞে আশীবাদ করতে বললেন।

বাবুরাম মহারাজ সমস্ত ঘটনা শুনে সেই ভত্রলোককে কথা দিলেন তিনি তাকে দেখতে যাবেন। পরে তিনি একদিন ছেলেটির বাড়ি যান এবং তার সংগে অনেকক্ষণ কথাবার্তা বলেন। কথাবার্তার পর তাকে নিয়ে তিনি বেলুড মঠে ফিরে এলেন।

মঠে এদে বাব্রাম মহারাজ তাকে ভাল ভাল থাবার থেতে দিলেন। ছেলেটি আমোদ করে তা থেলে। মঠে তথন গান হচ্ছিল। থাওয়া দাওয়ার পর ছেলেটি গান শুনতে গেল। গান শোনার পর দে বাড়ি চলে থায়।

বার্রাম মহারাজের নি:স্বার্থ ভালবাসায় মৃশ্ধ হয়ে ছেলেটি ভাবে, কি স্থন্দর লোক তিনি। এত ভাল মাস্থ্য সংসারে আছে!

কিছুদিন পরে স্বামী প্রেমানল ছেলেটিকে মঠে নিয়ে এলেন এবং নিজের সংগে রেখে শিক্ষা দিতে লাগলেন।

ছেলেটির এমন কতকগুলি থারাপ অভ্যাস হয়েছিল, তা বলার নয়। সে খুব নেশাথোরও ছিল। নেশার জিনিস না হলে তার একদিনও চলত না। সন্ম্যাসীদের সংগে মঠে আছে, এখন নেশার জিনিস পায় কোথায়। সে বডুই অস্তবিধা বোধ করতে লাগল।

বাব্রাম মহারাজ সব ব্রুতে পারলেন, তিনি নিজে প্রসা দিয়ে তার নেশার বাবস্থা করে দিলেন।

কথায় বলে, অভাবদোষ মরলেও যায় না। ছেলেটিকে তিনি এত যয় করছেন, তার সব রকম ব্যবস্থা করে দিচ্ছেন, তবুসে মাঝে মাঝে সেই আগেকার বন্ধুনের কাছে পালিয়ে যেত।

বাৰুরাম মহারাজও ছাড়বার পাজ নন। সে যতবার পালিয়ে যেত ততবারই তিনি তাকে ধরে আনতেন আর মিট কথায় বোঝাতেন।

এভাবে একটি থারাপ ছেলেকে নিয়ে পড়ে থাকতে দেথে অনেকেই বাবুরাম মহারারাজকে বললেন, আপনি বুথা চেষ্টা করছেন। গাধা পিটে কোনদিন ঘোড়া হয় না। এ ছেলেকেও মানুষ করতে গারবেন না। বার্রাম মহারাজ সব কথাই শুনে গেলেন, কোন কথার জবাব দিলেন না। তাঁর অসীম ধৈর্যের কাচে সকলের কটবাক্য হার মেনে গেল।

যাহোক তাঁর মেহ ও ভালবাসার টানে ছেলেটি ক্রমে ভাল হয়ে উঠল। পরে ছেলেটি সন্ন্যাসী হয়ে যায় এবং রামুক্তফ মিশনের একজন নামকরা কর্মী হয়ে ওঠে।

বনের পশুপকীকে ভালবাসার দ্বারা বশে অংশ আনা যায়, আর একজন মানুষকে পারা বাবে না? বাবুরাম মহারাজ এখানে দেখিয়ে দিলেন কি করে ভালবাসায় হলর জয় করতে হয়।

মা-বাবা সম্ভানকে ভালবাসেন, তা সকলেই জানে। আমরাও তাঁদের ভালবাসি। বাবা লেথাপড়া জানেন, আমাদের জন্ম তিনি উপার্জন করে আনেন। বাইরেও তাঁরে খুব সম্মান। এত সব জেনেও আমরা বাবার চেয়ে মাকে বেশী ভালবাসি কেন বল দেখি ? মা আমাদের বেশী ভালবাসেন বলেই।

স্থামী প্রেমানন্দের ভালবাসাকে মায়ের ভালবাসার সংগে তুলনা করা চলে। তাঁর ভালবাসায় মৃগ্ধ হয়ে অনেকে ভক্তিভাবে তাঁকে বলভেন, ভিনিবেন মঠের মা।

ময়মনসিংহ হ'ল বাংলার একটি বড় জেলা। চারিদিকে সব্জ ধানের ক্ষেত্ত আর বর্ধার জলে জলময় স্থান। থাল বিল আর নদীতে চলে নৌকা। জলের ওপর ভেদে বেড়ায় হাঁস, পান-কৌড়ির দল। কি সন্দর্ভ পল্লীমায়ের সেই শোভা।

ঘারিন্দা ময়মনসিংহ জেলার একটি গ্রাম। গ্রামে আজ আনন্দ উৎপব। বহু দূর দূর গ্রাম থেকে ছুটে আসছে ঘারিন্দার দিকে হিন্দু-মুন্লমান। উৎসবটি হল—স্বামী প্রেমানন্দ আজ এই গ্রামে আস্বেন, বক্তৃতা করবেন। রান্তায় লোক চলে আর বলে বেড়ায়, বড় সাধু আসছেন। গাঁয়ের চাষীরা বলে, আমাদের শীর সাহেব আসবেন।

থামী প্রেমানন্দ রেল স্টেশন থেকে নামতেই দলে দলে লোক এসে যিরে দাঁড়াল ট্রেনথানি। বিপুল জয়ধ্বনির মাঝে এগিয়ে চলেন তিনি। জমে এসে পৌছলেন ঘারিন্দা গ্রামে, বেথানে অপেক্ষা করছে বিশাল জনতা। সভা আরম্ভ হল, বকুতা শুনে লোক মৃগ্ধ হল।

সভা শেষ হয়ে যায়। লোকেরা চলে যায় বে-বার পথে। গেল নাজন কয়েক জ্ঞানপিপাসিত প্রাণী।

- আপনি বলেন সকলের ভেতর থোদা আছেন। সব ধর্মই সমান, কোন ভেদ নাই। তাই যদি সতিয় হয় তবে আপনি আমাদের ছোঁয়া জল থাবেন কি ?
- মুসলমানের ছোঁয়া খেলে জাত যায় না। হাঁ, তুমি নিয়ে এস, ভোমার হাতে আমি থাব।

যে মুসলমান ভদ্রলোকটি প্রশ্ন করছিলেন, তিনি একজন সন্ধান্ত লোক। তিনি একথালা থাবার এনে স্বামী প্রেমানন্দকে দিলেন। তিনি কোন সংকোচ না করে তা গ্রহণ করলেন।

বাব্রাম মহারাজ বলেন, রামক্ষণদেব এসেছিলেন হিন্দু-মুসলমানের রগাড়া মেটাতে। তিনি হিন্দু হয়েও মুসলমান ধর্মে দীক্ষা নিয়ে নমাজ পড়তেন ও সাধন করতেন। রামক্ষের এই সাধনার মূলে ছিল হিন্দু-মুসলমানকে একত্রে মিলিয়ে দেওয়া। স্বামী প্রেমানন্দ দেখালেন মিলনের এই উপায়।

জাতি যদি এই মনোভাব নিয়ে এগিয়ে যায়, তবে দেশের শান্তি ফিরে স্মাসবে এবং হবে জাতির পক্ষে মহা কল্যাণ।

্ত্রেমানন ময়মনসিংহ থেকে গেলেন ঢাকায়।

গ্রামকে তিনি বেনী ভালবাদেন। গ্রামের চাবীরা সরল। শহরের কুটিলতা তাদের ভেতর চুকতে পারে নি। ঢাকা এসে তাই তিনি গেলেন গ্রামে।

বে প্রামে তিনি এসেছেন তার নাম হাসার। ুহাসার। এসে-দেখলেন, কচুরিপানায় ভরে গেছে সব পুকুর। প্রামের লোকেরা সেই পুকুরের জল পান করে। তারা বছরের বেশীর ভাগ সময় তাই ভোগে ম্যালেরিয়া কলেরা প্রভতি রোগে।

গ্রাম থেকে তিনি বেছে নিলেন একদল কর্মঠ যুবক। যুবকদের উৎসাহী
করে তাদের নিয়ে নেমে পডলেন জলের পানা পরিষ্কার করার কাজে।

ছেলের। উৎসাহ পেয়ে একে একে গাঁয়ের সব কয়টা পুকুরই সাফ করে ফেললে।

এই ভাবে এক গ্রামের পুকুর সব পরিষ্কার করে তিনি আবার অক্স গ্রামে গিয়ে সেথানেও ছেলের দল নিয়ে লেগে যান পানা পরিষ্কার করতে।

এভাবে ছু' তিন মাদ কঠোর পরিশ্রম করার পর তিনি অস্থপে পড়লেন, হল ম্যালেরিয়া। ম্যালেরিয়া থেকে ক্রমে কালাজ্ঞরে পরিণত হল। চিকিৎসার জন্মে তাঁকে আনা হল বেলুড় মঠে।

এর কিছুদিন পরে তিনি দেহত্যাগ করেন। ছর্দশাগ্রস্থ গ্রামবাদীদের তঃথ সইতে না পেরে তাদেরই জন্তে করলেন জীবনপাত।

স্বামী প্রেমানন্দ ছোটদের ধুব ভালবাসতেন। এ-কথা আগেও বলেছি। তিনি যথন যেথানে গেছেন, ছোটদের নিম্নে কাজ করেছেন। গ্রামে পানা পরিকার করার কাজও তিনি ছোটদের নিমেই করেছেন।

আমাদের তিনি যে ভালবাসা শিবিয়ে দিয়ে গেছেন, তা যেন আমরা ভূলে না ষাই। তাঁর নিঃস্বার্থ ভালবাসা আমাদের সকলকেই শিবতে হবে। এটি সকলের মনে রাধতে হবে।

স্বামী রামকুষ্ণানন্দ

রামকৃষ্ণ পরমহংসদেব লেখাপড়া বিশেষ কিছুই জানতেন না। কিন্তু তাঁর শিষ্মেরা ছিলেন স্বাই বড় বড় বিদান। ধর্মসাধনা করতে গেলে গুরুর দরকার হয়। গুরু যা বলেন তাই খুব শ্রুদ্ধা করে বিখাস করতে হয় ও সেইভাবে একমনে সাধনা করতে হয়। এ রকম না হলে কখনও ধর্মসাধনা হতে পারে না, পৃথিবীর সকল মহাপুক্ষ ও সব ধর্মই একথা বলে।

রামকৃষ্ণদেবের বেলা হল ভারী মুশকিল। তিনি যা বলেন, কোন কথাই তাঁর শিল্পেরা মেনে নিতে চায় না। বলে, প্রমাণ দাও। আজ-কালকার লেগাপড়া জানা ছেলে তারা। ভাল করে না দেখে জনে বা পরীক্ষা না করে কাকর কোন কথাই ভারা বিশাস করতে চায় না।

ধেমন শুরু তেমনি শিশু। শিশু করবার সময় রামকুঞ্দেব তাদের আনেক রকম করেই যে পরীক্ষা করে নিয়েছিলেন, তারাই বা পরীক্ষা করবে না কেন ? তাদের এই দেখে শুনে জানবার ইচ্ছে দেখে রামকুঞ্চের মনে আনন্দ ধরে না। এই রকম শিশুই তিনি খুঁজছিলেন।

তাঁর শিশুদের পরীক্ষায় রামক্ষণের পুরো নম্বর পেয়ে পাশ করলেন। তারপরই তাদের শুরু হল নতুন পথে যাত্রা। কিছুদিন পরই এমন অবস্থা হল যে, গুরুকে ছেড়ে শিশুরো থাকতে পারে না। শিশুদের মনে আনন্দের সীমানেই।

ধর্মপাধনার অনেক রকম নিষম, অনেক রকমের জপতপ সব আছে।
তার মাঝে একটি প্রধান বিষয় হল, গুরুর সেবা করা। অভাতা গুরুরা
বেভাবে শিশুদের গুরুসেবা করান, রামক্রফদেব সে রকম কিছুই করতেন
না। তিনি শুধু মাষের মত তাঁর শিশুদের ভালবাসতেন। মা যেমন

ছেলেমেয়ের দেবা করেন, তিনিও ঠিক দে রকম তাঁর শিক্সাণের থাওয়াতেন, আদের করতেন, মাঝে মাঝে দেবাও করতেন। গুরু-শিক্সা বলতে আমরা যা বৃঝি, তাঁদের ব্যবহার দে রকম ছিল না। তাদের সম্পর্ক ছিল শুধু ভালবাদার।

রামক্রফদেবের যত শিশু ছিলেন, প্রভ্যেকেই এক-একটি ভাব নিয়ে থুব উন্নতি করেছিলেন। তার মাঝে শশী ছিলেন যেন সেবার মূর্তি! তার ভেতর আরও গুণ ছিল, কিন্ধু তাঁর মত গুক্সবেণ আর কোথাও বড় দেখা যায় না। সন্ধাসী হবার পর তাঁর নাম হয়েছিল স্বামী রামক্রফাননা। তাঁর কথাই এখানে বলচি।

রামক্ষণদেবের দেহত্যাগের পর তাঁর শিশ্বদের মনে ভ্যানক ছঃথ হল।
তাঁরা তথন কি করবেন, কোথায় থাকবেন, কি ভাবে চলবেন ভেবে ঠিক
করতে পারছিলেন না। স্বামী বিবেকানন্দ ছিলেন শিশ্বদের মধ্যে প্রধান।
তাঁর পরামর্শ অভ্যায়ী ব্রানগরে একটি পড়ো বাড়ি নিয়ে শেখানে
মঠ স্থাপন করা হল এবং সন্ন্যাসী শিশ্বের। স্বাই ঐ বাড়িতে বাস
করতে লাগলেন।

এতকাল প্রতিটি কাজে প্রতিটি বিষয়ে গুরু রামরুঞ্দেব তাঁদের পরিচালনা করেছেন। তাঁরা নিশ্চিন্ত মনে সাধন ভজন করেছেন। কিন্তু যদি ভূল হয়, তা হলে আজ কে তাঁদের সংশোধন করে দেবে, নিভা নতুন প্রেরণা দিয়ে তাঁদের উন্নতির পথে নিয়ে যাবে।

বিবেকানন্দ বললেন, আমাদের অত ভয় পাবার কি আছে।
আমাদের গুরুদেব কি সত্যি সভ্যি মারা গেছেন। তাঁর শরীরটি নষ্ট
হয়ে গেছে, কিন্তু তিনি আমাদের সংগে ঠিকই আছেন। সাধারণ লোক
ও তাঁদের গুরুদেবে যে অনেক তকাং! সাধারণ লোকেরা মরে, কিন্তু
তাঁদের গুরুদেবের মত মহাপুরুদদের কথনও মৃত্যু হয় না। তাঁরা অমর।

বিবেকানন্দের কথায় সকলের প্রাণে আবার নতুন উৎসাহ জেগে উঠল। গুরুদেব রামক্লফ রাতদিন তাঁদের সংগে সংগেই আছেন। তিনি আগের মত তাঁদের ভালবাসেন, আগের মতই তাঁদের রক্ষা করচেন, একথা সত্যি সত্যি তাঁরা অফ্ভব করতে লাগলেন।

তাঁদের তথন থাওঁয়া-পরার ভয়ানক কট্ট। একজন বললেন, গুরুদেক আমাদের দেবছেন, তা হলে আমাদের এত কট কেন ?

আর একজন জবাব দিলেন, এগুলো তাঁর পরীকা। তগবানের জন্তে যথাসর্বস্ব ত্যাপ করতে আমরা রাজী আছি কিনা, গুরুদেব তাই পরীকা করচেন।

বাস. এর পর আর কথা চলে না।

এ দিকে স্বামী রামক্ষণানন্দ কোথেকে একথানি ফটো জোগাড় করে আনলেন। পরমহংসদেবের ফটো। পড়ো বাড়ির একথানি ভাল ঘর বেশ পরিকার করে ফটোথানি ভিনি বসালেন। ভাতে শিশুদের মনের উৎদাহ যেন হাজার গুণ বেড়ে গেল। গুরুদেবকে যেন ভাঁরা চোথের সামনে দেখতে লাগলেন।

পরমহংসদেবের একটি বিশেষ শিক্ষা ছিল—যা করবে, মনে প্রাণে করবে। রামকৃষ্ণানল ভাবলেন, শরীর না থাকলেও তিনি তো ঠিকই আমাদের মাঝে আছেন। গুরুদেব যথন সশরীরে আমাদের মাঝে ছিলেন তথন আমরা যে-ভাবে তাঁর সেবা করেছি, আমাদের উচিত আজও ঠিক সেই ভাবে তাঁর সেবা করা। কিন্তু তাঁর শরীর যে নেই! নাই বা থাকল। ফটো তো আছে। তিনি ফটোকেই সেবা করতে লাগলেন। রাম্না করে ভাত বেড়ে সকলের আগে ফটোর সামনে রাথতেন। বলতেন, ঠাকুর, রাম্না হয়েচে, এবার থাও।

স্বামী রামক্ষণানন্দের জীবনের কয়েকটি ঘটনা এখন ভোমাদের কাছে

বলব। তাঁর ছোট বেলাকার নাম ছিল শশীভ্ষণ, তা ভোমরা আগেই জেনেছ। শশীভ্ষণের বাবার নাম ঈশ্বরচক্স চক্রবতী। ঈশ্বরচক্স ভন্ত সাধনা করতেন।

ঈশরচন্দ্র কালীপুজো করতেন। কালীপুজোতে অনেক রকম নিয়ম আছে। থারা কতকগুলো বিশেষ নিয়ম পালন করে চলেন, তাঁদের বলা হয় ভাঞ্জিক সাধক।

এসব তাহিক সাধ্কেরা সাধারণত শাশানে থেকে উপাসনা করেন।
তাঁদের কপালে রক্তান্দন, গ্লায় ক্সোক্ষের মালা ও পরনে লাল রঙের
কাপড় থাকে। মরা মান্তবের মাথার খুলির ওপর বসে তাঁরা সাধ্ন করেন।

ঈশরচন্দ্রও দেরপ শাশানে গিয়ে সাধনা করতেন। তিনি বড় বড় দাড়ি ও লখা চূল রাথতেন। তাঁর মোটা চেহারাতে এ পোশাক বড় ফুলর দেখাত। তাঁকে দেখে মন হত যেন একজন ঋষি।

প্রাচীনকালে বড় বড় সাধকদের বলা হত ঋষি। দে সব ঋ্ষিরাও থানিকটা ঐ ধরণের পোষাক পরতেন।

মেদিনীপুর জেলার ইচ্ছাপুর গ্রামে ঈশরচন্দ্র থাকতেন। ইচ্ছাপুর গ্রামের পাশেই ছিল ঘটেখর শ্মশান। তিনি দেই শ্মশানে রাত্রে দাধন করতেন। কোন কোনও দিন নদীর ধারে বা বট অবধ বেল অথবা নিম গাছের তলায় বদেও গভীর রাত পর্যন্ত তিনি জপ-তপ করতেন।

একদিন রাত্রে ঈশরচন্দ্র গেছেন সাধন করতে মহাশ্মশানে। সাধনের কাজ শেষ করে বাড়ি ফিরছিলেন। রাত তথন জনেক হয়েছে। জন্ধকারে কিছুই দেখা যাচ্ছিল না। এমন সময় মান্তবের পারের শক ভনতে পেয়ে তিনি থমকে দাঁড়ান। দেখলেন একটি ছোট মেয়ে সে পথ দিয়ে যাচ্ছ।

—এত রাত্তে কে তুমি মা? কোপায় ঘাচ্ছ বল তো? তুমি একা কেমন করে এলে?—বলেই ঈশ্বচন্দ্র মেয়েটির কাছে এগিয়ে গেলেন। মেরেটি তাঁকে দেখেই ছুটে পালাল। কোন কথাই বললে না। তিনি মেরেটির পেছনে পেছনে ছুটে পেলেন। মেরেটি তথন ছুটতে ছুটতে মন্দিরের কাছে গিয়ে কোথায় পালিয়ে গেল আর দেখা গেল না।

তিনি তথন ব্রলেন, মা কালী বালিকার রূপ ধরে তাঁকে দেখা দিয়ে পালিয়ে গেলেন।

শশীভ্ষণের মায়ের নাম ছিল ভবস্থন্দরী। তিনি থুব সরলা এবং লক্ষাবতী মেয়ে ছিলেন।

তাঁদের বাড়িতে নারায়ণ, মনসা, শীতলা এবং সিংহবাহিনী প্রভৃতি দেবদেবীর পুজো হত। সংসারের কাজে তিনি থুব বেশী লিপ্ত থাকতেন না। এ সব পুজো-পার্বণ নিয়েই তাঁর বেশী সময় কেটে যেত।

প্রত্যেক মানুষের জীবনের একটি স্বাভাবিক গতি বা ধারা আছে।
তারা তাতেই সস্তুট থাকে এবং কতকগুলো কাজ নিয়ে ও অভ্যাসের
স্বাভাবিক ধারার মধ্যেই তাদের দিন কোনোপ্রকারে কেটে যায়। এর
বেশী তারা চায় না। কিন্তু এক-একটি মানুষ মাঝে মাঝে দেখা হায়, হাঁরা
এই স্বাভাবিক জীবনধারায় সন্তুট হতে পারেন না। সাধারণের চাইতে
তারা আরো একটু ভাল হতে চান, অগ্রবর্তী হ্বার আকাজ্জা করেন
নিজের জীবনে এবং সমাজ-জীবনে।

শশীও ছিলেন ঠিক সেই প্রকৃতির লোক। শিক্ষা লাভের সময় জীবনটি তাঁর একটি বিশিষ্ট রূপ নিয়ে আসে। তিনি বি-এ পরীক্ষানা দিয়েই সংসার তাগে করেন।

শশী বাপ-মায়ের বড় ছেলে। সব মা-বাবাই আশা করেন, বড় হয়ে ছেলে রোজগার করে এনে দেবে, আর তাঁরা বুড়ো বয়সে হথে দিন কাটাবেন। কিছু শশীর বেলায় ভা সভব হল না। শশীর কাজে তাঁর মা-বাবাসভাই হতে পারলেন না।

শনী বরানগর মঠে সকলের সংগে যোগদান করলেন। কিছুদিন পরে গুরুর সেবায় নিজেকে বিলিয়ে দিলেন। গুরুসেবার কথা আগেই পেয়েছ।

শনী বাড়ি ছেড়ে সন্ন্যানী হতে চলে গেলেন। তাঁর মা-বাবার মনে দারুণ আঘাত লাগল। বাবা তাঁকে ফিরিয়ে আনার জন্ত হতবার চেটা করেন শনীও তাঁকে ততবার ফিরিয়ে দেন। বাবা কত বোঝান—ভোমার মা তোমার জন্তে কেঁদে কেঁদে দিন কাটান। তিনি কিছুই খান না। না খেয়ে তাঁর শরীর খারাপ হয়ে গেছে। ঘরে চল বাবা। সংসারে খেকে কি ধর্ম হয় না? দেখ না, মাস্টার মশাই কেমন সংসারে খাকেন আবার মঠে এসে সাধু সংগ করেন। তুমিও ঘর-সংসার কর, আবার মঠে এসে সাধুসংগ কর, তাতে আমরা কোন বাধা দেব না।

বাবা এত ব্ঝিয়েও শশীর মন টলাতে পারলেন না। তথন ঈৃখংচক্র যান ভীষণ রেগে। রাগের চোটে াশীর গুল রামকুফদেবের নিলা শুক করে দিলেন।

শশী মা-বাবাকে খুবই ভক্তি শ্রদ্ধা করেন। কোনদিন তাঁদের মুগের ওপর কোন কথা বলেন নি। আজ বাবার মুথে গুরুর নিন্দে শুনে তিনি দ্বির থাকতে পারলেন না। বাধা দিয়ে শশী বললেন, বাবা, তুমি রামক্ষণ্ড কেকে ঠিক ঠিক ভাবে বুঝতে পার নি, তাই তুমি তাঁর নিন্দে করছ। তোমার মুথে এ শোভা পায় না। তুমি জান, গুরুনিন্দে শিয়োর শুনতে নেই। তুমি আমার বাবা হয়ে কি করে আমার সামনে আমার গুরুর নিন্দে কর বল তোঁ? এ তোমার ভারী অন্যায় হচ্ছে।

ছেলের কথায় ঈশ্বরচন্দ্রের চমক ভাঙল। আর কথা বলা হল না। ঈশ্বরচন্দ্র ছেলের গুরুভক্তি দেখে মুগ্ধ হলেন; তিনি ছেলেকে আশীর্বাদ করে ফিরে এলেন।

স্বামী রামকুষ্ণানন্দের একটা মহৎ গুণ ছিল, তিনি ধখন বে কাঙ্গে হাত

দিতেন তা শেষ করে তবে দেখান থেকে উঠতেন। তাঁর কাঞ্চ সব সময় পরিকার-পরিচ্ছন হত। এলোমেলো কাজ তিনি মোটেই পছন্দ করতেন-না। নিয়ম-শৃংখল মেনে চলা তাঁর জীবনের একটা বৈশিষ্ট্য ছিল।

বেমন টিয়া পাথির গলায় কাঁটি উঠলে আর পড়েনা, ছানাবেলায় শেখালে শীত্র পড়ে। তেমনি বুড়ো হলে সহজে ঈশবে মন যায়না, চেলেবেলায় তাদের মন অল্পতেই স্থির হয়।

स्रामी (यागानन

হিমালয় পর্বত থেকে শুরু করে দেশ-বিদেশে ঘুরতে ঘুরতে গলা একে
মিলিত হয়েছে সমূদ্রের বুকে। গলার তীরে তীরে বনে কত সাধুসন্ধাসী, মুনি-ঋষি তপস্থা করেছেন এবং এখনও কত তপন্থী বনে আছেন,
ভার কোন হিসাব মেলে না। এইসব তপন্থীদের তপস্থার পূণ্যবলে গলার
ভল ও স্থানের মাহাত্মা দিন দিনই বেড়ে চলেছে। তাই লোকেরা
গলায় স্থান করে নিজেদের শুরু পবিত্র মনে করে ধ্যা হয়।

একদল মহিলা চলেছেন গন্ধায় স্নান করতে। মহানদে তাঁরা নেছে। উঠলেন। ফেরবার পথে একজন তরুণ তপশীকে গন্ধার পাড়ে বনে থাকতে দেখে থমকে দাঁভান।

গৈরিকের পোশাক পরা সন্মাসীর ফুলর গেঁর বর্ণ চেহারা পলাশ ফুলের
মত ফুলর দেখাছিল। মহিলারা মনে করলেন, ইনি নিশ্চয় কোন বড়
ঘরের ছেলে হবেন। এমন ফুলের ছেলে ঘর বাড়ি ছেড়ে সন্মাসী হয়ে চলে
এসেছে! আহা, কোন্ মায়ের কোল খালি করে এল গো! মহিলাদের
মনের কোণে জেগে উঠল মায়ের বেদনা।

- --ই্যা গা, তুমি কাদের ছেলে গা ?
- -- ক্যা কহা মাইজী ?
- আবে রাম, এ যে মেড়ো। চল চল, এখানে থেকে কাজ নেই।

নিজের জাতের উপর সকলেরই একটা স্বাভাবিক টান থাকে।
মহিলারাও সেই সাধুকে মনে করেছিলেন বাঙালী। তাই বাংলা
মায়ের বেদনা তাঁদের ভেতর ফুটে উঠেছিল।

এই সাধু হলেন স্বামী যোগানক। তিনি বাঙালী সাধু। যে সব মহিলারা তাঁর কাছে এসেছিলেন, তাঁরা হলেন যোগানকেরই পাড়ার মেয়ে। পাছে তাঁরা তাঁকে চিনে ফেলেন, তাই তিনি হিন্দীতে কথা বলেছিলেন।

গঙ্গার ধার বেয়ে চলেছে দক্ষিণেখর প্রাম। দক্ষিণেখরের সংগে তোমরা সকলেই পরিচিত। রানী রাসমণির কালীবাড়ি আর রামকৃষ্ণ দেবের সাধনস্থান পঞ্চবটির জন্ম দক্ষিণেখরের নাম আজকাল ছেয়ে গেছে সারা জগতময়। এই কালীমন্দিরের নিকটে ছিল স্বামী যোগানন্দের ছোটবেলাকার বাসস্থান।

যোগানন্দকে ছোটবেলায় তাঁর মা-বাবা বোগেন বলে ভাকতেন। যোগেনের বাবার নাম নবীনচন্দ্র চৌধুরী।

নবীনচন্দ্র দক্ষিণেশ্বর অঞ্চলের একজন নামকরা জমিদার। সাবর্ণ চৌধুরীর বংশ বলে তাঁদের থুব গৌরব ছিল। আর এই চৌধুরীদের এক সময় বাংলায় থুব হাঁক-ডাক ছিল। তাই তাঁদের নাম শুনে অনেকে ভয়ে কাঁপত। লোকে বলত, তাঁদের প্রভাপে বাঘে গফতে এক ঘাটে জল থায়।

নবীনচন্দ্র পরম ধার্মিক ও সাধক লোক ছিলেন। তাঁর বাড়িতে গৃহ-দেবতার বিগ্রহ প্রতিষ্ঠিত ছিল। তিনি প্রতাহ সকালে নিজ হাতে ফুল তুলে এনে প্রজা করতেন। তা ছাড়া নিতা গীতা ও চণ্ডী পাঠ করতেন। এসব কাজ করে দিনের বাকী সময়টুকু জপধানে কাটিয়ে দিতেন।

নবীনচন্দ্র ফুল তুলতে যেতেন দক্ষিণেশরে রানী রাসমণির বাগানে।
শেখানে একদিন রামক্ষদেবের সংগে তাঁর আলাপ হয়। রামকৃষ্ণদেবের
সংগে আলাপ করে তাঁর খুব ভাল লাগে। তারপর থেকে তিনি প্রায়ই
তাঁর কাছে ধেতেন।

নবীনচন্দ্র জমিদার। তিনি পূজো-পার্বণ নিয়ে এমন ভাবে মেতে থাকেন যে তাঁর জমিদারী দেখার আর প্রয়োজন মনে করেন না। রাজা যদি রাজ্য না দেখেন তবে তার অবস্থা কি হয়, ভোমরা নিশ্চয় ইতিহাসে অনেক পড়েছ। রাজা যদি রাজকাজে অবহেলা করেন, সে রাজ্য যায় ছারথারে। তাতে প্রজারাও স্থাথ থাকতে পারে না। তাদের তৃঃথ বেড়েই চলে এবং কলহ-বিবাদ লেগেই থাকে।

নবীনচন্দ্রের জমিদারীতে হল তাই। আত্মীয়-পরিজনবর্ণের কলহ উপস্থিত হল। তাঁরা মামলা-মোকদমায় নিঃর্থ হতে লাগলেন। ক্রমে তাঁর জমিদারা নষ্ট হয়ে গেল। তিনি গরিব হয়ে পড়লেন। অর্থাভাবে তঃথের চরম শীমায় পৌছলেন।

নবীনচজ্ঞের তাতেও ছংখ নাই। তিনি ঠাকুর-দেবতার প্জোনিয়েই মেতে থাকেন আর মনে মনে ভাবেন, আমার যোগেন বড় হয়ে সব ঠিক করে নেবে। বাবা আমার গৃহলক্ষীকে ফিরিয়ে আনতে পারবে।

শীতের পর বসন্তের আগেমনে আমাদের বাংলা দেশে ঘরে ঘরে আনন্দের হিলোল ওঠে। কোকিলের ত্বমধুর কঠের গানে নেচে ওঠে সবার প্রাণ। আবির কুমকুমের রঙে রাঙিয়ে ওঠে সকলের মন।

চৈতের মাঝামাঝিতে দক্ষিণেশ্বর পলীতে চৌধুরীদের বাড়িতে যে ছোটু শিশুটির আগমন-সংবাদ ঘোষণা ক'রে একদিন শাঁথ বেজে উঠেছিল, সেধানে ঠিক তেমনি এক আনন্দ-কোলাইল শুনতে পাওয়া যেত। বাঙালীর ঘরে সাধারণত মেয়ের চাইতে ছেলের আগমনে আনন্দ উৎসব হয় বেনী। তার ওপর সে যদি হয় পরিবারের প্রথম সন্তান, তবে সে উৎসব-আনন্দ ভরে ওঠে আকাশ-বাতাস কাঁপিয়ে।

নবীন বাবুর প্রথম শস্তান যোগেক্সনাথ। এবার ডোমরা অন্তমান করে নাও, জমিদার সাবর্ণ চৌধুরাদের বাড়ির আনন্দ-হিল্লোলের মাতা। এর মধ্যে বলতে ভূলে গেছি, যোগেক্সনাথ কোন্ ভারিথে এসেছিলেন এই পৃথিবীতে। তিনি এসেছিলেন বারশ' সাত্যটি সালের আঠারোই চৈতা। বোগেন বাড়তে বাড়তে পাঁচ বছরে পড়ল। এখন সে ছুটাছুটি করে বন্ধুদের সঙ্গে থেলতে পারে। পাড়ার ছেলেরাও মনের আনন্দে তাঁর সাথে থেলা করে।

যোগেন থেলা তো করত ভালই। কিন্তু দে মাঝে মাঝে থেলা করতে করতে কেমন থেন হর্মে থেত। কার্মর সংগে কথা না বলে চূপ করে থাকত। আবার কথন অজ্ঞান হয়ে পড়ে বেত। অজ্ঞান হলেও তার বেশ জ্ঞান থাকত। সংগীরা ভাবত, এ আবার কি রোগ হল! ডাব্রুনর এসেও রোগ ধরতে পারেন না। সাধকরা বলেন, এর নাম সমাধি। সমাধি কাকে বলে তা আগেই জেনেত।

পড়ার বয়দ হলে তাঁকে একটা খুস্টান পাদরীদের স্থলে ভর্তি করিয়ে দেওয়া হল। পাদরীদের স্থলে পড়লে সকলকেই বাইবেল পড়তে হয়। বাইবেল হল খুস্টানদের ধর্মপুত্তক। যোগেনের বাইবেল পড়তে ভালই লাগত, তবে তার চেয়ে তাঁর বেশী ভাল লাগত রামায়ণ-মহাভারতের গল্প পড়তে।

যোগেনের বাবা নবীনচন্দ্র দাক্ষণেশ্বরে ফুল তুলতে থেতেন, একথা আগেই বলেছি। যেদিন নবীনবাবু ফুল তুলতে থেতে পারতেন না, সেদিন তিনি ঘোগেনকে ফুল আনার জন্মে পাঠাতেন।

যোগেন একদিন ফুল তুলতে গিয়ে দেখেন একটা ঘরে অনেক লোক বলে আছে আর একজন লোক কি সব উপদেশ দিচ্ছেন। তাঁর ইচ্ছা হল লোকটি কি কথা বলেন শুনতে। দরজার নিকটে দাঁড়িয়ে তিনি শুনতে লাগলেন।

—ভারী স্থন্দর ক্ষার কথা তো বলেন দেখছি! এ লোকটি কে ? পরে জানতে পারলেন তিনি হলেন রামকুফদেব।

যোগেন এত্দিন ওনেছিলেন রামঞ্চলদেব একটা পাগল। কিন্তু আজ তাঁর কথা তনে তিনি বুবতে পারলেন, এ পাগল নয়। তবে লোকে এঁকে পাগল বলে কেন? লোকে তাঁকে বুঝতে পারে না, তাই বোধ হয় একথা বলে।

তারপর থেকে যোগেন মাঝে মাঝে রামক্রফদেবের কাছে আসেন। রামক্রফদেবও আদর করে কত কি থেতে দেন। তিনি মৃগ্ধ হয়ে যান রামক্রফের ভালবাসা পেয়ে।

রামক্ষণের স্থানর স্থানর বলে উপদেশ দিতেন। যোগেনকে তিনি কি ভাবে উপদেশ দিতেন, এখানে একটু উল্লেখ করছি।

থোগেন ছিলেন নিরীহ, সাদাসিদে ভাল মাহ্য। তাঁকে কেউ কোন কটু কথা বললেও কিছু না বলে চুপ করে থাকতেন।

একবার একটা কড়া আনার জন্মে রামকৃষ্ণদেব তাঁকে বাজারে পাঠান। যোগেন বাজার থেকে একটি কড়া নিমে ফিরে আদেন। তাঁর ভাতে কড়াটি দিতেই তিনি দেখলেন এটি ফাটা।

রামকুঞ্দেব তথন তাঁকে বললেন, গ্রারে, তুই কি রক্ম বোক। ছেলে বল দেখি ? কড়াটা না দেখে নিয়ে এলি ? তোকে যে ঠকিয়ে দিলে ? সাধু হবি বলে বোক। হবি কেন ? দোকানদার তো আর সাধু হতে বসেনি যে তোর সরল কথায় বিশাস করে ভাল জিনিস দিয়ে দেবে।

ঘোগেন বলেন, দোকানদার ভগবানের দিব্যি দিলে এবং বলজে এটি ভাল, তবে তো আনলুম। ভগবানের নাম করে যে কেউ মিথ্যে কথা বলতে পারে, তা তো জানতুম না।

— বাজারে যথন কোন জিনিস কিনতে যাবি, তথন পাঁচ দোকান ঘুরে তার দাম যাচাই করবি। জিনিসটি নেবার সময় ভাল করে পরীক্ষা করে দেথবি যাতে দোকানদার থারাপ জিনিস না দিয়ে দেয়। আর যে সব জিনিসের ফাউ পাওয়া ধায়, তার ফাউটি পর্যন্ত চেয়ে আনবি।

স্বামী ত্রিগুণাতীতানন্দ

স্থামেরিকার এক বিরাট জনসভায় দাঁড়িয়ে বাংলা মায়ের এক ভক্ষণ সন্তান বক্তৃতা করছেন। বক্তৃতার বিষয় হল ভারতের ধর্ম। বক্তৃতায় মৃক্ষ হয়ে জনসমাজ পলকহীন চোথে চেয়ে রয়েছে সেই তক্ষণ সন্ধ্যাসীর মুখের দিকে।

বিরামহীনভাবে তিনি বক্তৃতা করেই যাচ্ছিলেন। এমন সময় সভার মধ্যে হঠাৎ এক বিকট শব্দ হল। চারিদিকে হইচই পড়ে গেল। সকলের মুখে ফেরে, সভায় বোমা পড়েছে।

বোমার নাম শুনেই লোকজন যে যেদিকে পারলে ছুটে পালাল। বোমার আঘাতে ঐ নবীন সন্ন্যাসী আহত হলেন। যে ছেলেটি বোমা ছুঁড়ে মারে, তার গায়েও বোমার আঘাত লাগল এবং দে সংগ্রে সংগেই মারা গেল।

আহত সন্ন্যাসীদের নিয়ে হ'মপ্রভালে ভর্তি করানো হল। পনের দিন পরে তিনিও এ জগত থেকে বিদায় নিলেন।

এভাবে ভারতের কথা ভারতের ধর্ম বিদেশে প্রচার করতে গিয়ে ধিনি নিজের প্রাণ বিদর্জন দিলেন তাঁর নাম স্বামী শিশুশাতীত্মিন। তাঁর কথাই এখন ভোমাদের কাছে বলব।

স্বামী ত্রিগুণাভীতানন্দ রামকুফ্দেবেরই একজন শিষ্য। বিবেকানন্দের সহক্ষী! বাল্যে তাঁর নাম ছিল সারদাপ্রসন্ধ মিত্র।

খুব বেশী দূরে থেতে হবে না। অতি নিকটেই পইহাটী গ্রাম। কলকাভারই কাছে। ২৪ পরগণা জেলায় তাঁর অবস্থান। এই পইহাটীর নওরা পল্লীতে আমাদের ত্রিগুণাতীতানন্দ সামীজী জন্মেছিলেন।

সারদাপ্রসলের দাদামশাই নীলকমল সরকার পইহাটীর জমিদার

ছিলেন। তথনকার দিনে অমিদারদের সকলেই ভাল করে জানত। কারণ বড়লোকদের মধ্যে তাঁদের হাক ভাক হত বেকী। সারদার দাত্র নামও অনেকেরই জানা ছিল অর্থাৎ সে অঞ্চলের তিনি একজন নাম-করা লোক ছিলেন।

সারদাপ্রসদ্ধের দাছকে চিনলে, এবার তাঁর বাবার কথা কিছু বলি।
শিবকৃষ্ণ মিত্র হলেন সারদাপ্রসদ্ধের বাবা। শিবকৃষ্ণ বাবু খুব ভাল ও পরম
ধার্মিক লোক। গাঁষের সকলেই তাঁকে খুব ভালবাসত ও প্রদান করত।

সারদাপ্রসন্ধ পাড়াগাঁরে জরেছিলেন। গাঁরের লোকের। সাধারণত সরল প্রকৃতির হয়। আমাদের সারদাপ্রসন্ধও পুব সাদাসিদে পোছের ভাল মাজুব চিলেন।

গাঁমে তাঁকে বেশী দিন থাকতে হয় নি। তিনি কিছুদিন পর কলকাতা শহরে চলে আদোন। কলকাতায় আসার পর তাঁর বাবা তাঁকে একটা স্থলে ভতি করিয়ে দেন।

সারদাপ্রসন্ধ স্থলে একে আর্মিনের মধ্যে খুব নাম করে ফেলেন।
পরীক্ষাতে সকলের ওপরে তাঁর স্থান থাকে। তাঁর স্বভাব ছিল খুব শান্ত,
এ কথা তোমরা আগেই জেনেছ। স্থলে ছাত্র ও শিক্ষক সকলেই তাঁর
ব্যবহারে সন্থট। তাই স্বাই তাঁকে ভালবাসেন ও আদ্ব করেন।

ক্লাসের ভাল ছেলেদের শিক্ষক মশাইরা বেণী ভালবাসেন, এ তোমরা নিশ্চয় জ্বান। এই স্নেহের বিনিময়ে সে-সব ছাত্র জ্বফান্ত ছাত্রদের চাইতে জনেক বেণী শেখার হুযোগ পায়। সারদাপ্রসঙ্গের সে সৌভাগ্য হুয়েছিল।

একটির পর একটি বছর চলে যায়, আর সারদাও এক ক্লাস থেকে আর এক ক্লাসে ওঠেন। এভাবে দেখতে দেখতে এণ্ট্রান্স পরীক্ষার বছর। এসে গেল। সারদা পড়াশোনায় ভাল ছিলেন তা তোমরা শুনেছ। সকলেই মনে করলে, সারদা এনট্রান্স পরীক্ষায় যে ভালভাবে পাশ করবেন, সে বিষয়ে কোন সন্দেহ নেই, বুক্তিও পাবেন।

কিছ ভাগা যদি মন্দ থাকে তবে কিছুতেই কিছু হয় না। এত আশা ভবসার মূলে আঘাত করলে পরীক্ষার দিতীয় দিনে তাঁর সোনার ঘড়ি হারিয়ে গিয়ে। এই ঘড়িটি তাঁর বড় শথের ছিল। সাধের ঘড়িটি হারিয়ে তাঁর মন খ্ব থারাপ হয়ে যায়। ভিনি দিনরাত ঘড়ির চিস্তা করতে করতে অহির হয়ে পড়েন। এর ফলে পরীক্ষা আর ভাল দেওয়া হল না।

তারপর পরীক্ষার ফল বের হলে দেখা গেল ভিনি কোন প্রকারে বিতীয় বিভাগে পাশ করেছেন।

বার আশা ছিল বিখবিভালছের মধ্যে একটি বিশিষ্ট স্থান অধিকার করবেন, তিনি কিনা বিভীয় বিভাগে পাশ করলেন! এ অপমান তাঁর কাছে মেন বজাঘাতের মত মনে হতে লাগল।

স্থূলের প্রধান শিক্ষক মহেন্দ্রনাথ গুপ্ত সারদাকে সান্থনা দেবার জয়ে শ্রীরামক্ষ্ণদেবের নিকট নিয়ে গেলেন।

মহেন্দ্রনাথ গুপ্তের কথা তোমরা আগেই জেনেছ। তিনি সারদাকে অত্যন্ত ভালবাসতেন।

রামঞ্চলবের কাছে যেতেই তিনি তাঁকে আদর করে সাস্থনা দিয়ে কাছে বসিয়ে বললেন, সোনার ঘড়ি চুরি হওয়তে তোমার মনে খুব তুঃথ হয়েছে না? যে জিনিস হাতছাড়া হয়ে গেছে, তুঃথ করে তো আর তা ফিরে পাবে না। বুখা কেন ওর জঞ্জে চিন্তা করে মন থারাপ করছ? এ সব তো সামাত্র ব্যাপার। ঐ রকম কত লোকের কত জিনিস হারায়! তাতে মন থারাপ করে কি লাভ বল তো। এসব ভুলে য়াও। তোমার সামনে আরও কত বড় কাজ পড়ে রয়েছে। ওঠ, তার জন্ম প্রস্তুত হও!

রামক্তফের কাছে সান্ধনা বাণী পেয়ে সারদাপ্রসলের নতুন জীবনের স্চনা হল। তাঁর জীবনে পরিবর্জন দেখা দিল।

প্রবেশিকা পরীক্ষায় পাশ করে তিনি মেট্রোপলিটন কলেজে পড়তে আরম্ভ করেন। কলেজের পড়াশোনা বেশ ভাল ভাবেই হতে লাগল। সেধানেও পড়াশোনায় বেশ স্থনাম অর্জন করেন ।

কিছুদিন পর তিনি রামকৃষ্ণদেবের নিকট যেতে আরম্ভ করেন। রামকৃষ্ণদেবের নিকট যাতায়াত করতে করতে সংসার তাঁর কাছে অসার মনে হতে লাগল। সংসারে কোন হথ নেই, বরং ছুঃথ বেড়েই চলে, তিনি তা ব্যতে পারলেন।

সংসারের প্রতি উদাস ভাব দেখে বাবা তাঁকে বিয়ে দেবার ইচ্ছে করলেন। বিয়ের নাম শুনেই সারদার মন খারাপ হয়ে গেলা। তিনি একদিন কাউকে কিছু না বলে বাড়ি থেকে পালিয়ে গেলেন।

সারদাপ্রসম হাটতে হাঁটতে পাশকুড়া এসে পৌছলেন। সেখান থেকে আবার হাঁটতে আরম্ভ করলেন। ক্রমে এসে একটা গভীর জংগলে পড়লেন। ভারপর সন্ধো হয়ে গেল।

জংগল তো জংগলই। ঘন বন। মাহুৰ বা মাহুৰের বাসহানের কোন চিহুই সেথানে দেখতে পাওয়া গেল না। সারদাপ্রসন্ধ পড়লেন মহা ভাবনায়। তাঁর ভাবনা হল কোথায় রাত কাটাবেন।

বনে থাকে হিংশ্র জন্ত — বাঘ, ভালুক, সাপ, আরও কত কি। তারা কথন কি বিপদ ঘটায় বলা যায় না।

মান্ত্ৰের সন্ধান খুঁজতে খুঁজতে তিনি এসে গভার বনে চুকলেন।
এদিকে রাত্ত বাড়তে লাগল। কোন আশ্রেখনা না পেয়ে অবশেষে
গাছে উঠে রাত কাটাবেন ঠিক করলেন। তিনি উঠলেন একটা
গাছে।

বে গাছে তিনি উঠেছেন সে গাছটি বড় ও মোটা। তারই একটা ভালে তিনি ভয়ে পড়লেন রাত কাটাবেন বলে।

ছ দিন কিছু খাওয়া হয় নি, তাতে আবার পথশ্রমে তাঁকে খুবই কাছিল করে তুলল। শোয়ার দংগে সংগেই তিনি ঘুমিয়ে পড়লেন।

ঘুটঘুটে নিশুভি রাত। কৃষ্ণপক্ষের আঁধারে ছ হাত দ্বের জিনিস পর্যক্ত কিছুই দেখা যায় না। পেঁচা আর ঝিঁ ঝিঁ পোকার তাকে গভীর বনের নিস্তক্ষতা ভংগ করছিল। এমন সময় সারদাপ্রসন্ম ঘুম থেকে চমকে ওঠেন এবং চোধ খুলে দেখেন, সামনে একজন বিরাট মহাপুরুষ দাঁড়িয়ে আছেন।

লোকটির বড় বড় গোঁফ দাড়ি। দেখলে মনে হয় তার অনেক বয়স হয়েছে। মাথার সব চূলেই সাদা রঙ ধরে গেছে। মুথখানা উজ্জ্বদ ভামবর্ণে জল জল করছে।

—তোমার বড় খিদে পেয়েছে না? এই নাও বাতাসা ও এক ঘটি জল। এটি থেয়ে পেট ঠাণ্ডা কর। এই বলে লোকটি কিছু বাতাসা ও জল তাঁকে গাছের ওপরে দিয়েই কোথায় চলে গেলেন।

পরদিন ভোর হলে তিনি সেই লোকটির থোঁজ করতে লাগলেন। কিন্তু কোথাও তাঁর সন্ধান পোলেন না।

ভারপর আবার হাঁটতে আরম্ভ করলেন। এভাবে হাঁটতে হাঁটতে তিনি পুরী এদে পৌচলেন।

এদিকে শিবকৃষ্ণবাবু তাঁর সন্ধান করতে করতে পুরী এসে হাজির হলেন। পুরী এসে তাঁরা সারদার থোঁজে সব মন্দিরে মন্দিরে ঘুরে বেড়াতে লাগলেন। ঘুরতে ঘুরতে হঠাৎ একদিন রাস্তায় মাতাপিতার সংগে সম্ভানের দেখা হয়ে গেল।

মা-বাবা ছেলের জত্তে কতন্ব ভাবেন, তা বোধ হয় কাউকে বুঝিয়ে বলার প্রয়োজন করে না। বাবার চেয়ে মায়ের ছুঃখ হয় আবার বেনী। এতদিন সারদাপ্রসদ্ধের সন্ধান না পেরে শিবকৃষ্ণবাব্ ও তাঁর ব্রী
পাগলের মত ছুটোছুটি করেছেন। আজ হঠাৎ রাত্তায় সেই হারানিধি
ছেলেকে চোথের সামনে দেখতে পেরে মা আনন্দে উৎফুল্ল হয়ে ওঠেন।
তিনি আনন্দের অতিশব্যে অজ্ঞান হয়ে পড়েন।

জ্ঞান হলে ছেলেকে বুকে জড়িয়ে ধরে মা কাঁদতে কাঁদতে বলেন, এমনি করে আমাদের সাগরে ভাসিয়ে দিয়ে আসতে ভোর কি প্রাণে লাগেনাবাবা ?

ছেলে কোন জবাব না দিয়ে চুপ করে থাকে।

পুরী থেকে ফিরে এসে সারদাপ্রসন্ন পুনরায় কলেজে পড়তে আরম্ভ করেন।

রামকুক্ষদের দেহত্যাগ করার পর তিনি বরানগর মঠে যোগদান করেন।

একদিন বরানগর মঠে ইইচই পড়ে গেল, স্বামী ত্রিগুণাভীতকে খুঁজে পাওয়া যাচ্ছে না। কাউকে কিছু না বলে তিনি পালিয়েছেন।

স্বামী ত্রিগুণাতীতানন্দ চলেছেন ভারতের তীর্থ দর্শনে। দিনের পর দিন একটার পর একটা দেশ তিনি ঘুরে বেড়াচ্ছেন। ঘুরতে ঘুরতে এক বার এক জায়গায় ভীষণ বাড়ের মুখে পড়েছিলেন।

পায়ে হেঁটে চলেছেন পরিবাজকের বেশে আমাদের সারদা মহারাজ। ঘে দিনের কথা বলচ্চি সেদিন ছিল রুঞ্চপক্ষের গাড় অন্ধকারের পথ। কালো। মেঘ এসে আকাশ জুড়ে বসেছে। কিছুক্ষণ পরে নামল মুঘলধারে রুষ্টি।

সারদা মহারাজ পড়লেন বিপদে। কোথায় যাবেন কি করবেন কিছুই ঠিক করতে না পেরে, সংগে যে কম্বনটা ছিল ভাই গায়ে দিয়ে বাহারে ওপর শুয়ে পড়লেন।

তিনি যেথানে ভয়েছেন তার ধ্ব কাছেই রেল-স্টেশন ছিল। কিছ

অন্ধকারের জন্ম তিনি তা কিছুই দেখতে পান নি। রুষ্টির জলে ভিজতে ভিজতে তিনি মড়ার মত পড়ে আছেন, এমন সময় লঠন হাতে একজন প্রহরী স্টেশন থেকে এ রাস্তার দিকে আসছিল। রাস্তায় এভাবে একজন সাধুকে পড়ে থাকতে দেখে প্রহরী তাঁকে বাড়িতে নিয়ে গেল।

পাহাড়ে পর্বতে ও বনে বনে যাঁরা ঘুরে বেড়ান তাঁদের নানা বাধা বিপত্তি ও বিপদের ভেতর দিয়ে এগিয়ে যেতে হয়। স্বামী ত্রিপ্তণাতীতানন্দ এক পাহাড় থেকে আর এক পাহাড়ে ঘুরে বেড়িয়েছেন।

একবার এভাবে ঘ্রতে ঘ্রতে তিনি পাহাড়ের একটা গ্রামে এসে উপস্থিত হলেন।

সে গ্রামে একটা জীর্ণ মন্দির ছিল। মন্দিরটি থুবই পুরানো। দিনের বেলায় পূজারী পূজো করে চলে যান। আবার সন্ধ্যে হলেই মন্দির বন্ধ করে দেওয়াহয়।

স্থামী ত্রিগুণাভীভানন্দ এসেছেন মন্দির দর্শনে। এদিকে বেলা পড়েল। সূর্য পশ্চিম আকাশে ঢলে পড়েছে। আঁর চিস্তা হল রাভটা কাটাবেন কোথায় ?

অবশেষে এই মন্দিরে রাত কাটাবেন বলে মনস্থ করলেন। মন্দিরে থাকতে চাইলে গ্রামবাদীরা বাধা দিলে। তারা বললে, দেখুন সখ্যাসী ঠাকুর, এ মন্দিরে থাকবেন না। এ মন্দিরে খুব মশার উপদ্রব হয়। সন্দোরের ভেতর কেউ থাকলে তাঁকে কামড়িয়ে মেরে ফেলে। মশার কামড়ে এখানে অনেক সাধু সন্ধ্যাসীর প্রাণ গেছে। সেজত সন্ধ্যে হবার আগগেই মন্দির বন্ধ করে দেওয়া হয়।

স্বামীজী একথা তানে আশুর্য হলেন। মশায় কামডালে সাধারণত ম্যালেরিয়া রোগ হয়। কিন্তু মশার কামড়ে মাহুষ মরে এমন অভূত কথা তো কথনই শোনা যায় নি। গ্রামবাসীরা যা বলচে সত্যি কিনা জানবার জন্ম তিনি মন্দিরে থাকার জন্মে আরও বেশী আগ্রহায়িত হলেন।

গ্রামবাসীদের জানালেন মন্দিরেই ভিনি রাভ কাটাবেন। ভারাও তাঁকে মন্দিরে রেখে দরজা বন্ধ করে দিয়ে চলে গেল।

ত্তিগুণাতীভানন্দ মন্দিরে বদে আছেন। পরক্ষণে সদ্ধ্যে নেমে এল।
সদ্ধ্যে হবার সংগে সংগে পংগপালের মত ঝাঁকে ঝাঁকে মশা এসে তাঁকে
বিবে কেললে। মশার ঝাঁককে দেখলে মনে হয় বেন এক একটা কালো
মেঘ। চারদিক থেকে ভীষণভাবে তাঁকে আক্রমণ করলে। তিনি মশার
কামড়ের জালায় অন্থির হয়ে ছট্ ফট্ করতে করতে এপাশ থেকে ওপাশে
গড়াগড়ি দিতে লাগলেন। তবু নিস্তার নেই, মশার আক্রমণ বেড়েই
চলে। তিনি বুঝলেন আর রক্ষে নেই, মৃত্যু নিশ্চিত।

দেখতে দেখতে রাতের আঁধার সরে গেল। ভোরের আলো পূর্বাকাশে ছোট্ট শিশুর মত হেসে উঠল। গ্রামবাসীরা দলে দলে দেখতে এল সাধ জীবিত কি মৃত।

মন্দিরের দরজা থুলতেই গ্রামবাসীদের চমক লাগিয়ে দিয়ে তিনি তাঁদের সামনে এসে দাঁড়ালেন। গ্রামবাসীরা অবাক হয়ে জিগগেস করে, কি করে তিনি বেঁচে রইলেন।

—ভগবান থাকে রক্ষে করেন, তাঁর মৃত্যু কথনও হতে পারে না। আমার গুরু রামকুঞ্দেব ছাগার মত আমায় রক্ষে করেছেন। ভগবানের ওপরে থালের বিশাস আছে, তাঁরা এ ভাবেই রক্ষা পান।

यागी नित्रक्षनानम

জোয়ারের টানে সমূদ্রের জল এনে কানায় কানায় জরে উঠেছে গলা। নদী জরা জল টলমল টলমল। নদীর বুক চিরে চলেছে একটি নৌকো।

নৌকোতে বহু লোক। ষাত্রীদের মধ্যে নিরঞ্জনও রয়েছেন। তাঁর চেহারা বেশ মোটা-সোটা। রাঙা টুকটুকে তাঁর গায়ের রঙ। স্কর কোকড়ানো ছিল তাঁর মাধার চুল। ভারী চমৎকার ছিল তাঁর চেহারা।

নৌকোর যাজীদের মধ্য থেকে একজন নিরপ্তনকে জিগগেস করলে, আপনি কোথায় যাবেন ?

- --- দক্ষিণেশ্বরে যাব।
- -দক্ষিণেশ্বরে কেন যাবেন মশাই ?
- —সেখানে আমার গুরু রামক্লফদেব থাকেন, তাঁকে দেখতে যাব।
- রামকুঞ্চদেব তো মন্ত পাগল। ওকে দেখে কি হবে বলুন তো?
- —দেখুন আমার গুরুর নিন্দে করবেন না। জানেন, গুরুনিন্দে শোনা পাপ। আপনারা ধদি তা করেন তবে ভাল হবে না বলছি।

নৌকোর যাত্রীদের মধ্যে ভাল লোক ছিল সত্য, কিন্তু কতকগুলো লোক বড্ড থারাপ ছিল। তাদের কান্ধই হল মান্থবের দোষ গুঁজে বেড়ানো। তারা নিরঞ্জনের কথা ভনে আরো বেশী করে রামকৃষ্ণদেবের নিল্দে করতে লাগল।

নিরঞ্জন খুব চোটবেলা থেকেই একটা ব্যায়ামের ক্লাবে বেভেন এবং সেথানে রোজ ব্যায়াম করতেন। তিনি ভালো কুন্তি লড়তে পারতেন। কাজেই তোমরা অনুমান করে নিতে পার তাঁর শরীরে বেশ শক্তি ছিল। ধারা শক্তিমান পুরুষ তাঁরা কোন দিন কোন অব্যায়কে সহু করতে পারেন না। নৌকোর লোকের। অস্তায় ভাবে তাঁর গুরুর নিন্দে করছিল বলে নিরঞ্জন তা আর সহু করতে পারলেন না। তিনি তথন রেগে নদীতে নৌকো ডুবিয়ে দিতে চাইলেন।

দেখতে দেখতে নৌকো দক্ষিণেশরে এসে নোভর করলে। যাত্রীরা যে যার পথে চলে গেল, নিরঞ্জন এলেন তাঁর শুরুর কাছে।

নৌকোতে যে সব ঘটনা হয়েছিল সব তিনি রামকৃষ্ণদেবকৈ বললেন।
রামকৃষ্ণদেব তাঁর সব কথা মন দিয়ে শুনলেন। তিনি যথন শুনলেন
নরঞ্জন নৌকো তুবাতে চেয়েছিল ওখন তিনি বলেন, নিরঞ্জন, একি
করছিলি বল দেখি? নৌকোতে তো অনেক লোক ছিল। সকলে
তো আর নিন্দে করে নি, একজনের অপরাধে তুই সকলকে শান্তি দিতে
চাইছিলি? আর মাঝি বেচারা গরিব লোক। তার নৌকো ত্বিয়ে
দিলে সে কী বিপদে পড়ত বল দেখি? সে সারাদিন নৌকো চালিয়ে
ঘৃটি পয়সা রোজগার করে। তাতেই তার সংসার চলে। নৌকো ত্বালে
এ গরিব লোকটিকে না থেয়ে মরতে হত। রাগ করে কখনও যা তা
করতে যাবিনে। আর কখনও এমন কাজ করিস নে।

নিরঞ্জন এভক্ষণ গুরুর কথা সব ভাল করে শুনছিলেন, এখন তিনি বেশ বুঝতে পারলেন রাগ করে হঠাৎ কোন কাজ করা কত অন্যায়।

যে নিরঞ্জনের কথা এতক্ষণ তোমরা শুনলে তিনি পরে সন্মাদী হয়েছিলেন। তিনিই স্বামী নিরঞ্নানন্দ। এথন তাঁর কথা তোমাদের কিছুবলব।

স্বামা নিরঞ্জনানন্দের ছোটবেলার নাম নিত্যনিরঞ্জন। চব্বিশ প্রগণ। জেলার রাজার হাট বিফুপুরে ছিল তার বাড়ি।

সে সময় কলকাতার আহিরীটোলাতে একটি দল ছিল। দলের সভ্যদের কাজ ছিল ভূতকে ডেকে এনে তাদের সংগে কথা বলা। তোমরা হয় তোভাবছ ভূতকে আবার ডেকে আনে কি করে।

কতকগুলো ভৌতিক ক্রিয়া দ্বারা প্রেতাত্মাকে ডেকে আমা যায় এবং তাদের সংগে কথা বলা যায়। এ আজকাল অনেকেই করে থাকে। এ কাজ এমন কোন বিশেষ শক্তির কাজ নয়। দলের লোকেরা ভূতের খেলা নিয়ে দিনরাত মেতে থাকত। তাদের আর অন্ত কোন কাজ ছিল না। তাই সকলেই এই দলকে বলত ভূতুড়ে দল। এই ভূতুড়ে দলে নিতানিরঞ্চনও সভা ছিলেন।

রামকৃষ্ণদেব জানতে পারলেন নিরঞ্জন ভূতের দলে মিশে প্রায় সব সময় ভূত নিয়েই মেতে থাকে। একদিন তিনি তাঁকে বলেন, দেব, যে সব সময় ভূত ভূত করে, সে ভূতই হয়ে ধায়। ঈবরের কথা ভাবতে ভাবতে মাহ্যৰ আবার ভগবান হতে পারে। এখন বল দেখি কোন্টা হওয়া ভাল ?

নিরঞ্জন জবাব দিলেন, ভগবান হওয়াই ভাল।

তারপর থেকে তিনি আর ভূতের দলের সংগে মিশতেন না। সময় পেলেই রামক্রফদেবের নিকট আসতেন এবং নানা বিষয় শিক্ষা করতেন। রামকৃষ্ণদেব বলতেন, আমার নিরঞ্জনের একটুও অঞ্জন নেই। অঞ্জন মানে কি জান ? অঞ্জন হল ময়লা। অঞ্জন না থাকার কথা তিনি কেন-বলেছেন ব্যালে ? নিরঞ্জনের ভেতর একটুও ময়লা নেই—তাঁর স্বটাই প্ৰিত্ত, অর্থাৎ তিনি সম্পূর্ণ শুদ্ধ।

যথন বরানগর মঠে সন্ধ্যাস হয় তথন ঘটনাটি মনে করে স্থামী বিবেকানন্দ তাঁর নাম রেখেছিলেন স্থামী নিরঞ্জনানন্দ।

আমি চাই এমন লোক—যাদের শরীরের পেশীসমূহ লোহের স্থায় দৃঢ় ও
স্বার্ ইম্পাত নির্মিত হবে, আর তাদের শরীরের ভেতর এমন একটি মন বাদ
করবে, বা বক্তের উপাদানে হবে গঠিত।
——জামী বিবেকানক

স্বামী তুরীয়ানন্দ

সার। পিঠ জুড়ে কারবাংকল হয়েছে। কারবাংকল কি জান ?
মৌমাছির চাক দেখেছ তো? মৌমাছির চাকের মত সারা পিঠে ঘা হয়।
চাকে যেমন খোপে খোপে গর্জ থাকে, পিঠেও সেরূপ গর্জ হয়।
মৌমাছির চাকে খোপে খোপে যেমন মধু থাকে, কারবাংকলের গর্জও
সেরূপ পুঁজে ভরে থাকে। এসমত্ত পুঁজকে অপারেশন করে বার
করতে হয়।

স্থামী তুরীয়ানন্দেরও একবার এ রকম কারবাংকল হয়েছিল। ভাক্তার দেথতে এসে বললেন, এখুনি অপারেশন করতে হবে।

শক্ত রোগের অপারেশন করার আগে ডাক্তাররা রোগীকে অজ্ঞান করে নেন। অজ্ঞান না করলে রোগী খুব কষ্ট পায়। ক্ট সইতে না পেরে ভীষণ চিৎকার ও ছুটফট করে। তাতে অপারেশন গোলমাল হয়ে যাবার সভাবনা থাকে। সেজনো অপারেশনের আগে অজ্ঞান করার প্রয়োজন হয়।

স্থামী তুরীয়ানন্দকে ডাব্ডার অজ্ঞান করতে চাইলে তিনি বললেন,
অক্ডান করার দরকার হবে না। আপনারা আমাকে কিছুক্ষণ সময় দিন,
তারপর অপারেশন কঞান।

ধামী তুরীয়ানন্দ তথন কি করলেন জান? তিনি কিছু সময় চোধ বুঁজে চুপ করে রইলেন। অল্লফণ পরে চোধ খুলে ডাক্তারের দিকে একবার তাকালেন এবং অপারেশন করতে বললেন।

ডাক্তার একথানি ধারালো ছুরি নিয়ে পিঠে গভীর গর্ভ করে অনেক গুলো কাটাকুটি করলেন। স্বামীজী কোন কথা না বলে চুপ করে রইলেন। এত বড় সাংঘাতিক অপারেশন তিনি নীরবে সয়ে যেতে লাগলেন। একটু উ: আ: করা দূরে থাক, মুখে কোন ছাথের চিহ্নও দেখতে পাওয়া গেল না। ভাজনাররা অবাক হয়ে বান আর ভাবেন, এ কি করে সম্ভব হল ?

তোমরা হয়তো ভাবছ, একি সম্ভব ? অত বড় ছুরি শরীরে চেকোনো হল অথচ তিনি মোটেই টের পেলেন না।

আশ্চর্য হবার কথাই বটে। এসব তো কথনো শোনা যায় না। তাই আমাদের কাছে অন্তুতই ঠেকে।

যোগী মহাপুরুষদের কারো কারো অভুত সব ক্ষমতা থাকে। তাঁরা.
মনটাকে শরীর থেকে সরিয়ে নিতে পারেন।

স্থামী তুরীয়ানন্দের শরীরে বধন অপারেশন করা হচ্ছিল, তথন মনকে শরীর থেকে সরিয়ে নিয়েছিলেন। মনই তো সব। শরীর থেকে মনটি তুলে নিলে শরীরে কোন আঘাত করলে মোটেইটের পাওয়া যায় না। তিনিও শরীর থেকে মনটি তুলে নিয়েছিলেন বলেই অপারেশন করার সময় কোন প্রকার শক্ষ না করে সব সহ করতে পেরেছিলেন।

স্বামী তুরীয়ানন্দের পরিচয় তোমরা নিশ্চয়ই জানতে চাইবে। তাঁর ছোট বেলাকার নাম হরিনাথ চট্টোপাধ্যায়। ভাক নাম হরি। বাগবাজারের বোসপাডায় ছিল তাঁর বাজি।

১৮৬০ সালের ওরা জাত্মযারী আমাদের হরিনাথ এই মাটির পৃথিবীতে পা দিয়েছিলেন। ছেলেবেলায় মায়ের কোলের আদর যত্তের পালা শেষ হতেনা না হতেই হরিনাথের মা ও বাবা পৃথিবী থেকে বিদায় নিয়েছিলেন।

এ বয়সে মা বাবাকে হারালে সম্ভানের তৃংথের সীমা থাকে না।
সারা জীবন তাদের তৃংথ পেতে হয়। কারণ মা বাবার মত আদর যত্ত
ভা আর কেউ করতে পারে না। অপরে যতই ভালবাস্থক নাকেন,
মা বাবার ভালবাসার কাছে তার তুলনা হয় না। হরিনাথও শৈশবে
মা বাবাকে হারিয়ে অনেক তৃংথ পেয়েছিলেন।

হরিনাথের স্থলে পড়ার বয়স হলে তাঁকে একটা স্থলে ভর্তি করিয়ে দেওয়া হয়। হরিনাথ স্থলে যান আর বাড়ি এসে মন দিয়ে পড়ান্তনা করেন। কিন্তু মাঝে মাঝে মায়ের জন্মে তাঁর মন কেমন করত। নির্জনে বসে বসে তিনি কাঁদতেন আর মার কথা ভাবতেন।

এভাবে কিছুদিন থাবার পর আর একটু বড় হ**লে** তিনি ঠাকুর দেবতার পূজো আর জপ নিয়ে আনন্দে মেতে থাকতেন।

যারা ধর্মের নিয়ম কান্তন বেশী মেনে চলেন, তাঁদের বলা হয়
নিষ্ঠাবান। হরিনাথও খুব নিষ্ঠাবান ছিলেন। তিনি নিজে রায়া করে
খেতেন এবং গীতা, উপনিষদ্ প্রভৃতি ধর্মের বই রোজ নিয়ম করে পড়তেন।
তাঁর আর একটি নিয়ম ছিল প্রভাহ গলায় চান করা। গলায় চান করতে
গিয়ে একদিন তিনি কুমীরের মূথে পড়েছিলেন।

গলাতে ছেলে, বুড়ো, জোয়ান কত লোক চান করে। সেদিন
একংল ছেলে মহা ছলোটি করে চান করতে আরম্ভ করেছিল। হরিনাথও
চান করতে এসেছিলেন। চান করতে যেই ডুব দেবেন এমনি সময়
একটি কুমীর জলে ভেসে ওঠে। কুমীর কুমীর, শিগনির পালা, পালা,
বলতে বলতে ছেলের দল তড়াক করে জল থেকে সব ডাঙায় উঠে পড়ল।
কিন্তু হরিনাথ উঠলেন না। ভয় না করে তিনি জলে দাঁড়িয়ে রইলেন।
ছেলের দল চিৎকার করে বলতে লাগল, ওরে হরি, ওঠে আয়। কুমীরে

হরিনাথ তব্ উঠে আসলেন না। তিনি মনে মনে ভাবলেন, গীতার
পড়েছেন আত্মা কথনো মরে না। আত্মার বিনাশ হয় না, তবে ভয় পাব
কেন? কুমীর আমাকে থেলে আমার শরীরটা নষ্ট হতে পারে, তাই বলে
আমার তো কিছু ক্ষতি করতে পারবে না।

.ভোমরা হয়তো ভাবছ, এ কি রকম কথা। মাতুষ আবার মরে না কি

করে ? রোজই তো কত মাস্বকে মরতে দেখি। মরা মানে কি জান ?
শরীর নষ্ট হওয়া। কাপড় পুরনো হলে আমরা বেমন পুরনো কাপড়টি
ছেড়ে নতুন কাপড় পরি, সেরূপ মাস্তবের শরীরটা পুরনো হলে তাকে
ছেড়ে দিয়ে মাস্ব আবার নতুন শরীরে যায়। এই যে শরীর বদল করা
হল, এরই নাম মৃত্য়।

আমাদের শাস্ত্র গীতায় এসব কথা আছে। হরিনাথ থুব গীতা পড়তেন কি না! গীতা পড়ে সত্যি সত্যি গীতার উপদেশগুলো তিনি কাঞে লাগাতে পারতেন কি না, দেদিন হরিনাথ তাই পরীক্ষা করলেন।

কুমীরটা জলে ভেলে উঠে ছুটতে ছুটতে হরিনাথের দিকে এল। কিছু আশ্চর্য, তাঁর কাছে এনে কিছু না করে গার্ঘেল চলে গেল। ছেলে বুড়ো ধারা ডাঙায় দাঁড়িয়ে তামাদা দেখছিল, তারা অবাক হয়ে গেল হরিনাথের আর কুমীরের কাণ্ড দেখে।

হরিনাথের পাড়ায় দীনবর্কু বহু থাকতেন। তিনি দক্ষিণেশরে মাঝে মাঝে বেড়াতে বেতেন। একদিন রামকুষ্ণদেব তাঁর বাড়িতে এলেন। হরিনাথ ভানলেন পাশের বাড়িতে একজন বড় সাধু আসবেন। বড় সাধু দেথবার জন্মে দীনবর্কুর বাড়িতে লোকের ভাঁড় জমে গেছে। তিনিও সাধু দেথবার জন্মে ব্যাকুল হলেন। তিনি দীনবর্কুর বাড়ি এসে বসে রইলেন।

যথাসময়ে রামক্রফদেব দীনবন্ধুর বাড়ি এসে উপস্থিত হলেন। বারা বাড়িতে উপস্থিত ছিলেন, সকলেই রামক্রফদেবকে দর্শন করেন। হরিনাথও তাঁকে দেখলেন। এত লোকের মধ্যে রামক্রফদেবও হরিনাথের দিকে চেয়ে দেখলেন। হরিনাথও তাঁকে দেখে মুগ্ধ হয়ে যান।

त्रामकुक्षाम्य हत्न रशत्नन । यात्क तमाथ व्यानम शाख्या यात्र, जात्क

একবার দেখে কথনো মনের আশা মেটে না। তাঁকে আবার কবে দেখৰ, এই নিম্নে চলে মনের মাঝে মহা তোলপাড়।

রামকৃষ্ণদেবকে হরিনাথের ভাল লেগেছে। তাঁকে আবার দেখবার জন্মে তিনি ব্যাকুল হলেন। তিনি খবর নিয়ে জানতে পারলেন রামকৃষ্ণদেব দক্ষিণেখরে থাকেন।

কিছুদিন পর হঠাৎ একদিন হরিনাথ দক্ষিণেখরে রামক্রফদেবের নিকট উপস্থিত হলেন। রামক্রফদেব তাঁকে কাছে বসিয়ে আনেক গল্প বললেন, গল্প তানে হরিনাথের খ্ব ভাল লাগল। এর পর থেকে প্রায়ই তিনিদ্দিশেরের আসতেন। এভাবে আসতে আসতে রামকুফদেবের সংগে তাঁর পুব ঘনিষ্ঠতা হয়ে যায়।

রামকৃষ্ণদেবের শরীর হাবার পর ব্রানগরে মঠ স্থাপন করে তাঁর সন্ধ্যানী শিস্তোর সেধানে বাস করতে লাগলেন। এ কথা ভোমাদের আগেও অনেকবার বলেছি। ব্রানগর মঠে হরিনাথ এসে যোগদান করলেন। সেধানে সকলের সংগে তিনি সন্ধ্যাস নিলেন, সন্ধ্যাসের সময় তাঁর নাম হল স্থামী তুরীয়ানক।

সন্মাসীরা কোন বাঁধনের মাঝে থাকতে চান না। তাঁরা এক জায়গায় থাকতে কথনো পছক করেন না। খাধীনভাবে জায়গায় জায়গায় বেড়িয়ে বেড়ান।

স্বামী তুরীয়ানন্দ সন্মাসী হবার পর তীর্থ ভ্রমণে বেরিয়ে পড়েন। তিনি যথন ভ্রমণ করতেন, তথন কোন গাড়ি ঘোড়ায় চড়তেন না, পায়ে হেঁটে সব জায়গায় যেতেন।

উত্তর ভারতে শীতকালে দারুণ শীত পড়ে। শীত সহু করতে না পেরে অনেক লোক সেধানে মারা পড়ে। স্বামী তুরীয়ানন্দ এত বেশী শীতের মধ্যেও একটি পাতলা হুডোর চাদর পারে দিয়ে শীত কাটাতেন। এতে তার পুরু কট্টাহলেও জিনি তা মোটেই গ্রাহ্ম করতেন না।

নদী যেমন অনবরত বাহে চলে, কোথাও ছির থাকে না, সেরণ কামী ত্রীয়ানকও এক আরগা থেকে অন্ত আয়গায় যুৱে ছুরে বেড়ান আর নির্জন ছান পেলেই সেখানে কিছুদিন তথকা করেন।

১৮৯৯ খুস্টাব্দে স্বামী বিবেকানন্দ তাঁকে আমেরিকায় এসে তাঁর কাজে সাহায্য করতে ডেকে পাঠালেন।

স্বামীজীর নির্দেশমত স্বামী তুরীয়ানন আমেরিকায় যান। সেধানে তাঁকে বক্তৃতা করতে বললে তিনি রাজী হন না। তিনি বলেন, বক্তৃতা দেওয়ার চাইতে কাজ করা ভাল।

কালিফোর্নিয়াতে তিনি একটি আশ্রম স্থাপন করেন। আশ্রমটির নাম শোস্তি আশ্রম'। মাত্রবের জীবনের উদ্দেশ শান্তিলাভ। আশ্রমে বারা আসতেন, তিনি তাঁদের শান্তির উপায় শিকা দিতেন।

স্থামী বিবেকানন্দ বলতেন, হরিভাই-এর মত আদর্শ পুক্ষ জগতে মেলে না। আমেরিকার লোকেরা ভোগ-বিলাসিতা ছাড়া কিছুই জানে না এবং ত্যাগ ও তপস্থা কি, তারা বোঝে না। সত্যিকারের একজয় ত্যাগী পুরুষকে দেখাবার জন্মে তিনি স্থামী তুরীঘানন্দকে আমেরিকান এনেছেন। তাঁর মত একজন আদর্শ পুক্ষকে দেখে আমেরিকাবাসীরা অবাক হয়ে যান।

আমেরিকা থেকে ফিরে এসে তিনি পুনরায় ভ্রমণে বেরুলেন। শেষ জীবন তাঁর কাশিতেই কেটেছে। কাশী তাঁর কাছে খুব ভাল লাগত।

১৯২২ সালের ২১ জুলাই কাশী রামকৃষ্ণ মিশন সেবাল্লমে তিনি দেহত্যাগ করেন।

याभी यूर्वाशनम

কলকাতার ঠনঠনে কালীবাড়ির নাম তোমরা অনেছ। এটি বাংলার একটি প্রসিদ্ধ মন্দির।

এই মন্দিরের সংগে অনেক ইতিহাস জড়িত আছে। ১৯২৬ সালে কলকাতার দাংগায় এ মন্দির বহুবার আক্রান্ত হয়েছিল। মন্দির রক্ষা করার জন্তে বহু ছাত্র নিজেদের জীবন বিপদ্ন করেও দাংগাকারীদের সংগে লড়েছিল।

মন্দির রক্ষা করতে গিয়ে সার্জেণ্টের গুলীতে যে ত্'জন যুবক প্রাণ দিয়েছিল, তাদের শ্বতি আজও বাঙালীর মন থেকে মুছে যায় নি।

কালীবাড়ির নিকটেই শংকর ঘোষ লেন। এই রাস্তার ওপরেই শংকর ঘোষের বাড়ি। তাঁরই নামে পথের নাম হয়েছে। এই শংকরবার্ই ঠনঠনের কালীমন্দির তৈরী করেন।

লোকমুথে শুনা যায়, শংকরবাবু স্বপ্নে মা কালীকে দেখেছিলেন। মায়ের আদেশেই তিনি মন্দির নির্মাণ করেন।

যাঁর কথা বলতে যাচ্ছি, তিনি হলেন শংকরবাব্র বাড়ির ছেলে। তাঁরই নাতি, নাম হল ফ্বোধচক্র ঘোষ। ডাক নাম থোকা।

মায়ের আাত্রে ছেলে থোকা। মা সংসারের স্ব কাজ সেরে সম্ভো বেলায় ছেলে-মেয়েদের নিয়ে বদে গল্প করতেন।

রামায়ণ-মহাভারতে কত হন্দর হন্দর গল্প আছে। থোকার মা সে সব গল্পই বেশী বলতেন। থোকাও সে সব গল্প খুব ভালবাসত। পিতৃসত্য পালনের জন্মে রামের বনগমন, সত্যরক্ষার জন্ম যুধিটিরের বনবাস—এ সব কাহিনী ভানে সত্যের প্রতি হ্বোধের প্রদা থুব বেড়ে গেছল। তাঁর বিশাস হয়েছিল, সত্যরক্ষা করতে পারলে ঈশবে ক্তিও বিশ্বাস বাড়বে এবং নিজের জীবনকে স্থানর ভাবে গড়ে ভোলা বে।

স্বোধের বাবা কৃষ্ণাসবাবু বড় ধার্মিক লোক। তিনি একজন
নঠাবান হিন্দু। নিঠাবান হিন্দু হয়েও তিনি মাঝে মাঝে আন্ধান সমাজে
যতেন এবং আন্ধানের সংগে প্রার্থনা-সভায় যোগদান করতেন। কথনো
হথনো ছেলেমেয়েদেরও তিনি আন্ধানমাজে নিয়ে ঘেতেন।

কৃষ্ণনাসবাব্ সাধু মহাপুক্ষদের জীবনী সব সময় পড়তেন। তিনি ্থন বেড়াতে বেক্লভেন তথন রাস্তায় ভাল বই দেখতে পেলে সে বইটি কিনে আনতেন। এভাবে তিনি অনেক মহাপুক্ষের জীবনী কিনেছিলেন।

একদিন স্থবোধ বাবার টেবিলে একথানি বই দেখতে পেলেন। বইটির নাম রামকৃষ্ণের কথা। বইটি বাবার টেবিল েকে নিয়ে তিনি পড়তে আরম্ভ করলেন। বইথানি পড়ে তাঁর বেশ ভাল লগেল। রামকৃষ্ণদেবের উপনেশগুলো পড়ে তাঁকে দেখতে তাঁর ইচ্ছে হল।

- —বাব', আমায় রামক্লফদেবের নিকট নিয়ে যাবে ? ওঁাকে দেখতে আমার বড্ড ইছে করছে।
- ইয়া বাবা, নিমে যাব। আজ তো বেতে পারব না। যেদিন সময় পাব, সেদিন তোমায় নিয়ে যাব। তুমি ব্যস্ত হলোনা।

রামকুফদেবকে দেখার জন্মে স্বোধের মন এতই অস্থির হয়ে উঠেছিল যে তিনি আর অপেক্ষা করতে পারছিলেন না। একদিনের অপেক্ষাটা তাঁর কাছে এক মাদের মতই মনে হতে লাগল।

—বাবার কবে সমগ্ন হবে ? কবেই বা তিনি নিয়ে যাবেন ? আর কত বিন অপেকা করব ?

বাবার অংশকা না করে একদিন স্থল থেকে একজন বন্ধুকে সংগে
নিয়ে তিনি দক্ষিণেখনের দিকে রওনা হলেন।

তুবস্ধু চলেছেন দক্ষিণেররে, কিছ ছজনই পথ চেনেন না। কাজেই, রাজা ভূল করে তাদের অনেক ঘ্রতে হল। ঘ্রতে ঘ্রতে ক্রেম তারা দক্ষিণেররে এসে উপস্থিত হলেন।

স্বাধ হড্ড লাজুক প্রস্কৃতির ছেলে ছিলেন। দক্ষিণেশরে রামরুঞ্-দেরকে দেগতে এসেও লজ্জায় ঘরে চুকতে পারছিলেন না। তিনি বাইরে দাঁড়িয়ে থেকে বন্ধুকে ঘরের দিকে এগিয়ে দিলেন। বন্ধুটি রামরুক্দদেবের ঘরে চুকে তাঁকে প্রণাম করতেই তিনি জিগ্গেস করনেন —কোণা থেকে আস্চ ?

—আমরা কলকাতা থেকে আসছি।

স্থােধকে দূরে দাঁড়িয়ে থাকতে দেখে রামরুফাদেব জিগ্গেদ করলেন, ও বাব্টি অত দূরে দাঁড়িয়ে কেন ? ওগাে বাবু, ভেতরে এদ না ? স্থােধ এগিয়ে গিয়ে তাঁকে প্রণাম করলেন। রামরুফাদেব নিজের কাছে, থাটের ওপর তাঁকে বদতে বললেন।

স্থবোধ থাটে বসতে রাজী হলেন না। তিনি বললেন, স্থল থেকে চলে এসেছি, আমার কাপড ভাল নেই।

— আবে কাপড়ে কি আসে যায়? মন ঠিক থাকলেই হল। মন পবিত্র থাকলে বাসি কাপড়েও ঠাকুর-দেবতার কাজ করা যায়।

স্থবাধ তবু বসতে চান না। তিনি বসতে গিয়ে সংকোচ বোধ করেন। তারপর রামকুঞ্দেব হাত ধরে তাঁকে নিজের পাশে খাটে বসালেন এবং অতি আপনার লোকের মত তাঁর সংগে কথা বললেন। স্থবোধ মৃশ্ধ হয়ে ভাবেন তিনি লোককে কত ভালবাসতে পারেন। এমন ভালবাসার লোক তো তিনি কগনো দেখেন নি। আশ্চর্ব মহাপুক্ষ বটে!

তারপর থেকে স্থবোধ মাঝে মাঝে দক্ষিণেশ্বর আসেন। একদিন বেলঃ প্রায় তিনটে। তিনি এদেছেন রামকুফদেবের সংগে দেখা করতে। রামক্রফটেবের ঘরে চুকেই ডিনি দেখলেন ঘরে লোকের ভিড়। বসার একট্ও জয়গা নেই।

স্বাধকে দেখতে পেয়েই রামকৃষ্ণদেব উঠে এলেন এবং তাঁকে সংস্থে নিয়ে শিবমন্দিরের বারান্দায় বসালেন। তারপর স্ববোধকে বোগাসনে বসিয়ে আঙ্লা দিয়ে জিভে কি যেন লিখে দিলেন এবং বৃকে হাড দিছে খ্যান করতে বল্লেন।

রামক্ষ্ণদেব বুকে হাত দেওয়া মাত্রই হবোধের মনে হ'ল, পিঠের শিঃদাড়া দিয়ে বিহাতের মত কি যেন একটা মাথার দিকে উঠছে। কিছুক্দ পরে তিনি দেবদেবীর মূর্তি সব দেখতে লাগলেন।

স্থাধে শিংদাড়া দিয়ে বিচ্যাতের মত যে একটা জিনিস যাচ্ছে জন্ত ব বরলেন, এটা কি জান ? এটা হল একটা শক্তি, একে বলে কুণ্ডলিনী শক্তি । যোগী মহাপুক্ষেরা বলেন, এই কুণ্ডলিনী শক্তি সাপের মত কুণ্ডলী পাকিয়ে শিরদাড়ার নিচের শেষ ভাগে থাকে। যোগীরা সাধনার দারা যথন এ শক্তিকে জাগিয়ে তুলেন, তথন সে শক্তি স্থড় করে মেফদণ্ডের ভেতর দিয়ে মাথার দিকে ওপরে উঠতে থাকে। এ শক্তি মাথায় উঠলে তবে ভগবানের দেখা পাওরা যায় এবং ভাঁর সংগে কথা বলা যায়।

এ ঘটনার কিছুদিন পর রামক্বঞ্চদেব দেহত্যাগ করেন, তারপর ফ্রোধও সংসার ত্যাগ করেন। সংসার ত্যাগ করেই তিনি দেশ ভ্রমণে বেরিয়ে যান। তিনি বাড়ি থেকে বেরিয়ে গ্রাণ্ড ট্রাংক রোড ধরে ইাটতে ভ্রুক কর্মেন।

স্থাধ গৃহত্যাগ করে পরিব্রাজকের পোশাক পরেন। তথন তাঁর সংগে কিছুই ছিল না। পথে যথন বা জুটত তাই তিনি আহার করতেন। শারাদিন হাঁটার পর যেথানে সন্ধ্যে হত সেথানেই ত্রে রাত কাটাতেন। এভাবে ঘুরতে ঘুরতে কিছুদিনের মধ্যেই তিনি কাশী এসে পৌছলেন। কাশীতে তিনি অনেক দিন ছিলেন। সেধানে তিনি অনেক তপ্রভা করেন। কাশী থেকে গিরনার, আবুপাহাড়, বোম্বে, ঘারকা প্রভৃতি বহু ভান ভ্রমণ করার পর তিনি কলকাতায় ফিরে আসেন।

কলকাতার এনে বরানগর মঠে সকলের সংগে মিলিত হন। সেধানে ভার সন্ধান হয়। সন্ধানের পর ভার নাম হল স্বামী স্থবোধানল।

বেল্ড মঠে ভক্তদের কাছে তিনি 'থোকা মহারাজ' নামে পরিচিড ছিলেন। তাঁর নাম যেমন খোকা, তেমনি থোকার মতই তিনি সরল ছিলেন। ফটোতে তার মুখ দেখলে দেখতে পাবে ছোট্ট খোকার মত মুখে হাসি লেগেই আছে।

একজন মাছ ধরছে, আর একজন পথিক তার কাছে গিয়ে জিগ্ গেস করলে, ভাই আমুক আয়গায় কোন পথ দিয়ে যাব? সে ব্যক্তির কাৎনার তথন মাছ থাছেছে। সে তার কথায় কোন উত্তর না দিয়ে একমনে কাৎনার দিকে তাকিয়ে রইল। মাছ গেঁথে তথন পেছন কিরে বললে, আপনি কি বলছেন? সেই লোডটি প্রণাম করে বললে, আপনি আমার গুরু, আমি যথন ভ্রমান্তর খ্যানে বস্তর, তথন যেন এরপ কার পেব না করে অভ্নিকে মন না দিই।

স্বামী অখণ্ডানন্দ

3

আমেরিকার ভারতের বিজয় পতাক। উড়িরে স্বামী বিবেকানন্দ সবে মাত্র দেশে ফিরেছেন। তখনো বেল্ডুমঠ হয়নি। বিবেকানন্দ শেবাধর্মের কাজও শুরু করেন নি। সে সময়ের কথা বস্তি।

মঠ বরানগর থেকে আলমবাজারে উঠে গেছে। আলমবাজার মঠে আনেক পাধু আছেন। মঠে স্থামী অথগুননাক আছেন। বাংলার পল্লীগ্রাম দেখতে তাঁর ইচ্ছে হল। তিনি আলমবাজার মঠ থেকে হেঁটে চলেছেন। চলতে চলতে ক্রমে মহলা গ্রামে উপস্থিত হলেন।

বাংলার একটি ছোট্টগ্রাম মহলা। মৃশিদাবাদ জেলায় ভার অবস্থান।

গ্রামটি ভারী স্থলর। চারদিকে শোলা মাঠ। নির্জন মাঠের ওপর দিয়ে ছ ছ করে বাতাস বয়ে যায়। অবতানল গ্রামের দৃশ্য দেবতে দেবতে এগিয়ে চলেছেন। এমনি সময় গ্রামের সৌলর্ঘ শোভাকে সান করে দিয়ে ছোট্ট একটি মৃদলমান মেয়ে কেঁলে উঠল। তিনি মেয়েটির কাচে এসে জিগগেস করলেন, কেন কাঁলছ । কি হয়েছে তোমার ।

মেয়েটি তাঁর কথার কোন জবাব না দিয়ে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে লাগল। তার কালা দেখে অথতানক আরও ব্যন্ত হয়ে তাকে সান্থনা দিয়ে জিগ্গেস করলেন, তোমার কোন ভয় নেই, আমায় বল, তৃমি কাঁদ কেন?

মেন্ত্রেটি তথন চোধের জল মূছতে মূছতে বললে, আমার জলের কলসী ভেঙ্গে গেছে, বাড়িতে গেলে মা বকৰে। আর একটি কলদী কিনে নেবার মত আমার কাছে পয়সা নেই। তাই আমি কাদছি।

—আছা, তুমি কেঁদো না। আমি তোমায় একটি কলসী কিনে দেব। অথগুনন্দের কাছে পথের স্বল মাত্র চার আনা প্রসা ছিল। তাই থেকে তিনি একটি জলৈর বলদী ও কিছু থাবার কিনে মেডেটির হাতে দিলেন। খেছেটি কলদী আর থাবার পেয়ে আনন্দে নাচতে নাচতে চলে পেন।

খামী অথপ্রামশ্ব সেধান থেকে আবার হাঁটতে ক্লফ করলেন। কিছু
পূর প্রণিয়ে ক্লেন্ডেই প্রকলন গোক তাঁকে খিরে দীড়াল, তাদের মূথে তথু
প্রক কথা, বাঘা থাবার দাও। কিদের আলার মরে গোলাম। লোকপ্রলোর চেহারা দেখতে ভূতের মত, গাঙ্কের রং কালো, হাড় কয়টি ছাড়া
তাদের শরীরে আর কিছুই নেই। আর এক জামগায় দেখতে পেলেন
কতকপ্রলো লোক একটা মরা কুকুরের দেহ নিয়ে টানাটানি করছে।
অপর এক জামগায় কয়েকজন মিলে বাস পাতা চিবুছে।

—একি কাও! অমনটি তেও আমি আর কোথাও দেখি নি। এ প্রামে হল কি ?

গ্রামের লোকের ক্ষথ দেখে তিনি অন্থির হয়ে পড়েন। বাংলার পাড়ার্গা কি তবে সব এরকম? আমি তো কিছুই ব্যাতে পাচ্ছিনা। পাগলের মত অন্থির হয়ে রাজায় যাকে পান তাকেই জিজ্ঞোস করেন। পরে জানতে পারলেন এখানে তুর্ভিক লেগেছে, তাই থেতে না পেয়ে খাবার সন্ধানে লোকজন ছুটাছুটি করছে, যাস, পাতা, কুকুর, বৈড়াল, যা পাছে তাই থাছে।

স্বামী অথপ্তানন্দ আগে কখনো ছর্ভিক দেখেন নি, ছর্ভিকপীড়িও লোকদের দেখে মর্মাহন্ড হলেন, তিনি তাদের সেবা করার জন্ম সেধানে থেকে গেলেন।

এভাবে রামকুক মিশনের দেবার কাজ ভুক্ত হ্বার আগে থেকেই তিনি মকুলাতে সেবার কাজ আরম্ভ করলেন। ছ তিক্ষণীড়িত লোকদের সৈবা করতে করতে তিনি ছটি ছেলেকে কৃড়িরে পেলেন। তাদের মা-বাবা, আত্মীয়-বন্ধন কেউ নেই, তারা অনাধ। ছেলে ছটিকে তার সংগে রাখলেন। এভাবে আহও কয়টি ছেলেকে কৃড়িয়ে পান, এ সব ছেলেদের নিয়ে তিনি একটি অনাধ আশ্রম করলেন। মহলাতে এভাবে অশ্রিম সঙে উঠল।

কিছুদিন পরে মহলা থেকে আশ্রম সার্গান্তিত ভূলে নেওয়া হয়।
সারগান্তি আশ্রমে এখনো অনেক অনাথ ছেলে মাইব ইচ্ছে। এ
সব ছেলেরা অশ্রমে দেখাপড়া ও শিল্পকাক শিক্ষা করে।

পরের ছ:থ সইতে না পেরে যে মহাপুক্ষ এমনিভাবে মাছবের সেবায় নিজেকে বিলিয়ে দিয়েছিলেন, তার বিষয় জানতে সকলেরই ইচ্ছা করে। এখন তার সমজে কিছু বলব।

বামী অধ্ঞানৰ সন্তাসী হ্ৰার আলে গংলাধ্র ঘটক নামে পরিচিত ছিলেন। বাগবাজারের বোসপাড়া কলকাতার মধ্যে একটি নামকরা পলী। এই বোসপাড়ায় চিল তার বাড়ি।

স্বামী তুরীয়ানন্দের কথা তোমরা আগেই জেনেছ। তিনিও এ পাড়ার ছেলে ছিলেন। তাঁর ছোটবেলার নাম ছিল হরিনাথ।

গংগাধর ও হরিনাথে খুব ভাব ছিল। ছু'জনে এক সংগে খেলাধ্লা করা, বেড়ানো, গল্পছলব সবকিছুই ধরতেন। আবার ছু'জনাতে থাবার দিকেও বেশ মিল ছিল! হরিনাথ নিজে রান্না করে খেতেন। একখা তার জীবনীতেও বলেছি। গংগাধরও তাই করতেন। তারা ছু'জনে খুব নিষ্ঠার সংগে সব কাজ করতেন। ভাত থাবেন তাও দেহু ভাতে ভাত ছাড়া অন্ত কিছু খাবেন না। গোঁড়া বামুনরা বেমন গংগান চান করে তিন বেলা জপতপ আফ্রিফ করেন, গংগাধরও সেরপ করতেন। ভাছাড়া তাঁর গীতা-উপনিষদ পাঠ করা একটা নিত্য কর্ম ছিল।

ভগবানকে দেখব, তাঁর সংগে কথা বলন, এ ভাব গংগাধরের ধ্বা ছোটবেলা থেকেই ছিল। তিনি যখন অপ্তম কি নবম শ্রেণীর ছাত্র ভখন তাঁর মনে একবার প্রশ্ন ওঠে, আচ্ছা, পড়াশোনা কল্পে ভগবানকে পাওয়া যাবে কিনা? লেখাপড়া করে যদি তাঁকে পাওয়া না-ই যায়, তবে অভ পড়ে কি হঙ্ব? আমি আর পড়ব না। ভারপর বাড়িডে কাউকে কিছু নাবলে একজন সাধুর সংগে চলে যান।

সেই সাধু তিন দিনের বেশী এক জায়গায় থাকেন না, তিনি এক জায়গা থেকে অন্ত জায়গায় ঘূরে বেড়াতেন, সংগাধরও তাঁর সংগে ঘূরতে লাগলেন।

কিছুদিন পর বাড়ির জন্মে তাঁর মন কেমন করতে লাগল। মাতাঁকে কত ভালবাসতেন, মা বোধ হয় তার জন্মে কত ভাবছেন।
এ সব কথা মনে হতেই তিনি আর থাকতে পারলেন না। তিনি বাড়িফিরে এলেন।

এভাবে হঠাৎ চলে যাওয়াতে অনেকদিন তাঁর পড়াশোনা কিছুই হয় নি। বাড়ি এসে আবার স্থলে যাবেন ঠিক করলেন, কিন্তু পড়তে গিয়ে দেখেন সব ভূলে গেছেন। কান্তেই, স্থলে যাওয়া আর হল না। এভাবেই তাঁর স্থলের পড়া শেষ হল। স্থলে না গিয়ে তিনি বাড়িতেই পড়তে লাগলেন। তথন তিনি গীতা, উপনিষদ প্রভৃতি শাস্ত্রের বই বেশী পড়তেন।

গংগাধরের বন্ধু হরিনাথ একদিন এদে বললেন, গংগা, একজন বড় সাধু দেখতে ধাবি ?

-কোথার রে সাধু ?

- দক্ষিণেশ্বরে। আমি মাঝে মাঝে তাঁর কাছে যাই। তিনি জ্ঞারী স্থান্ত ইক্ষা করে বলেন। একবার গোলে আর আসতে ইক্ষা করে না।
 - —ভাই নাকি ? ভবে আমায় নিয়ে চল না ?
 - আমিও তো তাই বলছি; চল না একদিন।
 - -- (वन, करव यावि वन ?
 - -कानई हन।
 - --বেশ, তাই চল।

ত্ বন্ধুতে মিলে দক্ষিণেখনে রামকৃষ্ণদেবকে দর্শন করতে চলে গেলেন । রামকৃষ্ণদেবের সংগে দেখা হইতেই তিনি তাঁদের থ্ব আদের যন্ত করলেন এবং মা কালীর প্রদাদ থেতে দিলেন।

গংগাধরও তাঁর ভালবাসায় মৃদ্ধ হলেন, এর পর থেকে তিনিও মাঝে মাঝে দক্ষিণেখনে আসতেন।

গংগাধর গোঁড়া বামুন ছিলেন। অপরের হাতের রালা কথনো থেতেন না। একথা আগেই বলেছি। একদিন হল কি, দক্ষিণেখরে তাঁকে মা কালীর প্রসাদ থেতে দিলে তিনি তা থেতেন না, সামাত্ত ফল মিষ্টি মুখে দিয়ে উঠে পড়লেন। রামকৃষ্ণদেব তা দেখলেন। তিনি তাকে ডেকে নিয়ে কাছে বিসিয়ে বললেন, মায়ের প্রসাদ থেলে না, সে কি গো ? গংগাজ্বলে রালা হয়। কত পবিত্র। এ যে তোমার হবিস্থালের চেমেও পবিত্র। ছিঃ, অমন করতে আছে ? যাও দেরি কর না প্রসাদ থেরে নাও।

রামক্ষণদেবের কথায় তিনি মায়ের প্রসাদ থেলেন।

রামকৃষ্ণদেব অস্ত্রন্থ হয়ে কাশীপুর বাগানবাড়িতে একে তথন শিছেরা তাঁর থ্ব দেবা করেছিলেন। একথাও আগেই বলেছি। গংগাধরও তথন শুকুর থ্ব দেবা করেছিলেন।

त्रामकृष्ण्यात्रत्र भत्रीत शावात भत्र मद्यामी निरम्नता वत्राम्भत्र मर्छ

মিলিও ইলে গংগাধরও তাতে যোগদান করেন। সেধানে তিনি সন্নাস নেন, তার সন্নাসী নাম হয় খামী অথতানন্দ।

বরানগর মঠে কিছুদিন কঠোর তপস্থা করে স্বামী অথগুননদ পরিব্রান্তকের বেশে তীর্থ ভ্রমণে বেরিয়ে পড়েন। কানী, উত্তরাথণ্ড, তিব্বত, মানস সরোবর প্রভৃতির স্থায় ভূর্যম পথে বছদিন তিনি এক। একা ঘূরে বেড়িয়েছেন। তিব্বতে যাবার সময় পথে কয়েকবার তাঁকে ভাকাতে আক্রমণ করেছিল।

ভিক্সতে তিনি তিন বছর ছিলেন। তিকাতী ভাষায় তিনি কথা বলতে পারতেন।

তিবত থেকে ফিরে এসে ওিনি ক্ষেত্রী, উদয়পুর, ভাগলপুর ও মুর্শিদাবাদ প্রভৃতি স্থানে ভ্রমণ করেন। ক্ষেত্রীতে সংস্কৃত টোল ও বৈদ বিছালয় স্থাপন করেন। এ সব ছাড়া তিনি অনেক জায়গায় বঁলা, তুর্ভিক্ষ ও মহামারী-পীডিত লোকদের সেবা করেছিলেন।

১৯০৪ সালে স্বামী শিবানন্দের দেহত্যাগের পর তিনি রামক্ত্রু মঠ ও মিশনের অধাক্ষ নির্বাচিত হন।

ছেলের অংজ্যের কাছ থেকে ধার করে কন্তকগুলো কথা মৃথস্থ করে পাশ করছে। এদের বিভাহচ্ছে ধোরা-ভাড়ারের মত। ধোবার নিজের কাপড় নেই, সব পরের কাপড়।

আমাদের দেশের ছেলেরা বলবে.—মিটন এই বলেছে, দের্মশীরার এই বলেছে, ওরার্ডস্ঙরার্থ এই বলছে। আবে যদি জিগ্লেস করা বায়, তুমি কি বলছে। তাতি বলবে, আমি কি বলব—বাস—এককথার সব শেষ। ধার করা বিল্লা জীবনের কোন শ্রহত কালেই মানে না।

यागी निर्मलानम

২০ ডিসেম্বর, বুধবার ১৮৬০।

আজ বড় শীত। কন কনে শীতের রাতের আকাশ বেশ পরিছার।
একটু কুরাসা নেই। পূর্ণিমার চাঁদের মত আকাশে বড় চাঁদ উঠেছে।
চাঁদের মধুর আলোয় চারদিক ঝকমক করছে। আকাশের তারাগুলো
সব মিটমিট করে হাসছে। দেয়ালে টাঙানো বড় ঘড়িতে ঢং করে একটি
শব্দ হল। সাড়ে আটটা বাজার শব্দ। এমনি সময় ২০ নং বোসপড়া
লেনের বাডিতে শাঁথ বেজে উঠল।

পাড়ার ভেতর দিয়ে লোকজন চলে বেড়ায়। শাঁথ বাজার শব্দ শুনে তারা নিজেদের মধ্যে বলাবলি করে, দেৱনাথ দত্তের আর একটি ছেলে হল।

দেবনাথ বাব্র স্থী তৃল্সী গাছ ২ড়ড ভালবাদতেন। তিনি রোজ সকালে স্থান করে তৃলসী গাছে জল দিতেন আর দক্ষােবেলায় ধূপধূনা দিয়ে পূজো করতেন। তৃলসীভক্ত মা তাই আদর করে ছেলের নাম রাথলেন তুলসীচরণ।

মা ছেলেকে নিয়ে চলে গেলেন কাশীতে। মহাতীর্থ কাশীধাম। শিব ঠাকুরকে প্রশাম করে মা ছেলেকে মাহুদ করতে লাগ্লেন।

আদরের ধন, চোথের মণি তুলদী, মায়ের কোলে দিন দিন বড় হতে লাগলেন। এ ভাবে দশটি বছর কেটে গেল। তারপর একদিন হঠাৎ মা ছেলের মায়া কাটিয়ে শিব ঠাকুরের নাম নিয়ে সংসার থেকে বিদায় নিলেন।

১৮৭০ সালের ৩০ ডিসেম্বর তারিবে বারাণসী স্বেশ মহল্লার সংগাবাব্র বাড়িতে কাল্লার রোল উঠল। দেবনাথ বাবুর আর এক নাম গংগা দত্ত।

মাতৃহারা ছেলেকে কাছে রেথে গংগাবাবু মান্ত্য করতে লাগলেন।
এগার বছর পূর্ণ হলে ছেলেকে তিনি বাঙালী-টোলা হাই স্থলে ভর্তি
করিয়ে দিলেন।

তুলদী রোজ স্থলে যান, পড়াশোনা করেন আর স্থল থেকে এদে বিকেলে থেলা করেন। স্থলে তাঁর কয়েকজন বন্ধু জুটে গেল। স্থলের বন্ধুদের মধ্যে ছরিপ্রসন্মের সংগে তাঁর বেশী ভাব। তাঁর সংগে মিশে ও থেলা করে তিনি বেশী আনন্দ পান।

হরিপ্রসমঙ্ভ বড় হয়ে সন্মাসী হরেছিলেন। তাঁর সন্মাস নাম ছিল স্থামী বিজ্ঞানানন। তাঁর কথা পরে বলব।

বৈদংগ খামী সে সময় কাশীতে থাকতেন। তিনি একজন নামকরা বড় সাধু মহাপুক্ষ। অনেক তাঁকে কাশীর শিব বলতেন। তাঁর চেহারা ছিল শিবেরই মত মোটা। তিনি সারা গায়ে ভত্ম মেথে থাকতেন। বিশেষ প্রয়োজন না হলে কাকর সংগে কথা বলতেন না। কথা কম বলার জন্তে সকলেই তাঁকে মৌনী বাবা বলত।

তুলদীচরণ তাঁর কাছে মাঝে মাঝে যেতেন। তাঁর উপদেশগুলো তাঁর খুব ভাল লাগত।

দেখতে দেখতে কটি বছর কেটে গেল। গংগাবাবু ছেলেকে কালী বির্থে কলকাতায় চলে আদলেন।

কলকাতায় আসার িছুদিন পরই হঠাৎ একদিন তিনিও মারা গেলেন।
পিতার মৃত্যু-সংবাদ পেয়ে তুলসী কলকাতায় চলে আসেন। তার
পর আর তার কাশী যাওয়া হল না। তিনি কলকাতায় পড়তে আরম্ভ
করলেন। তার ত্বছর পরে প্রবেশিকা পরীক্ষা দেন এবং তাতে পাশ
করেন।

কলকাতায় এসেও তাঁর অনেক বন্ধু জুটল। তিনি পাড়ার ছেলেদের সংগোমিশে রোজ বিকেলে থেলা করতেন।

থেলা করার সময় একদিন শুনতে পেলেন পাড়ার বলরাম বোসের বাড়িতে পরমহংদদেব আসচেন। ছেলেদের মহলেও একথাটা রটেছে যে পরমহংদদেব এক মন্ত বড় সাধু। কৌতুহলে ছেলেরাও থেলা ফেলে ছুটল তাঁকে দেখতে। তুলনীও গোলেন।

তুলসীচরণ বলরাম বাবুর বাড়ি চুকে দেখলেন খুব ভিড়। ভেতরে টোকাই যায় না। ভিড় ঠেলে কোন রকমে ভেতরে চুকে চুপ করে তিনি এক কোণে দাঁড়িয়ে রইলেন।

কিছুক্তন পরে পরমহংসদেব একেন। তারপর সকলেই উঠে তাঁকে প্রধাম করতে লাগল। তুলদী ভিড়ের মধ্যে এগুতে পারলেন না। সকলের প্রথাম করা হয়ে গোলে পর তিনি প্রথাম করতে গোলেন। তুলদী তাঁকে প্রথাম করতেই হঠাং কেমন যেন একটা শক পেলেন। শক পেয়ে মনে হল বিদ্যুত্বের একটা শক্তি যেন তাঁর শরীরে চুকে গেল। তিনি ভয়ে পালিয়ে গোলেন।

পাড়ার ছেলেদের মধ্যে হরিনাথের সংগে তাঁর বেশী বন্ধুছ ছিল। হরিনাথের কথা আগেই বলেছি। তিনি স্বামী তুরীয়ানন্দ নামে পরিচিত ছিলেন।

একদিন তুলসী হরিনাথের বাড়ি বেড়াতে যান। হরিনাথ তাঁকে

বললেন, চল আমরা দক্ষিণেশ্বরে বেড়িয়ে আসি। সেথানে একজন
পরমহংস থাকেন। তাঁকে দেখতে যাব।

তুলদীচরণ বলরাম বোদের বাজিতে একবার পরমহংসদেবকে দেখছেন। কিন্তু এই পরমহংসদেবই যে দক্ষিণেখরে থাকতেন তা তিনি জানতেন না। আর একজন পরমহংস দেখতে পাবেন মনে করে তিনি ক্ষিণেখরে থেতে রাজী হলেন। হরিনাথের বাড়িতে তাঁর আরও ক্ষেকজন বন্ধু ছিল, তালের নিয়ে তিনি গংগায় চান করতে গেলেন। তুলগীও সংগে ছিলেন। চান করার পর তারা একটা নৌকো ভাড়া করে দক্ষিপেশ্বরের দিকে রওনা হলেন। কিন্তু তুলগীচরণ তাদের সঙ্গে গেলেন না, তিনি বাড়ি ফিরে এলেন।

তিনি বাড়ি এসে খাবার থেমে হেঁটে দক্ষিণেশ্বর রওনা হলেন।
দক্ষিণেশ্বর এসে হরিনাথের সংগে তাঁর দেখা হল। তাঁরা আগেই
সেখানে পৌচেছেন।

কালীবাড়িতে চুকেই তাঁরা শুনলেন রামক্রফদেব নেই। তিনি বাইরে বেড়াতে গেছেন এবং সন্ধ্যায় ফিরে আসবেন।

রামকুষ্ণদেবকৈ দেবতে না পেরে তাঁদের মন খুব থারাপ হয়ে যায়। তাঁদের মধ্যে একজন বললেন, পরমহংসদেব যথন নেই তথন কালীবাঁড়িটা সব ঘুরে দেখি না কেন ? তারপর সকলে মিলে ঘুরে ফিরে সব দেখতে লাগলেন।

কালীমন্দির, শিবমন্দির, পঞ্চবটী প্রস্তৃতি দেখতে দেখতে তাঁরা রামকৃষ্ণদেবের ঘরে চুকলেন। দে ঘরে রামকৃষ্ণদেবের একটা ফটো ছিল। ফটোধানি দেখেই তুলদীচরণ বন্ধুদের জিগ্রেদ করলেন এটি কার ফটো ?

- এ कछि। भव्यक्शमान्यवत् ।
- এর আগে তাঁকে দেখেছি বলে মনে হয়।

তথন হরিনাথ জিগ্রেস করলেন, কোথায় দেখেছ ? তুমি তো আর কখনো এখানে আস নি, তবে কি করে দেখলে ?

—কেন, বলরাম বোদের বাড়িতে দেখেছি।

হাা, হাা, তবে ঠিকই দেখেছ। তিনি সেখানে মাঝে মাঝে যান।

আর একদিন তুলদীচরণ একা এসে রামক্ষণেদেবের সংগে দেখা করেন-এবং তাঁর সংগে আলাপ করে তিনি মুগ্ধ হন। এর পর পেকে তুলসীচরণ মাঝে মাঝে রামক্ষণেবের নিকট যাভায়াত করতেন।

রামক্তকদেবের শরীর বাবার পর তাঁর সন্ধাসী শিস্তেরা বরানগর মঠে মিলিত হল। এ কথা আগেও বলা হয়েছে । তুলগা তথনো বাড়ি ছেড়ে আসতে পারেন নি। তাঁর মন পড়ে থাকে বরানগরে, কিন্তু সংসার ধরে রাখে, কিছুতেই বাড়ি ছাড়তে পারেন না।

এমনি ভাবে দিন যেতে লাগল, তুলসীর মনের ব্যাকুলতাও ক্রমে বেড়েই চলল। যতই দিন যায় তিনি আরও অস্থির হয়ে পড়েন।

সংসারের বন্ধন ছিল্ল করে হঠাৎ একদিন তিনি বাড়ি ছেড়ে বেরিয়ে শড়লেন। সংসারের স্নেহ-মাহা-মমতা কোন কিছুই তাঁকে ধরে রাধতে শারলেনা।

বরানগর মঠে তথন সাধনার অগ্নি-পরীক। চলেছে। তুলসীচরণও সেখানে নিজেকে সাধনায় তুবিয়ে দিলেন।

কিছুদিন পরে তিনি সন্ন্যাস গ্রহণ করে স্বামী নির্মলানন্দ নাম ধারণ করেন। বরানগর মঠ থেকে স্বামী নির্মলানন্দ তীর্থ ভ্রমণে থেকলেন।

রামকৃষ্ণদেবের জন্মস্থান কামারপুকুর ও জয়রামবাটি দর্শন ক'রে ভিনি
পায়ে হেঁটে কানী চলে যান। কানী থেকে লক্ষে, অযোধ্যা হয়ে হরিত্বার
পৌছেন। হরিত্বার থেকে হুয়ীকেশে গমন করেন এবং সেধানে কিছুদিন
ভপস্থা করেন।

হ্বাকেশের ধার দিয়ে গিয়েছে গংগা। গংগার ওপারে আমর একজন সাধু থাকতেন। তিনি একজন জ্ঞানী মহাপুরুষ ছিলেন। তিনি সব সময় শিবোহমু শিবোহমু বলে মন্ত্র পড়তেন।

একদিন তিনি বলৈ বলে মন্ত্র পড়ছেন, ঠিক সেই সময় পাশের জংগল

থেকে একটি বাঘ এসে তাঁর ওপর ঝাঁপিয়ে পড়ল। সাধু কিছ তাতে মোটেই ভয় পেলেন না। বাঘ তাঁকে মূথে করে নিয়ে জংগলে পালিয়ে গেল।

স্থামী নির্মলানন্দ এপার থেকে সব দেখলেন, সাধুর সাহস দেখে
অবাক হলেন। সামনে মৃত্যু জেনেও সাধু মোটেই ভীত হলেন না।
এ বড় আশ্চর্য লাগল তাঁর কাছে।

শোনা যায়, সাধু-সন্মাসীরা মরতে ভয় পায় না। এর যেন প্রভাক প্রমাণ পাওয়া গেল।

তিনি হবীকেশ থেকে লক্ষণঝোলা, উত্তরকাশী, দেবপ্রয়াগ, কেদার-বল্লী প্রভৃতি হিমালয়ের বছ তীর্থস্থান ভ্রমণ করেন। তারপর কলকাতায় চলে আসেন।

কলকাতায় এদে ভনলেন, বরানগর থেকে মঠ আলমবাজারে উঠে গেছে। তিনি আলমবাজার মঠে এদে গুরুভাইদের সংগে মিলিত হলেন।

১৯০৩ সালে স্থামী অভেদানদের কাজে সাহায্য করতে তিনি আমেরিকায় যান। দেখানে তিনি হু'বছর ছিলেন।

স্বামী নির্মলানন্দ দক্ষিণ ভারতে অনেকগুলো আশ্রম প্রতিষ্ঠা করেন, কলকাতার রামঞ্জু সারদা মঠও তাঁরই প্রতিষ্ঠিত।

যদি জগতে কিছু পাপ থাকে, তবে হুর্বলভাই দেই পাপ। সর্বপ্রকার হুর্বলভা ভাগ কর। হুর্বলভাই মৃত্যু, হুর্বলভাই পাপ। —স্বামী বিবেকানক্ষ

याभी विकानानम

রবিবার।

স্থল, কলেজ, অফিস সব বন্ধ। ছুটির দিন বলে দক্ষিণেখরে রামঞ্চ দেবের ঘরে লোকের খুব ভিড়। রামঞ্চদেব গল্পের ছলে তাঁদের উপদেশ দিচ্ছেন। সকলেই মন দিয়ে তাঁর কথাগুলো শুনছেন।

এমন সময় একজন যুবক ঘরে ঢুকলেন। তিনি ঢুকেই ঘরের এক কোণে বসে পড়লেন। রামকৃষ্ণদেব কথা বলতে বলতে একবার তাঁর দিকে তাকালেন। যুবক ছেলেটি উঠে এসে তাঁকে প্রণাম করলেন।

- —তুই কুন্তি লড়তে পারিদ। আমার সংগে লড়তে পারবি ?
- —আজে, কৃত্তি লড়তে পারি সত্য, তাই বলে আপনার সংগে লড়ব একন ? আপনি কি আমার সংগে লড়তে পারবেন ?
 - —লড় দেখি এক হাত। কেমন লড়তে পারিস দেখব।

কথা বলতে বলতেই রামক্ষণদেব উঠে দাঁড়ালেন। তারপর শালোয়ানের মত তাল ঠুকতে শুক্ত করে দিলেন। যুবক ছেলেটি চূপ করে শাঁড়িয়ে রইলেন। রামকৃষ্ণদেব এগিয়ে এসে তাঁর ছু' হাত ধরে জােরে ঠেলতে ঠেলতে নিয়ে দেওয়ালের গায়ে চেপে ধরলেন।

যুবকটি ছিলেন একজন ব্যায়ামবীর, তিনি ভাল কুন্তি লড়তে পারতেন। এত বড় একজন ব্যায়ামবীরের সংগে রামকুঞ্দেব গারবেন কি করে! ব্যায়ামবীর ছেলেটি প্রথমটা বিশ্বাস করতে পারেন নি যে তাঁর সংগে সত্যি স্তিয় তিনি লড়বেন। সেজতো তিনি চুপ করে গাঁড়িয়েছিলেন, কিছ যথন রামকুঞ্দেব তাঁকে ঠেলতে ঠেলতে দেওয়ালের গায়ে চেপে ধরলেন, তথন তিনিও একটা কৃত্তির পাঁচি মারতে প্রস্তুত হলেন।

জোর দেখাতে গিয়ে তিনি অহভব করলেন বিহাতের মত একটা

শক্তি তাঁর ভেতর চুকে গেল। তারপর সংগে সংগে তাঁর শরীরও অবশ হরে গেল। তিনি কাঁপতে কাঁপতে মাটিতে বলে শভ্লেন।

কিছুক্রণ পরে রামকৃষ্ণদেব হাসতে হাসতে বললেন, কি গো, আমাকে হারালেনা?

ধ্বক ছেলেটি কোন জবাব না দিয়ে চূপ করে রইলেন। তিনি ভাবলেন, এর কি জবাব দেব! তাঁর যে কি অভুত শক্তি আছে আমরঃ ভাবুঝব কি করে।

তারপর রামক্ষণদেব তাঁর পিঠে আত্তে করে একটি চড় মেরে বললেন, বেশ, মাঝে মাঝে এখানে আগবে।

বে পালোয়ানের সংগে রামক্বঞ্চনের কুন্তি লড়েছিলেন, তিনি হলেন স্বামী বিজ্ঞানানন্দ। তথন তাঁর নাম ছিল হরিপ্রসন্ন চট্টোপাধ্যায়।

হরিপ্রসল্লের বাবার নাম তারকনাথ চট্টোপাধ্যায়। বেলঘরিয়াতে ভারকনাথের বাড়ি। বেলঘরিয়া ২৪ প্রগণা জ্বেলার একটি গ্রাম।

ভারকবাবু সামরিক বিভাগে কাজ করতেন। সামরিক বিভাগের কাজ নিমে তাঁকে দেশ-বিদেশে অনেক জামগাম ঘুরতে হত। তিনি এটোয়াতে কিছুদিন কাজ করেছিলেন। সেথানে হরিপ্রসন্ত্রের জন্ম হয়।

কাশীর বাঙালী-টোলাতে তারকনাথের আর একটি বাড়ি ছিল। শেখানে তাঁর আত্মীয়দের মধ্যে অনেকেই থাকতেন। পড়ার স্থবিধার জন্মে ছেলেমেয়েদের তিনি কাশীতে রাথলেন।

হরিপ্রসন্ধ নসীরাম সরকারের পাঠশালায় ভর্তি হলেন। পাঠশালার পড়া শেষ করে বাঙালী-টোলা হাইস্কুলে কিছুদিন পড়াশোনা করেন। ভারপর কলকাতা চলে আসেন এবং হেয়ার স্কুলে ভর্তি হন। এথান থেকে এন্টাব্দ পরীক্ষা পাশ করেন। ভারপরে সেন্ট জেভিয়ার্স কলেজে পড়েন। সেন্ট জেভিয়ার্স কলেজ তথন বউবাজারে ছিল। স্বামী সারদানন্দ, প্রবাসীর সম্পাদক রামানক চট্টোশাধ্যায় সেই কলেকেই শড়ভেন। হরিপ্রসন্ন তাঁদের সহপাঠী ছিলেন।

হরিপ্রসায়ের সভাের প্রতি গভীর প্রদা ছিল। ছেলে বয়স থেকে তাঁর এ গুণটুকু ছিল। একবার তাঁর মা কোন কারণবশতঃ তাঁকে মিথাবাদী বলেন। এতে তাঁর মনে খুব তুঃখ হয়। তিনি মাকে অনেক ব্রিয়ে বলেন, মা আমি মিথাা বলছিনা, তবু কেন তুমি আমায় মিথাবাদী বলছ!

এত বলা সত্তেও মা ছেলের কথায় বিখাস করলেন না। তথন হরিপ্রসন্ন খুব চটে যান। তিনি রেগে গিয়ে পৈতে হিঁতে বললেন, যদি মিধা কথা বলি তবে আমি আমাণ নই।

আমাদের সংসারে একটা প্রবাদ আছে ব্রাহ্মণ রেগে পৈতে ছিঁড়লে অমংগল হয়। ছেলেকে পৈতে ছিঁড়ভে দেখে তাঁর ভারী হৃংথ হ'ল। কি জানি কি হয়, এই আশংকায় মা চিস্কিত হলেন। তিনি ছেলেকে তিরস্কার করে বল্লেন, কি ভয়ানক অভায় কর্লি বল দেখি?

কোয়েটার যুদ্ধে তারকবাব্র মৃত্যু হয়। পিতার মৃত্যু-সংবাদে হরিপ্রসন্ধ অস্থির হয়ে পড়েন। পিতৃশোকে কতদিন পড়াগুনা ভাল করতে পারেন নি। মানসিক অশান্তি নিচেই তিনি এফ-এ পরীক্ষা দেন। পরীক্ষার ফল বের হলে দেখা গেল কোন প্রকারে পাশ করেছেন মাত্র।

কিছুদিন পরে তিনি পাটনা চলে আদেন এবং পাটনা কলেজে ভর্তি হন। সেথানে তিনি বি-এ পাশ করে পুণায় চলে যান। পুণাতে উল্লিনিয়াবিং কলেজে ভর্তি হন।

পুণা ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে যে সব ছাত্র প্রথম ও দিতীয় স্থান অধিকার করে, তাদের বোস্বাই ও ভারত সরকার চাকরি দেন।

হরিপ্রদলের সংগে আরও পাঁচজন বাঙালী ছেলে সেই কলেজে পড়তেন। তার মধ্যে রাধিকাপ্রদলের সংগে তাঁর শুব ভাব হয়। তাঁরী ছ'জন এক সংগে খুব মেলামেশা করতেন। রাধিকাপ্রায়র পড়াশোনায়ও ভাল ছাত্র ছিলেন। একটি মারাঠা ছেলে তাঁদের সহপাঠী ছিলেন। মারাঠা ছেলেটি ক্লাসে প্রথম স্থান অধিকার করতেন। মহীশ্র সরকারের কাছ থেকে তিনি বৃত্তি পেতেন। ক্লাসের মধ্যে হরিপ্রসম্প্র একজন নামকরা ছাত্র। তিনি ক্লাসে দিতীয় হতেন। আর রাধিকাপ্রস্থা তৃতীয় ভান পেতেন।

রাধিকাপ্রসংশ্লের সংসারের অবস্থা মোটেই ভাল ছিল না। তিনি কলেজ থেকে যা বুল্তি পেতেন, তাতে নিজের পড়ার থরচ চালাতেন। সামায় বুল্তি থেকে সমস্ত থরচ চালানো তাঁর পক্ষে খুবই কটকর হত।

হরিপ্রসন্ধ্র দেগলেন, বন্ধু রাধিকাপ্রসন্ধ্যদি দ্বিতীয় স্থান না পান তবে ভিনি সরকারী চাকরী পাবেন না। তাঁর সাংসারিক অবস্থা ভাল নয়, কাজেই, চাকরি না পেলে তাঁর খুব অফ্বিধা হবে।

হরিপ্রসন্ন বন্ধুকে ডেকে বললেন, ভাই রাধিকাপ্রসন্ন, আমি ঠিক করেছি এবার পরীক্ষা দেব না। আমি পরীক্ষা না দিলে তুমি দিতীয় হতে পারবে। তা হলে তোমার চাকরির জন্ম আর ভাবতে হবে না।

সে বছর হরিপ্রসম পরীক্ষা দিলেন না। কিন্তু বন্ধু রাধিকাপ্রসমও দিলীয় স্থান অধিকার করতে পারলেন না। হরিপ্রসম এক বছর পরে পরীক্ষা দিয়ে দিলীর স্থান অধিকার করেন। ভারপরে তিনি ডিট্রীক্ট ইঞ্জিনিয়ার হয়ে গান্ধীপুরে চলে যান।

গাঙ্গীপুরে পওহারী বাবা থাকভেন। তাঁর কাছে তিনি মাঝে মাঝে ধেতেন।

পওহারী বাবা একজন বড় সাধু। স্বামী বিবেকানন্দ তাঁর কাছ থেকে আনেক কিছু শিথেছিলেন। এথানে তাঁর সম্বন্ধে কিছু বলব। তাঁর জীবন থেকে ভোমরাও অনেক কিছু শিথতে পারবে।

প্রহারী বাবা থাকতেন এক গুহায়। গুহার মধ্যে থেকে তিনি সব সময় সাধনায় ডুবে থাকতেন। তিনি কি থেয়ে জীবন ধারণ করতেন কেউ জানত না।

পওহারী কথার অর্থ প্রন-আহারী অর্থাৎ বে শুধু বাতাস থেয়ে থাকে।
পওহারী বাবার আশ্রমে একবার চোর চোকে। চোর প্রভার
বাসনগুলো নেবার জন্ম একত্র করে বাঁধছিল, ঠিক সেই সময় পওহারী
বাবা চোরের সামনে গিয়ে পড়লেন। চোর তাঁকে দেখে পুঁটলি ফেলে
ভয়ে ছটে পালাল।

চোরকে পালিয়ে যেতে দেখে প্রহারী বাবা পুঁটলিটি মাথায় নিয়ে চোরের পেছনে পেছনে ছুটতে লাগলেন। চোর মনে করলে তাকে ধরতে আসছেন। কাজেই, সে ভয়ে আরও ছুটতে লাগল।

চোর দৌড়তে দৌড়তে হাঁপিয়ে পড়ে এক জায়গায় বসে পড়ল। তিনি তাকে ধরে কেললেল, তারপর জিনিসগুলো তার কাছে, রেথে বললেন, ভাই তোমার কাজে ব্যাঘাত করে বড় অভায় করেছি। তোমার জিনিস ফেলে চলে এসেছে, তাই সেগুলো তোমায় দিতে এলুম।

চোর তো অবাক হয়ে তাঁর ম্থের দিকে চেয়ে রইল। সে মনে করলে জিনিসপ্তলো তার হাতে দিয়ে তিনি হয় তো পুলিশের হাতে ধরিয়ে দেবেন। কাজেই, ভয়ে সে জিনিস নিতে চাইলে না। কিন্তু তিনিও ছাড়বেন না; তুমি গরিব লোক, তাই তো চুরি করতে এসেছিলে। এ জিনিসপ্তলো আমার দরকার নেই। এপ্তলো তুমি নাও। এ ভাবে অনেক করে বুঝালে পর চোরের বিশাস হল যে, সত্যি তিনি এপ্তলো দিতে চাইছেন। কিন্তু তবু সে জিনিস নিতে চায় না। তার জীবনে পরিবর্তন দেখা দিল। সে ভাবলে তিনি কত বড় সাধু, আর আমি কিনা তাঁর জিনিস চুরি করতে গেছি!

পওহারী বাবা জিনিসগুলো জোর করে চোরকে দিয়ে চলে এলেন।

পওছারী বাবার জাবনের আরও অভুত ঘটনা আছে। সে সব আর এখানে উল্লেখ করলুম না।

ছরিপ্রসন্ধ গাজীপুরে আনেকদিন ছিলেন। ভারপর ভারত সরকারের আধীনে মীরাট, বুলন্দ-শহর, এটোয়া ও মধ্য প্রদেশের আনেক জায়গায় কাজ করেছেন।

হরিপ্রসর ১৮৯৬ সালে সরকারী কাজ ছেড়ে দিয়ে আলমবাজার মঠে যোগদান করেন। তিনি মঠে আসার কয়েক মাস পরে স্বামী বিবেকানন্দ আমেরিকা থেকে ফিরে আসেন। আলমবাজার মঠে তাঁর সন্নাস হয়। তথন থেকে তিনি স্বামী বিজ্ঞানানন্দ নামে পরিচিত।

স্থামী বিবেকানন্দের নির্দেশ মক্ত বেলুড়ে রামক্টফাদেবের নতুন মন্দিরের নক্তা স্থামী বিজ্ঞানান্দ তৈরী করেন। এই মন্দিরটি এখন বাংলার মধ্যে সবচেয়ে বড় এবং ভারতের মধ্যে একটি প্রেসিদ্ধ মন্দির। দেশ-বিদেশ থেকে মন্দির দেখতে লোক আসে।

১৯৩৭ সালে স্থামী অথগুাননের দেহত্যাগের পর তিনি বেলুড় মঠের অধ্যক্ষ নির্বাচিত হন।

প্রত্যেক ভারতবাসীকেই ভারতের নেতা হবার উপযুক্ত হতে হবে। অর্থাৎ চরিত্রবান, স্বার্থত্যাণী, পবিত্রাস্থা ও উদারচেতা হতে হবে। দেশের, লোকদের ভালবাসতে হবে। দেশের যাতে ভাল হয়, দে রকম কাজ যেন প্রত্যেক করতে পারে, এ বিষয়ে যত্ত্বান হতে হবে।

স্বামী অদ্বৈতানন্দ

নিঝুম ছপুর রাভ।

বিঁঝিঁ পোকার ঝিঁ ঝিঁ শব্দ ছাড়া আর কিছুই শোনা যায় না।
তবে পৌচার ডাক মাঝে মাঝে শোনা যায়। এমনি ঘুটঘুটে নিভাতি
রাত্রেই পা ছম্ছম্ করে ওঠে। ডাই ভয় পাবার কিছু না থাকলেও
মাজ্য ভয় পায়।

গভীর রাত্তে সবাই ঘূমিয়ে আছে। কোন সাড়া শব্দ নেই। এমনি সময় হঠাৎ দরভায় কডা নড়ে উঠল।

- —কে, এত রাতে দারজায় কড়া নাড়ছে ?
- —দাদা ঘুম্লেন নাকি ? একবার দোরটা খুলবেন ? বড্ড বিপদে
 পড়ে আপনার কাচে এমেতি।

বিপদের কথা ভনেই ভাড়াভাড়ি দরজা থ্লে দিলেন। একজন বুড়ো লোক লঠন হাতে করে ঘরে ঢ়কলেন।

- কি হয়েছে বলুন তো। এত রাতে ডাকাডাকি করছেন কেন?
- আর দানা কি বলব ! বুড়ো হয়েছি কিনা তাই তামাকের নেশায় অস্ত্রির হয়ে ছটে আসতে হয়েছে।

বৃড়ো বললেন, থেয়ে দেয়ে ভয়ে পড়েছি। হঠাং ঘুম ভেঙ্গে গেল, বিছানা থেকে উঠে বসতে না বসতেই মাথা ঝিম্ ঝিম্ করতে লাগল। কেন এমন হচ্ছে প্রথমটা কিছুতেই বৃছতে পারল্ম না, পরে মনে হল থাবার পর ভামাক না থেয়ে ভয়ে পড়েছি, তাই তো মাথা ঘুরছে। ভামাক সাজতে গিয়ে দেখি টিকে ধরাবার আগুন নেই। একটু আগুনের জন্যে আপানাকে বিরক্ত করতে এসেছি। যদি কিছু মনে না করেন ভো আমায় একট আগুন দিন।

—বেশ লোক তো আপনি। তামাক থাবার জন্তে এত রাতে ঘ্যাথেকে লোককৈ কেউ কথনো তোলে নাকি? আর আপনি দেখছি খুব বৃদ্ধিমান। আপনার হাতেই লগ্ঠন রয়েছে, তাই থেকে টিকে ধরাতে পারলেন না। হাতে আগুন নিয়ে আগুন আগুন করে পাগলের মত ঘুরে বেড়াছেন। বাঃ বাঃ, বেশ মজার লোক তো।

— এ-ই যা:, তাই তো! হাতে লঠন থাকতে আগুন খুঁজে মরছি। বুড়ো ভল্লোক লজ্জায় মাথা নিচুকরে চলে গেলেন। বাড়ি এসে টিকে ধরিয়ে পায়ের ওপর পা তুলে গড় গড়করে হাঁকা টানতে লাগলেন।

স্থামী অহৈভানন একবার তীর্থাননি যাবার ইচ্ছা করে গুরুর নিকট
স্থ্যতি চান। গুরু রামকৃষ্ণদেব তখন তাঁকে এ গ্রাট বলেছিলেন।
তিনি বলেন, ভগবানকে খুঁজতে লোকে তীর্থে থেতে চায়। আরে,
ভগবান যে ভেতরেই রয়েছেন, এ বুদ্ধি কারো নেই। এত কাছে থাকতে
লোকে দ্রে গিয়ে তাঁকে থোজে। ঐ বুড়ো যেমন নিজের হাতে আগুন
থাকতে দ্রে গিয়ে লোকের বাড়িতে আগুন খুঁজে মরছে, সব মার্যুই
তেমনি ভগবান খুঁজে তীর্থে যেতে চায়। ঈশ্বর স্বার আপন। তিনি
সব সময় কাছেই থাকেন। বুথা সময় নই করতে তীর্থে যেও না।

স্থামী অবৈতানক ছিলেন বুড়ো মাত্র। তীর্থ ভ্রমণে থুব কট পেতে হয়। এই কটের বিশেষ কোন ফলও পাওরা যায় না, তাই রামকুফদেক তাঁকে তীর্থে যেতে নিষেধ করেছিলেন।

স্বামী অবৈতানন্দের ছোটবেলার নাম গোপালচন্দ্র শূর। গুরু-ভাইর। তাঁকে 'বুড়ো গোপালদ।' বলে ডাকভেন। গোপালদা বুড়ো বয়সে সাধু হয়েছিলেন। তিনি রামকুঞ্চদেবের চেয়েও বয়সে বড় ছিলেন।

গোপালদা সাধু হবার আগে ব্যবসা করতেন। কলকাতার:

চীনেবাজারের নাম সকলেই জানে। এটি বলকাতার মধ্যে একটি নামকরা বাজার। সেই বাজারে গোপালদার দোকান ছিল। তাঁর দোকানে কাগজ বিক্রি হত। সে অঞ্চলে তাঁর দোকানের খুব নাম ছিল। অর্থাৎ তিনি একজন নামকরা ব্যবসায়ী ছিলেন।

গোপালদা বিয়ে করে সংসার-ধর্ম পালন করছিলেন। কিন্তু জীর মৃত্যুর পর সংসারের কাজ তাঁর আর ভাল লাগত না। তার একজন বন্ধুর কাছে রামক্তম্পেনের কথা শোনেন। কিছুদিন প তিনি সংসার ছেড়ে দিয়ে রামক্তম্পেনের নিকট চলে আ্সেন। সংসা ছাড়ার পর তিনি গুরুর কাছে থেকে সাধন ভছন শিক্ষা করেন।

রামকৃষ্ণদেবের শরীর যাবার পর সকলের সংগে তিনিও বরানগর মঠে যোগদান করেন। দেখানে তাঁর সন্ধ্যাস হয় এবং তিনি স্বামী অবৈতানন্দ নামে পরিচিত হন।

বরানগর মঠে কিছুদিন কঠোর সাধনা করেন, তারপর তীর্থ জমণে বেরিয়ে যান। প্রথমে তিনি কাশী যান। কাশীতে পাঁচ বছর ছিলেন। এ পাঁচ বছর তিনি তপস্তা করে কাটিয়েছেন। তিনি কাশীতে যতদিন ছিলেন, ততদিন মাধুকরী করে আহার করেছেন।

মাধুকরী হল একরকম ভিক্ষা। সন্ধানী লোকের বাড়ির দোরে এবে বলেন, ভবতি ভিক্ষাং দেহি। মা আমায় ভিক্ষা দাও। সাধু যে বাড়ি ভিক্ষে করতে আসবেন সে বাড়ির মেয়েরা, তাদের ঘরে যা রান্না হয়েছে তাই থেকে স্ন্যাসীকে কিছু দান করেন। সন্ধানী ভাত বা কটি, ভাল, তরকারি যা ভিক্ষায় পান তাই এক সংগে মিশিয়ে থেয়ে নেন। এরই নাম মাধুকরী।

वाःनारमः नाधुरमत माधुकती कतरा विराण स्वा यात्र ना। कानी-হরিদার প্রভৃতি তীর্ধস্বানেই সাধদের মাধুকরী করতে দেখা যায়।

তিনি হরিছার, স্বাকেশ, কেদার-বদরী, ছারকা, রামেশ্বর প্রভৃতি বছ জীর্থ স্থান শ্রমণ করেছেন।

স্বামী বিবেকানন্দ আঁমেরিকা থেকে ফিরে আসার পর আলমবাজার মঠে গোপালদা তাঁর সংগে মিলিত হন। পরে বেলুড় মঠ তৈরী হ'লে তিনি সেখানে চলে আসেন।

ষামী অধৈতানৰ বাগানের কাজ করতে ভালবাদতেন। ছেলেবেলা থেকেই তিনি এ কাজ করতেন। বেলড মঠেও বাগানের কাজ দেখা-শোনা করছেন।

তাঁর কাজ থুব পরিষ্কার-পরিচ্ছন্ন ছিল। তিনি ফুল ও শব্জীর গাছ স্থার বারে বেঁধে লাগাতেন। স্থামী বিবেকানন্দ তাঁর কাজের খুব প্রশংসা করভেন।

[—]এদ 'ভাই, জগৎ জুড়ে একটি জাত তৈরী করি। এই জাতির মধ্যে থাকবে কেবল প্রেম—নিঃম্বার্থ ভালবাদা। ইউরোপের জাতিরা অস্ত্রশান্ত জগৎ শাসন করতে চায়। এদ আমরা প্রেম ও শক্তির দারা দংদারকে বন্ধন করি। দকলকে এক করে क्लि। नृत कत्र सार्थ, मान, हिँ एए क्लि मानात्र वक्तन।

[—]স্বামী প্রেমানস্

স্বামী অদ্ভুতানন্দ

অভ্ত মাস্টার, অভ্ত ছাত্র। মাস্টার বলেন, পড়, ক। ছাত্র পড়ে, কা। মাস্টার আবার বলেন, বল্, ধ। ছাত্র পড়ে, থা।

মাস্টার ছাত্রকে ভাল করে ব্ঝিয়েবলেন, তুই কা কেন বলছিন ? বল, ক। আরেখানাপড়েপড়্খ। ব্যলি তো?

- —আজ্ঞে হ্যা বুঝেছি।
- --- আচ্ছা বেশ, এবার বল তো ক।
- --হামি বলবে ?
- —হাা তুই বলবি।
- —আজে হজুর বা।
- এই যা মলো, আবার সেই একই ভূল করলি ? একটা জোরে নি:খাস ফেলে মাস্টার বললেন, না:, তোকে নিয়ে আর পারব না। এই নাবললি, বুঝেছি। তবে আবার ভূল করলি কেন?

ছাত্র অমনি ব্যক্ত হয়ে বললে, হুজুর, হামি আর ভূল করবে না।
এবার ঠিক বলভে পারবে।

—ঠিক বলতে পারবি ? বেশ, আবার মূথে মূথে বল দেখি, থ। ছাত্র তো মহা ভাবনায় পড়ল। কি বলতে কি বলবে সে কিছুই জানে না। ব্যক্ততার মধ্যে তাড়াতাড়ি বলে উঠল, থা।

মাস্টার দেখলেন একে লেখাপড়া শেখানো আর মাবে না। ছাথ করে

বলেন, ভোকে আর শেখাতে পারলুম না রে। তোর দারা আর পড়াশোনা হবে না, আমাকে হার মানতে হল।

ছাত্র লজ্জায় মাধা নিচু করে চুপ করে থাকে, কোন জবাব তার ম্থ দিয়ে বার হয় না।

এই অদ্ধৃত মান্টার আর অদ্ধৃত ছাত্রটি কে জান ? মান্টার হলেন রামকৃষ্ণদেব, আর স্বামী অদ্ধুতানন্দ হচ্ছেন তার ছাত্র।

মাস্টারের নাম শুনলেই মনে হয় ভিনি যেন মস্ত বড় একজন পণ্ডিত হবেন, কিন্তু তা নয়। মাস্টার রামক্ষণদেব লেগাপড়া বিশেষ কিছুই জানভেন না। নিজের নাম সই করতে পারতেন মাতা।

রামঞ্চলনেরের শিশুদের মধ্যে প্রায় সকলেই ছিলেন বিধান লোক।

এ সব কথা আগেও তু এক জায়গায় বলেছি। স্বামী অভুতানন্দ লেখাপড়া
মোটেই জানতেন না। রামঞ্চলদেবের মনে ভারী তঃধ হল! তাঁর
সব শিশ্যেরা পণ্ডিত হবে আর লাটু মূর্য থেকে যাবে ? তাই তিনি লাটুকে
পড়াতে শুক্ত করেছিলেন।

স্থামী অস্ত্রানলকে তিনি লাটু বলে ডাকতেন, তাঁর ভাল নাম হল রাথত্রাম। ছাপরা জেলার ছোট একটি গ্রামে লাটুর জন্ম হয়। ছাপরা বিহার প্রদেশের একটি জেলা।

তিনি শৈশবেই মাতাপিতৃহার। হন। ছোটবেলায় মা-বাবা মারা গেলে বড় হু:থ পেতে হয়। সরিবের ছেলে হলে আরও বেশী হু:থ হয়। তারা অ্যোগ-হবিধা কিছুই পায় না। লেথাপড়াও শিথতে পারে না। লাটুও ছিলেন স্ববের ছেলে। সেজতো তিনিও কিছুই শিথতে পারেন নি।

কথায় বলে পাথির গলায় কাঠি উঠলে তাকে আর পড়ানো যায় না। মাহুষের বেলাও কিন্তু তাই। বয়সের সংগে সংগে না শিথলে পরে বুড়ো হলে আর শেথা যায় না। রামক্ষণের যথন লাটুকে পড়াতে আরম্ভ করেন, তথন তাঁর অনেক বয়স হয়েছিল। এই বুড়ো বয়সে কি আর আ, আ, ক, থ কেউ শিথতে পারে ? কাজেই তিনিও শিথতে পারলেন না।

শ্বামী অঙুতাননের জীবনে অনেক সব অঙুত ঘটনা আছে। তাঁর সব কাজই যেন ছিল অঙুত।

লাটু ছিলেন রামচক্র দত্তের বাড়ির চাকর। রামবাবু মাঝে মাঝে রামকৃষ্ণদেবের নিকট আসতেন। তিনি যথন আসতেন তথন রামকৃষ্ণদেবের জন্মে কল মিষ্টি নিয়ে আসতেন। লাটু এ সব ফল মিষ্টি বয়ে নিয়ে আসতেন।

লাটু ফল মিষ্টিগুলি রামক্র্য়নেবের নিকট রেথে চূপ করে বসে থাকতেন। রামক্র্য়নেবের নিকট অনেক লোকজন আসতেন। তিনি তাঁনের গ্লের ছলে অনেক উপদেশ দিতেন। লাটু বসে বসে সে সব কথা শুনতেন।

কিছুদিন পরে রামকৃষ্ণদেবের কান্তের স্থবিধার জন্তে লাটুকে ভিনি দক্ষিণেখনে রেখে দেন। লাটু দক্ষিণেখনে থেকে কাজকর্ম করেন। শারাদিন পরিশ্রম করার পর সন্ধ্যা হলে ক্লান্ত হয়ে শুয়ে পড়েন।

রামকুঞ্চানৰ লাটুকে ডেকে তিরস্কার করে বললেন, হাঁা রে লাটু, সন্ধা হতে না হতেই যদি ঘূমিয়ে পড়িস্, তবে ভগবানের নাম করবি কথন বল তো ?

লাটু ফ্যাল্ ফ্যাল করে গুরুর মুখের দিকে চেয়ে থাকেন। কোন কথা তার মুখ দিয়ে বেরোয় না। চোখ দিয়ে শুধুঝর ঝর করে জল ঝরে। রামকুফদেব তার মনের ভাব ব্রতে পারলেন। তারপর তাঁকে সাল্পনা দিয়ে বললেন, দেখ সল্পোবেলা ভগবানকে ভাকবার সময়। সে সময় লোকজনের আসা-যাওয়াও কমে য়য়, নির্জন হয়। তথন বসে জপ ধান করলে মন ভাতে বেশ জমে য়য়। তুই তো সারাদিন প্রিশ্রম করিস, মোটেই সময় পাস না। সম্বোবেলা যা একটু পাস, তাও বদি মুমিয়ে কাটিয়ে দিস তবে তাঁকে ভাকবি কথন বল দেখি?

লাটু গুৰুর কথা মন দিয়ে গুনলেন এবং মনে মনে প্রতিজ্ঞা করলেন। জিনি আর কথনো রাজে ব্যবেন না।

ভারপর থেকে লাটু আর রাত্রে ঘুমোন না। সারারাভ জেগে জপ-ধ্যান করেন।

বে লাটু সন্ধা৷ হতে না হতেই নিদ্রায় অভিতৃত হয়ে চলে পড়তেন, তিনি কিনা এখন সারারাত না ঘুমিয়ে কটান! কি অভূত ক্ষতা তাঁর!

আর একদিনের কথা।

ব্রানগর মঠে একবার উংকে কলাপাতা কেটে আনতে পাঠানো ইঁল। লাটু তো পাতা কাটতে কলা বাগানে চলে গেলেন। সকলেই ভাবলেন, কিছুফণ পরেই পাতা নিয়ে ফিরে আসবেন। কিন্তু ঘণ্টার পর ঘণ্টা চলে যাছে, তব লাটর দেখা নেই।

—লাটু এতক্ষণ কৰা-বাগানে কি করছে ? কথন গেছে এখনো আসে
না কেন ? গুরু-ভাইদের মধ্যে একজন তাঁকে দেখতে গেলেন।

কলা-বাগানে এসে ধা দেখলেন, তাতে তিনি অবাক হয়ে গেলেন।
লাটু পাতা কটিতে কলাগাছে কোপ মেরে গাছের দিকে এক ভাবে চেয়ে
আছেন, তাঁর চোখ দিয়ে জল পড়ছে আরু মাঝে মাঝে 'হায় কি করলুম'
বলে আর্তনাদ করছেন।

- ' গুরু-ভাইটি কাছে এসে তাঁকে জড়িয়ে ধরে জিগগেদ করলেন, কি হয়েছে ভাই লাটু, তুমি অমন করছ কেন ?
- আর ভাই আমি কি করলুম দেব। গাছের রক্তপাত করে দিয়েছি। হায় হায়, গাছের কি কট হচ্ছে দেখ!

পাতা কাটতে গাছে কোপ মারলে গাছ থেকে জল পড়তে থাকে।
এই জল পড়াকে তিনি গাছের রক্তপাত বনছেন। কোমলপ্রাণ লাটু
সামাত একটি গাছের কটের জত্তে কি রকম ছটফট করছেন। সাধু মহাপুরুষরা কার্মর ছ:খ-কট্ট সইতে পারেন না। লাটু মহারাজের জীবনই তাঁর
জলন্ধ উদাহরণ।

এ রকম আরও অদ্ধৃত অদ্ধৃত ঘটনা তাঁর জীবনে ঘটেছে। এ সব ঘটনার জন্তেই তিনি অদ্ধৃতানন্দ নামে বিখ্যাত হন।

স্বামী অভুতানক সন্তিটে অভুত মহাপুক্ষ। তিনি লেখাপড়া কিছুই জানতেন না; একথা আগেই বলেছি। লেখাপড়া না জানলেও তিনি যে ধর্মের উপদেশ দিতেন, তা সবই বড় বড় শাস্ত্রের বই-এর সংগে মিলে যেত। অনেক পণ্ডিত লোকও তাঁর কাছে জটিল প্রশ্ন করে সত্ত্তর পেয়েছেন।

তিনি ছোটদের থুব ভালবাদতেন। তাঁর কাছে দব সময় ছেলেদের ভীড় লেগেই থাকত। ছেলেদের জন্মে ছোলাভাজা, হাল্যা প্রভৃতি দব সময় কাছে রাথতেন; ছোটদের থাইয়ে তিনি থুব আননদ পেতেন।

বুড়ো হলে তিনি কাশীতেই বেশী থাকতেন, সেথানে তাঁর দেহত্যাগ হয়। কাশীতে তাঁর নামে একটি স্থতি-মন্দির আছে।

তুমি যদি ভালবাসা চাও তবে আংগে সকলকে ভালবাস। তারপর তুমি ভালবাসা পাবে। তুমি যদি ঠকাও সকলকে, তা হলে জগত তোমায় ঠকাবে।

তুর্গাচরণ নাগ

- --বাবা, বাবা, শিগগির এস।
- कन, कि इखरह ?
- —শিগগির বাইরে এসে দেখ, উঠোন ফেটে কেমন জল বেরুচ্ছে। বাবা ঘর থেকে বেরিয়ে এসে দেখেন সন্তিয় সন্তিয় উঠোনের থানিকটা জায়গা ফেটে গেছে এবং সেখান থেকে গল গল করে জল উঠছে।
 - -- অবাক কাত ! কি ভাবে জল উঠল রে হুর্গা ?
- আজ যে অর্থোদয় স্নানের যোগ তা ভূলে গেলে নাকি? গলায় নাইতে কলকাতায় যেতে চাইছিলে না? দেখ, মা গলা বাড়িতে এসে আমাদের চানের স্থবিধে করে দিলেন।
- —বাং, বাং কি মজা, মা গঙ্গা বাড়ি এসেছেন !

 তুর্গাচরণ ও তাঁর বাবা গঙ্গা চান করে মনোবাসনা পূর্ণ করলেন।

 একথা ক্রমে পাড়ার মধ্যে ছড়িয়ে পড়ঙ্গা, এবং দলে দলে লোকজন
 এদে চান করতে লাগ্লা।

এ ঘটনাটি হয়েছিল দেওভোগ গ্রামে। ঢাকা জেলার ছোট্ট একটি গ্রামের নাম দেওভোগ। নারায়ণগঞ্জ থেকে আধক্রোশ পশ্চিমে ভার অবস্থান।

সবেমাত্র বর্ধা শেষ হয়ে শরতকাল শুরু হয়েছে। আকাশের আনাচে কানাচে টুকরো টুকরো কালো মেঘ এখনো জমাট বেঁখে রয়েছে। মেঘের ফাঁকে ফাঁকে ফুর্যের আলো ছিটকে এসে কচি কচি সবুজ ঘাসের ওপর পড়েছে। দুর্বা ঘাসের জলকণাশুলোতে ফুর্যের আলো পড়াতে মুস্কোর মত ফুল্বর দেখাছিল। শাড়াগাঁয়ের এ দুশ্র বড়ই মনোরম। এমনি ফ্লব দিনে ছুর্গাচরণ মাটির পৃথিবীতে জয় নিয়েছিলেন।

১২৫০ সালের ৯ই ভাত্র দীনদ্বাল নাগের বাড়িতে শাথ বেজে উঠলে পাড়ার ছেলেরা ছুটে এসে দীনদ্বাল বাবুকে যিরে দাড়াল এবং বলল, আপনাদের থোকা হরেছে, আমাদের থাওয়াতে হবে।

দীনদ্বাল বাবু গরিব হলেও প্রথম ছেলে হওয়াতে আনন্দ করে আনিকটা ঘটা করেছিলেন, এটুকু আমরা আনায়াদেই ধরে নিতে পারি। ছোট ছোট ছেলেমেয়েরাও এ আনন্দ উৎসব থেকে বাদ পড়েন।

হুর্গাচরণের জন্মের চার বছর পরে তাঁর একটি বোন জন্মগ্রহণ করেন।
তাঁর নাম সারাদামণি। সারদামণির জন্মের হু'বছর পরে দীনদ্যাল বাবৃর
আর একটি মেয়ে হয়, কিন্তু চার মাস পরে মেছেটি মারা গেল। এ ঘটনার
হু'বছর পর দীনদ্যাল বাবৃর আর একটি ছেলে হয়। ছেলেটি জন্মাবার
সংগে সংগে হুর্গাচরণের মা মারা যান। একমাস পরে শিশুটিও মায়ের
সংশে পরলোক যাজা করল!

মায়ের মৃত্যুর পর, পিদীমার ওপর তাদের মাহ্ন্য করার ভার পৃড়ন।
পিদীমা ছিলেন বাল-বিধ্বা। তিনি তাঁদের নিজের সম্ভানের মত লালন
পালন করতে লাগলেন।

তুর্গাচরণ এখন বড় হয়েছেন। এ বছদে স্থলে দেওয়া প্রয়োজন।

এখন যেমন স্থলকলেজের ছড়াছড়ি, তখন কিছ দে রকম ছিল না।
নারায়ণগঞ্জে মাত্র একটি বাংলা স্থল ছিল, তাও আবার প্রাইমারী স্থল।
হুর্গাচরণকে দে স্থলে ভর্তি করানো হল। কিছু তৃতীয় শ্রেণী পর্যন্ত পড়েই
তাঁকে পড়া ছাড়তে হল। কারণ দেখানে এর বেশী আর ক্লাশ ছিল না।

চুর্গাচরণ পড়ান্তনা করতে খুব ভালবাসতেন। তিনি আরো পড়তে চাইলেন, কিছু পড়বেন কোথায়? বাবা কলকাতায় থাকেন। সেখানে আনেক স্কুল আছে। বাবার সংগে তিনি কলকাতায় যেতে চাইলেন। কিছু তিনি সামান্ত বেতনে চাকরি করেন। ভাতে তাঁর সংসারই চলেনা।

ছেলেকে কলকাতায় নিলে আর পড়ার খরচ চালানো সম্ভব নয়। কাজেই ভিনি রাজী হতে পারলেন না।

স্থলে ভর্তি হতে না পেরে গুর্গাচরপের মনে ভারী ছঃখ হল ভিনি পড়ার জন্ম বড় ব্যগ্র হয়ে উঠলেন। একদিন তিনি অনলেন ঢাকা শহরে অনেক স্থল আছে। ডিনি ঢাকায় গিয়ে স্থলে ভর্তি হতে ইচ্ছা করলেন।

নারায়ণগঞ্জ থেকে ঢাকা পাঁচ ক্রোশের পথ। ঢাকায় পড়তে বৈতে হলে তাঁকে রোজ দশ ক্রোশ অর্থাৎ ২০ মাইল ইটিতে হবে। তুর্গাচরণের বয়স তথন ১০।১২ বছর হবে। এই বয়সে এতদুরে গিয়ে স্থল করতে কোন অভিভাবকই বলতে পারেন না। তাই পিসীমাও এ প্রভাবে রাজী হতে পারলেন না। তুর্গাচরণ তবু স্থলে যাবার জন্তে জেদ করতে লাগলেন। শিদীমা বললেন, তোমার যথন পড়ার এতই আগ্রহ তথন বাড়িতেই পড়!

- —না পিশীমা, বাড়িতে কি পড়া হয়?
- কি করব বল, নারায়ণগঞ্জে স্কুল থাকলে ভর্তি করিয়ে দিতুম। বিস্তু সে তো আর নেই, কাজেই ভোমাকে বাড়িতে পড়ানো ছাড়া আর কি করতে পারি বল ?

পিসীমা যুক্তি দিয়ে বোঝালেও ত্র্গাচরণের মন মানে না। একদিন কাউকে কিছু না বলে সকাল বেলা ঘুম থেকে উঠেই তিনি ঢাকার রওনা হলেন। ঢাকায় এসে একটি স্কুলে পড়ার ব্যবস্থা করলেন।

্তুর্গাচরণ ফিরে এসে পিসীমাকে সব বললেন। পিসীমা এবার আর তাঁকে বাধা দিলেন না। আশীবাদ করে বললেন, ভগবান ভোমার মংগল করুন!

— শিদীমা, কাল কুলে যাব। সকালে খেতে দিতে হবে।

পরদিন সকালে উঠে ভাতে ভাত কিছু খেয়ে নিয়ে হুর্গাচরণ স্থলে চললেন। পিসীমা সংগে কিছু মৃড়ি বেঁধে দিয়ে বললেন, খিধে পেলে একলো খাস বাবা।

্চাকা এসে তুর্গাচরণ একটি নর্মাল কুলে ভত্তি হলেন।

এতদ্ব থেকে হেঁটে এসে পুল করতে দেখে মাস্টাররা অবাক হয়ে যান। একদিন একজন শিক্ষক তাঁকে জিগগেস করলেন, এতদ্ব থেকে তুমি আস, তোমার কট হয় না।

- —আমি হাঁটতে থুব ভালবাদি। আমার মোটেই কট হয় না।
- —নিশ্চয় ভোমার বট্ট হয়। তুমি আমার বাড়িতে থাক।
- —আপনি আমার জন্ম মোটেই ভাববেন না।

ছোট্ট একটি ছেলের পড়ার আবাহে দেখে শিক্ষকের। মুগ্ধ হন। তাঁর।
সকলেই তাঁকে খুব ভালবাসতেন। একজন শিক্ষক আবার বেশী ভালবাসতেন। তিনি তাঁর কট দেখে নিজের বাড়িতে রাখতে চেয়েছিলেন,
কিন্তু তুর্গাচরণ রাজী হলেন না।

চাকার পড়া শেষ করে চুর্গাচরণ কলকাত: য় এসে ক্যাপেল মেডিকেল
কুলে ভর্তি হলেন। কিন্তু সেখানে বেনী দিন পড়তে পারলেন না।
তিনি হোমিওপ্যাথি পড়তে আরম্ভ করেন। হোমিওপ্যাথি পরীক্ষায় পাশ
করে তিনি ছোট্ট একটি ওষ্বের বাক্স নিমে পাড়াতে গরিবদের বিনা পয়সায়
ওষ্ধ দিতে লাগলেন।

তুর্গাচরণ ডাক্টারী করতেন বটে, কিন্তু টাকা প্রমা বিশেষ কিছুই রোজগার করতে পারতেন না। রোগী দেখতে গিয়ে কারুর কাছে কিছু চাইতে পারতেন না। নিজের থেকে যে যা দিত তাই আনতেন। তাও আবার বেশী টাকা দিলে ফিরিয়ে দিতেন।

স্বেশচন্দ্র দত্তের সংগে তাঁর বিশেষ বন্ধুছ ছিল। স্বেশ বাবু একদিন বললেন, ভাই তুর্গা, শুনলুম দক্ষিণেখবে একজন বড় সাধু আছেন। চন্দ উাকে দেখে আসি। তুর্গাচিরণ বললেন, বেশ ভো চল।

তারপর দু'জনেই দক্ষিণেখরের দিকে রওনা হ'লেন। পথঘাট কিছুই

তাদের জানা নেই, রান্তা ভূল করে তাঁদের অনেক ঘুরতে হল। বেলা ছু'টোর সময় দক্ষিণেবরে পৌছলেন। রামক্ষদেবের সংগে কিছুক্ষণ আলাপ করে তাঁরা বাড়ি ফিরে এলেন।

তারপর থেকে তুর্গাদ্ধরণ প্রায়ই দক্ষিণেখরে বেতেন। একদিন তিনি রামক্রফদেবকে বললেন, আমি সন্ন্যাসী হতে চাই।

রামকৃষ্ণদেব বললেন, তুমি সন্ত্যাসী না হয়ে আদর্শ গৃহী হও। রামকৃষ্ণদেবের কথা মত ডিনি আর সংসার ত্যাগ করলেন না।

অনেকের ধারণা, সংসারে থেকে ধর্ম হয় না। কিন্তু নাগ মশায়ের জীবনী থেকে আমরা জানতে পারি, সংসার ত্যাগ না করেও ধর্মপথে উন্নতি করা যায়।

তুর্নাচরণকে পরে সকলেই নাগ মশায় বলে ডাকতেন।

শ্বামী বিবেকানন্দ বলেছিলেন, সারা পৃথিবী ঘুরে এলুম, বিস্ক নাগ মশায়ের মত মহাপুরুষ কোথাও দেখতে পেলুম না। গিরিশ ঘোষ বলতেন, নাগ মশায়ের মত নমু ও বিনয়ী লোক জগতে মিলে না।

স্তিত্য, নাগ মশায় ধেরপ বিনয়ী ও শান্ত স্বভাবের লোক ছিলেন, তাঁর সংগে কারুরই তুলনা চলে না! সে জন্মে রামক্বফদেবের গৃহী শিশুদের মধ্যে তাঁকেই শ্রেষ্ঠ বলা হয়।

মাস্টার মশায়

(মহেন্দ্রনাথ গুপ্ত)

'রামকৃষ্ণ কথামৃত' বই-এর নাম শুনেছ। রামকৃষ্ণদেব গল্পের মত সহজভাবে যে সব উপদেশ দিতেন, তার বেনীর ভাগ কথাই এই বই খেকে আমরা জানিতে পারি। বইখানি বাংলা সাহিত্যের একটি মুলাধান গ্রন্থ।

মহেক্সনাথ গুপ্ত বইটি লিখেছেন। মহেক্স বাবু স্কুল মাস্টার ছিলেন। তাঁকে সকলেই মাস্টার মশায় বলে ভাকত। কথামৃত বই লিখে ভিনি অমর হয়ে আছেন।

কলকাতার সিমলা পাড়ার শিবনারায়ণ দাস লেনে মধুস্দন গুপ্তের বাড়ি ছিল। মধুস্দন গুপ্ত হলেন মাস্টার মশায়ের বাবা। ১২৬১ সালের ৩১শে আষাঢ় মহেল্রনাথ এই বাড়িতে জয়েছিলেন।

মাস্টার মশায়ের জল্মের কিছুদিন পর মধুস্দন বাবু গুরুপ্রসাদ চৌধুরী লেনের আর একটি নুজুন বাজিতে আসেন।

নতুন বাড়িতে মায়ের কোলে মহেন্দ্রনাথ বড় হতে লাগলেন। আনমে তিনি পাঁচ বছরে পা দিলেন।

এই বয়সে ছেলেরা খুব ত্রস্ত হয়। ছুটাছুটি করে, মারামারি করে, কিছে মহেক্সনাথ হলেন ভার উল্টো। তিনি সব সময় চুপ করে বসে থাকভেন।

মারের আদরের ধন, চোথের মণি মহেক্সনাথ। মা আদর করে
ভাকতেন মণি। মণি বে অধু মারের আছেরে ছিলেন তা নয়, পাড়ার স্বারই
অহুরে ছিলেন। শাস্ক অভাবের জত্যে সকলেই তাঁকে ভালবাসত।

ছেলেবেলায় স্বাই খেলা করে, মণিও করতেন। তাঁর খেলা ছিল,

আকাশে চাঁদ উঠলে ঘরের ছাদে উঠে চাঁদ ধরতে যাওয়া এবং বৃষ্টি হলে, বৃষ্টির জল কোথা থেকে আসছে দেখার জত্যে ছাদে উঠে লাফালাফি করা।

এমনি ভাবে মণি বেড়ে উঠতে লাগলেন। ক্রমে তাঁকে স্থলে দেবার বয়স হল। বাবা তাঁকে নিয়ে হেয়ার স্থলে ভতি করিয়ে দিলেন।

মহেন্দ্রনাথ পড়াশোনাতে খুব ভাল ছিলেন। ক্লাদের সব পরীক্লাতেই প্রথম বা বিতীয় স্থান অধিকার করতেন।

দেখতে দেখতে কয়েক বছর কেটে গেল। মহেক্সনাথের প্রবেশিকা পরীক্ষা এদে গেল। পরীক্ষার ফল ভাল করার জন্তে তিনি থুব খাটতে লাগলেন।

পরীকা হয়ে গেল। তিনি বিতীয় স্থান অধিকার করলেন। তারপর দ্ধিনি প্রেসিডেন্সী কলেজে পড়েন। এফ এ পরীক্ষার সময় একটি বিষয় পরীক্ষা না দিয়েও তিনি পঞ্চম স্থান অধিকার করেন। বি এ পরীক্ষাতেও ভাল ভাবে পাশ করলেন। ছাত্রাবস্থায় তিনি পাশ্চাত্য দর্শন, ইতিহাস, সাহিত্য, জ্যোতিষ, বিজ্ঞান প্রভৃতি থুব পড়তেন।

বি এ পাশ করার পর তিনি একটি সওদাগরী অফিনে চাকরি পেলেন। কিছুদিন পরে নড়াল হাইস্থলের প্রধান শিক্ষক নিযুক্ত হন।

মাস্টার মশায়ের পড়াবার নিয়মপ্রণালী একটু নতুন ধরণের ছিল।
কোন কঠিন বিষয় তিনি খুব সহজে ও সরলভাবে ব্রিয়ে দিতে পারতেন।
এ সব কারণে আরদিনের মধ্যে তিনি স্থুলে খুব নাম করতে পেরেছিলেন।

নড়াল থেকে কলকাতায় এসে সিটি কলেজিয়েট স্থুল, রিপন কলেজিয়েট স্থুল, মেট্রোপলিটন, ওরিয়েন্টাল সেমিনারী, এরিয়ান, মডেল প্রস্তুতি অনেক স্থুলে তিনি প্রধান শিক্ষকের কাজ করেছেন।

স্বামী অন্ধানন্দ, স্বামী প্রেমানন্দ, স্বামী স্থবোধানন্দ, পূর্ণ ছোষ, বিনোদ, পণ্ট প্রভৃতি রামকুফদেবের স্থনেক শিক্ত মান্টার মশামের ছাত্র ছিলেন। ১৮৮২ সালের এক রবিবারে মাস্টার মশায় তাঁর একজন বন্ধুকে সংগে নিয়ে দক্ষিণেশ্বরে রামকুষ্ণদেবকে দেখতে যান। রামকুষ্ণদেবের সংগে পরিচয় হবার পর তিনি রবিবার অধ্যবা ছুটির দিনে প্রায়ই দক্ষিণেশ্বরে যেতেন।

রামকৃষ্ণদেবের নিকট যে সব কথা ভানতেন বাড়ি এসে তিনি সেগুলো থাতায় লিখে রাখতেন। তাই থেকেই পরে রামকৃষ্ণ কথায়তে বই লিখেছেন।

রামচন্দ্র দত্ত

কোল্লগর এনেই বেলা পড়ে গেল। সূর্য আন্তে আন্তে পশ্চিম আকাশে ঢলে পড়ল। চারদিক থেকে সন্ধা নেবে এসে ঘন অন্ধকারে ছেরে গেল। ঘরে ঘরে আলোঁ জলে উঠেছে কিন্তু রাস্তায় কোন আলো নেই। গাঢ় অন্ধকারে ছু' হাত দূরের পথও দেখা যাচ্ছে না।

— কি অন্ধকার, কিছুই যে দেখতে পাচ্ছি না, এখন যাই কোথায়? পাযে আর চলে না। কি বিপদেই পড়লুম বাবা।

কথাগুলো বলতে বলতে ছোট্ট একটি ছেলে পথের খারে একটি ঘরের বারান্দায় বদে পড়ল।

- —বাইরে কে ?
- --আমি।
- —তুমি কে? কোপা থেকে আসছ ?
- —আমার নাম রামচন্দ্র, হরিপাল থেকে আসছি।

ঘরের ভেতর থেকে একজন মহিলা বাইরে এসে বললেন, এতটুকু ছেলে, কি করে এখানে এলে ়

- -कन, दर्रे अरमि ।
- —অতদূর থেকে হেঁটে আসতে পারলে ?
- 一初1
- —ভোমার বাড়ি বুঝি হরিপালে ?
- —না, হরিপালে এক আত্মীয়ের বাড়িতে বেড়াতে গেছলুম।
- --কোথায় যাবে ?
- —কলকাতায়।
- —এভ রাত্রে থেতে পারবে ?

—ভাইতো ভাবছিলুম। রাত হয়ে গেল, কি করে ঘাই :

ছোট্ট একটি ছেলেকে বিপদগ্রস্ত দেখে মহিশার মনে ভারী হৃঃথ হল।
তিনি আদর করে বললেন, খোকা, এত রাজে কোথায় যাবে? এথানেই
থাক। কাল সকালে যেও।

রামচন্দ্রও রাত কাটাবার জন্মে যায়গা খুঁজছিলেন। মহিলা তাঁকে থাকতে বলাতে মনে মনে ভারী খুনী হলেন।

মহিলা তাঁকে ঘরের ভিতরে নিয়ে বসালেন। তারপর আবার জিগগেস করলেন, বাড়ি বেকে কথন বেরিয়েছ? তোমার ম্থ বড্ড ভকনো দেখছি কেন। সারাদিন কিছু থাওয়া হয় নি বুঝি?

রামচন্দ্র মাথা নিচু করে আতে আতে বললে, ছপুরে না থেয়ে বাড়ি থেকে বেরিয়েছি।

মহিলাটি কিছু থাবার এনে দিয়ে বললেন, নাও বাবা, থেয়ে নাও। রামচক্র থেতে লাগলেন। তারপর মহিলা আবার জিগগেস. করলেন, তুমি কি রাগ করে চলে এসেছ?

- ---রাগ করব কেন ?
- —রাগ যদি না-ই করবে তবে না থেয়ে চলে এলে কেন? তুমি ছোট্ট ছেলে, তোমাকে বাড়ি থেকে একলা ছেড়ে দিয়েছে বলে তো মনে হয় না?
- আমি রাগ করি নি । তবে কি হয়েছে শুহুন, তুপুরে থেতে বদেছি, গবে মাত্র ২০১ প্রাস মুখে দিয়েছি এমন সময় আমাকে জিগ গেস করলেন, মাংস থাও ? আমি বললুম, না । তারা জিগ্গেস করলেন, কেন থাও না ? বললুম, আমার ভাল লাগে না । তাই থাই না । আমার আত্মীয়ের। আমায় বোঝাতে লাগলেন, মাংস ভাল জিনিস । কোন দিন তো খাও নি, এক্ষার থেয়েই দেব না । আমি বললুম, মাংস থারাপ একথা তো বলি নি,

ভাল হলেও আমার থেতে ইচ্ছে করে না। তবু জাের করে আমার থালায় মাংস দিয়ে দিলে। সে জলাে আমি না থেয়ে ঘর থেকে বৈরিয়ে এলুম। সেই যে বেরিয়েছি আর কােথাও দাঁড়াই নি। এথানে এসে বসলুম।

পরদিন কোয়গর স্টেশন থেকে রামচন্দ্র ট্রেনে করে কলকাতায় চলে এলেন।

রামচন্দ্রের বাবার নাম নৃসিংহপ্রসাদ দত্ত। নারকেলভাঙা কলকাতার মধ্যে একটি প্রসিদ্ধ জায়গা। সেধানেই নৃসিংহপ্রসাদের বাড়ি ছিল।

শরভকাল শেষ হয়ে হেমন্ত শুক্ত হয়েছে। আকাশের আনাচে কানাচে কোথাও মেঘ নেই। আকাশ বেশ পরিষ্ণার। ভোর বেলায় পূব আকাশ যথন লাল হয়ে ওঠে, তথন মনে হয় সারা আকাশ জুড়ে কে যেন হাসছে। আবার সুর্যের আলো যথন ঘাসের ওপরে শিশির বিন্দুগুলোতে পড়ে তথন দেখে মনে হয়, মাঠের মধ্যে কে যেন হাজারে হাজারে মুক্তো ছড়িয়ে রেখেছে।

এমনি হৃদ্র দিনে নৃসিংহ দত্তের ঘর আলো করে রামচক্র জন্ম নিয়েছিলেন। সেই দিনটি ছিল ১২৫৮ সালের ১৪ কার্তিক।

মায়ের কোলো রামচন্দ্র শুক্লপক্ষের টাদের মত বেড়ে উঠতে লাগলেন। দেখতে দেখতে আড়াই বছর কেটে গেল। এসময় হঠাৎ তার মা মারা গেলেন।

মাতৃহারা শিশু রাম আত্মীয়দের কোলে মাতৃষ হতে লাগলেন। রামচন্দ্রের ছেলেবেলার থেলা ছিল, ঠাকুর গড়ে প্জো করা, কুঞ্জের মত পোশাক পরে নাচ গান করা।

নারকেশভাঙার শ্রীনিবাস বাবাজীর আশ্রম ও শিথের বাগান ছিল। সেখানে অনেক সাধুসন্ন্যাসী থাকতেন। রামচন্দ্র সাধুদের কাছে গিরে ঠাকুরদেবভার গল্প শুনতেন। সাধুরা তাঁকে থুব ভালবাসতেন এবং আদর করে প্রসাদ থেতে দিতেন।

রামচন্দ্র প্রথমে পাড়ার এইট স্কুলে পড়েন। সেখান থেকে পরে এসেম্রি ইন্সটিটিউসনে চলে যান। প্রবেশিকা পরীক্ষায় পাশ করে তিনি ক্যাম্বেল মেডিকেল স্কুলে পড়েন।

মেডিকেল স্থল থেকে ভালভাবে পাশ করে চাকরি পেয়ে তিনি প্রভাপনগরে চলে যান। কিছুদিন পরেই তিনি বাংলা সরকারের কুইনাইন বিভাগের সহকারী পরীক্ষক নিযুক্ত হন। তারপর একজন সাহেবের কাছে রসায়ন বিজ্ঞান শিক্ষা করেন। ত'তিন বছরের মধ্যেই এ বিভায় তিনি খ্ব নাম করে ফেলেন। তার কিছুদিন পরে কুর্চি গাছের ছাল থেকে কুর্চিসিন নামে একটি ভবুধ আবিকার করেন। তাতে তার স্থাতি আরো বেডে গেল।

সিনকোনা গাছের ছাল থেকে বেরণ কুইনাইন তৈরী হয়, সেরপ কুর্চি গাছের ছাল থেকে কুর্চিসিন হয়। কুইনাইন জরের ওষ্ধ আরে কুর্চিসিন রক্ত আমাশয়ের ওষ্ধ।

একবার তাঁর মনে প্রশ্ন ওঠে, সভিয় সতি ঈশর আছেন কি না। এ সম্বন্ধে জানবার তাঁর খুব ইচ্ছে হল। তিনি সাধু-সন্মানী, পণ্ডিত, জ্যোতিষী যাকে দেখতে পান, একথা জিগ্গেস করেন। কিছু কেউ তাঁর মনোমত উত্তর দিতে পারলেন না। পরে তিনি রামকৃষ্ণদেবের নাম শুনে তাঁর কাছে যান।

রামচন্দ্র ঈশর সংক্ষে জিগ্গেস করতেই রাময়্রফদেব বললেন, দিনের বেলায় সূর্য উঠলে তার আলোতে আমরা তারা দেখতে পাই না। তাই বলে কি আকাশে তারা নেই বলব ? ছধে মাধন আছে। ছধ দেখলে মাধনের কথা কিছুই বলা বায় না। মাধন পেতে হলে ছধকে দই পেতে কিছুক্ষণ নির্জনে রাথতে হয়। দইকে মছন করলে মাখন বেরোয়। পুকুরে বড়িল দিয়ে মাছ ধরতে হলে, যে এর আগে দে পুকুরে মাছ ধরেছে, তার কাছে থবর নিতে হয়, কি রকম মাছ, কিসের টোপ ফেললে মাছ ধরা পড়ে। আবার ছিপ ফেলার সংগে সংগেই মাছ ধরা পড়ে না। ধৈর্য ধরে ছিপ নিয়ে চুপ করে বসে থাকতে হয়। তুমি ঈশর সম্বন্ধে জানতে চাও, সেও তো একই কথা। তাঁর কথা জানতে হলে, তাঁকে দেখতে ইচ্ছে করঙ্গে, ভগবানের বিষয় জেনেছেন, এরকম লোকের কাছ থেকে জেনে নিয়ে সাধন ভজন করতে হয়, তবে তাঁর দেখা পাওয়া যায়।

রামকৃষ্ণদেবের কথা শুনে রামচন্দ্রের মনে আবা কোন সন্দেহ রইন
না। তিনি তাঁর কাছ থেকে সাধন প্রণালী শিবে নিয়ে ভঙ্গবানের
উপাসনায় মন দিলেন।

নারকেলডাঙার নিকটেই কাঁকুড়গাছি গ্রাম। দেখানে যোগোভান নামে একটি আশ্রম আছে। এই আশ্রমটি রামচন্দ্র দত্ত প্রতিষ্ঠা করেন।

শরীরটাকে থুব মজবুত করতে শিথতে হবে। দেখছিল নে এখনো রোজ আমি
ভামবেল কিন। রোজ সকাল সন্ধার বেড়াবি ও শারীরিক পরিশ্রম করবি। সব
বিষয়ে পরের ওপর নির্ভর করলে চলবে কেন? দেহ ও মন সমান ভাবে উন্নত হংরা
চাই।

— স্বামী বিবেকানস্ক

৽ গিরিশচক্র যোষ

- —বড তেষ্টা পেয়েছে জেঠাই মা।
- -জন থাবি ?
- **—**레 I
- —ভবে কি থাবি ?

কোন কথা না বলে গিরে চুপ করে রইল। সে কি চায়, ছেঠাইমা কিছুই বুঝতে পারলেন না। একটু পরে সে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে লাগল।

— ও মা, কি হল রে ? কাদছিল কেন ? জল থেতে চাল তো জল এনে দিছিত।

ব্ৰেঠাইমা ছুটে গিয়ে এক গেলাস জল এনে দিলেন। জল থাব না বলে গেলাসটি জেঠাইমার হাত থেকে ধাকা মেরে ফেলে দিলে।

জেঠাইমা রেগে তাকে বকতে লাগলেন। এমন সময় তার বাবা এনে উপস্থিত হলেন। বাবাকে দেখে সে আরও জোরে ঠেচিয়ে উঠল।

- —গিরে কাদছে কেন বউদি' ?
- কি জানি ঠাকুরপো, জিগ্গেস করলে বলে তেষ্টা পেয়েছে। জল এনে দিলুম, তাও থেলে না।
 - —কি হয়েছে রে, কাঁদছিদ কেন?
 - —ভেষ্টায় বুক ফেটে গেল বাবা।
 - —ভেষ্টা পেলে জল থাচ্ছিদ না কেন?
 - —না বাবা, জল খাবার তেষ্টা নয়।
 - —তবে কিদের তেই।?
 - —শশা থাবার তেষ্টা।

ছেলের কথা খনে নীলকমলবাবু হেলে ফেললেন, একটু পরে হাদি সামলে নিয়ে বললেন, বেশ ভো শশা থেতে চাস এক্দি ধ্যানিয়ে দিচ্ছি।

- -- না বাবা, বাজারের শশা থাব না।
- —বাজারের শশা থাবি না তো কোন্ শশা <mark>থা</mark>বি ?
- —ক্রেচাইমার বাগানে হ্য শশা খড় দিয়ে বাঁধা আছে, সেটি থাব।
- কি হতভাগা ছেলে! ঠাকুরের জন্তে মানত করে যে শশা বেথেছি, সে শশা না থেলে ভোমার তেষ্টা মিটবে না! ছেলের লোভ দেখ না! তাই তো ভাবি তেষ্টা পেয়েছে জল দিলেও থায় না কেন ? ঠাকুরপো, কক্ষনো তুমি ওকে ঐ শশা দিতে পারবে না।
- —বউদি', গিরে ছোট্ট ছেলে। এতটুকু ছেলে যে জিনিসের জতে কেঁদে কেঁদে 5োথ ফুলিয়ে ফেললে—মাথাযুঁড়ে বাড়ি শুদ্ধ স্বাইকে শ্বাহির করে তললে, তোমার ঠাকুর কি সে শশা কথনো থাবেন ?
- ঠাকুর-দেবতা মানে না। ছেলে আমার নিকুচি করেছে। ঠাকুর-শো, আদর দিয়ে ছেলেটার মাথা থেলে!

কথাগুলো বলতে বলতে জ্বেচাইমা ছুটে ঘর থেকে বেরিয়ে গেলেন। কিছুক্ষণ পরে বাগান থেকে শশাটি এনে চেলের হাতে দিলেন।

গিরিশ জেঠাইমার বাগানের শশা বেয়ে শান্ত হল।

ছোট্ট একটি ঘটনা থেকেই বুঝা যায়, গিরিশ কেমন জেলী ও বৃদ্ধিমান ছেলে।

গিরিশ বথন বা বায়না ধরতেন যতক্ষণ তা না পেতেন, বাড়ি মাথায় করে তুলতেন। কেউ তথন শাস্ত হতে বললে তিনি আরও বেনী করে ছুষ্টুমি করতেন। ভূত বা বাঘ ভালুকের ভয় দেখালে ভূত দেখতে আধার রাতে এবং ভালুকের সন্ধানে জংগলে ছুটে বেতেন। এমন হরস্ত ছেলেকে নিয়ে বাবা বড়ই মুশকিলে প্ডলেন।

বাবা দেখলেন ছেলেকে বকে বা মারধাের করে কিছু হবে না। তাতে সে আরও বেয়াড়া হয়ে উঠবে। তার চেয়ে ছেলে বখন যা চায়, সম্ভব হলে তাই দেওয়া ভাল। তিনি ছেলের আবদার সব সময় ভনতেন। কিন্তু ছেলে অহায় করলে আবার শান্তিও দিতেন।

ছরন্ত গিরিশ দিন দিন বড় হতে লাগলেন। তিনি আট বছরে পা দিলেন। নীলকমলবাবু ছেলেকে স্কুলে দেবার জন্মে ব্যস্ত হলেন। গিরিশ ভরিয়েন্টাল দেখিনারি স্কুলে ভর্তি হলেন।

স্থলে তাঁর কয়েকজন বন্ধু জুটে গেল। তাদের নিয়ে একটি দল গড়ে তুললেন। হরন্ত ছেলের দলের লাফালাফি ঝাঁপাঝাঁপি সব সময় লেগেই থাকে। তাদের জালায় মান্টার মশায়রা অন্থির হয়ে ওঠেন। শুধু কি তাই, পড়ার সময় গিরিশ এটা কি ওটা কি, এভাবে প্রশ্নের ওপর প্রশ্ন করে হয়রান করে তুলতেন। স্লাসের মধ্যে অত প্রশ্ন করা শিক্ষরণ পছন্দ করতেন না। তাঁরা বিরক্ত হয়ে তাঁকে ধমক দিয়ে বলতেন, পড়াশুনো কিছু করবে না, সারাদিন দাংগাবাজি করে বেড়াবে আর স্থলে এসে আমাদের জালিয়ে থাবে। যা বলছি তাই শোন, কিছু জিগুগেস করতে পারবি না।

মাস্টারের ধমক থেয়ে গিরিশের মনের প্রশ্ন মনেই থেকে যেত। জ্ববাব না পেয়ে তাঁর জিজ্ঞান্থ মন আরও উতলা হয়ে উঠত।

গিরিশ বড় হয়ে তাই তুঃথ করে বলেছিলেন, ছেলেবেলায় স্থলে পড়ার সময় আমার মনে যে দব প্রশ্ন উঠত, মাস্টার মশায়রা যদি সে দব প্রশ্নের উত্তর দিতেন, তবে আমি অনেক কিছু জানতে ও শিথতে পারতুম।

গিরিশের বাবার নাম নীল্কমল ঘোষ। একথা আগেই বলেচি।
নীলকমলবাবু একটি সদাগরী অফিসে কাজ করতেন; তিনি বড় ভাল লোক ছিলেন। কোন লোক বিপদগ্রন্ত হয়ে তাঁর কাছে এলে তিনি সব সময় তাদের সাহায়া করতেন। একবার একটি লোক অভাবে পড়ে তাঁর কাছে দাহায় চাইতে আসে। লোকটির সংসারের অভাবের কথা শুনে নীলকমলবাব্র ভারী ছঃখ হল। তিনি নিজের অফিসে একটি কাজ দিয়ে তাকে বললেন, ভোমার বেতন থেকে মাদে পাঁচ টাকা করে আমার কাছে জমা রাখতে হবে। লোকটির ইচ্ছা না থাকলেও এ প্রস্তাবে সে রাজী হল।

নালকমল পরোপকারের নামে বেশ তৃ'পয়দা করে নিলে, বলে লোকের। তাঁর নামে নিন্দা করতে লাগল।

তিন চার বছর কাজ করার পরই সেই লোকটি হঠাৎ মারা যায়। তার মৃত্যুতে পরিবারের লোকদের বিষম বিপদ হল। বাড়িতে হাহাকার পড়ে গেল। তিনি সামান্ত যা রোজগার করতেন, তাতেই কোন প্রকারে তাঁর সংসার চলত। এখন তাও বন্ধ হল।

নালকমলবাবু তাঁর পরিবারকে ভেকে এনে বললেন, তোমার স্থামী পাঁচ টাকা করে আমার কাছে জমা রাথত। যে কয়দিন কাজ করেছে তাতে এত টাকা এবং তার স্থদে এত টাকা হয়েছে। এই টাকা নিয়ে তোমার সংসার চালাও। বিপদগ্রস্ত একটি পরিবারকে তিনি এতাবে রক্ষা করলেন।

গিরিশচন্দ্রের মা ঠাকুর-দেবতার পূজো করতে খুব ভালবাদতেন। গৃহদেবতা শ্রীধর ঠাকুরের পূজো না করে তিনি জলগ্রহণ করতেন না।

মা ছেলেকে ভালবাসতেন। একধা নতুন নয়, সকলেই জানে। কিন্তু গিরিশের মা ছেলেকে ঘেমন ভালবাসতেন তেমনি আবার কোন অ্যায় কাজ করলে শান্তিও দিতেন।

সাধারণত দেখতে পাওয়া যায়, ছেলের দোষের কথা মাকে বললে মা কেলের দোষের বা অন্যায়ের কথা না শুনে ছেলের পক্ষ নিয়ে ঝগড়া করেন। কিন্তু গিরিশের মা সেরুপ ছিলেন না। ছেলের নামে কেউ নালিশ করলে তিনি তাঁকে থুব শাসন করতেন। আট বছরে মা ও চোদ্ধ বছরের সময় গিরিশের বাবা মারা যান।
বাবার মৃত্যুর পর শিরিশচন্দ্র আরও তুরস্ত হয়ে উঠলেন। অভিভাবক
বলতে তথন আর কেউ ছিল না। কাজেই কাউকে তিনি গ্রাহ্ম করতেন না।
তুই ছেলেদের সংগে মিশে স্কুলে না গিয়ে রান্ডায় বান্তার বড়াতেন।

এভাবে চার বছর কেটে গেল। গিরিশের বয়স ইল আঠার।

লেখাপড়াতে মনোযোগ দেবার জন্যে তাঁর আত্মীয়েরা কন্ত চেষ্টা করলেন, কিন্তু কিছু হল না। গিরিশচন্দ্রকে কোন কাজের কথা বললে তিনি তার উন্টোটিই করতেন, একথা আগেই বলেছি। পড়াশোনার কথা বললে তিনি এমনি বেঁকে দাঁড়াতেন যে, কারুরই ক্ষমতা ছিল না তাঁকে পড়াতে পারে। আত্মীয়ন্ত্রকনেরা হতাশ হয়ে তাঁর ভবিছাৎ সম্বন্ধে চিন্তিত হলেন। যা হোক, বন্ধুদের পরামর্শ মত শেষটায় প্রবেশিকা পরীক্ষা দিলেন। পড়াশোনা না করে পরীক্ষা দিলেই ভো আর পাশ করা যায় না, স্বতরাং গিরিশণ্ড পাশ করতে পারলেন না।

গিরিশচন্দ্রের লেথাপড়া এথানেই শেষ হল। পড়াশোনা নেই, কোন কাজও নেই। এথন সময় কাটবে কিসে ? ভবঘুরের দলে মিশে তিনি ঘুরে বেড়াতে লাগনেন।

তৃরস্ক ছেলের দল দাঙ্গা-হাঙ্গামা করে পাড়া মাৎ করে বেড়াড আবার পাড়াতে কারুর বিপদ হলে বা অস্থ্য করলে সেবার কাজে তারাই এগিয়ে যেত।

১৮৬৭ সালে গিরিশচন্দ্র তাঁর দলের ছেলেদের নিয়ে একটি যাত্রাদল গড়ে তুললেন। মধুস্দনের রচিত শর্মিষ্ঠা নাটকটি প্রথম অভিনয় হবে ঠিক হল। ভেলেদের মধ্যে রিহার্দেলের সাড়া পড়ে গেল।

গিরিশচন্দ্র এ সময় কয়েকটি গান লিখে ফেললেন। গান কয়টি এ নাটকে গাওয়া হল। গান ভনে সকলেই খুনী। গিরিশের যাত্রাদলটি কিছুদিনের মধ্যেই বেশ নাম করে ফেললে। বেশী বেশী করে টাকা দিয়ে লোকেরা এ দলকে নিমন্ত্র্য করতে লাগল।

পাড়ার সকলেই বলাবলি করতে লাগল, ডানপিটে ছেলেদের একটি কাজ জুটল।

১৮৭৯ সালে গিত্মিশচক্স ফাশস্থাল থিয়েটারে অভিনেতারূপে প্রবেশ করলেন। অভিনয় করতে করতে তিনি নাটক লিখতে লাগলেন। কিছুদিনের মধ্যেই তাঁর রচিত নাটকগুলো অভিনয় হতে লাগল। দেখতে দেখতে তাঁর লেখা বইএর খ্যাতি চারদিকে ছড়িয়ে পড়ল। নাটকের রাজা বলে তাঁকে সকলেই সম্মান দিতে লাগল।

গিরিশদের পাড়ায় দীননাথ বস্থ থাকতেন। দীননাথ বাবুরামঞ্জ দেবের শিস্তা। রামকৃষ্ণদেব মাঝে মাঝে তাঁর বাড়িতে বেড়াতে আসতেন। ১৮৮৫ সালের কথা।

একদিন রামকৃষ্ণদেব দীননাথ বহুর বাড়িতে বেড়াতে এলেন। গিরিশ শুনলেন পাড়াতে একজন অভুত সাধু পরমহংস এসেছেন। দীননাথের সংগে গিরিশচন্দ্রের আগেই আলাপ ছিল। বরুর বাড়ি গিয়ে অভুত সাধুটিকে দেখতে তাঁর বড় ইচ্ছে হল। তিনি একজন বরুর সংগে দীননাথের বাড়ি গেলেন।

গিরিশ কোন দিনই সাধুদের ভক্তি বা শ্রন্ধা করতেন না, বরং সাধু দেখলে ঠাট্রা-তামাসাই করতেন। পরমহংস নাম শুনে তিনি মনে করেছিলেন নিশ্চম কোন অজুত রকমের সাধু হবেন। তাই তাঁকে দেখতে তাঁর ইচ্ছে হল।

রামকৃষ্ণদেবের চালচলন বা আচার-ব্যবহার কোন দিনই অভুত রকমের ছিল না। এমন কি, তিনি সাধুর পোষাক গেরুয়া কাপড় পর্যন্ত পরতেন না। সাধারণ লোকেয় মডই-তিনি থাকতেন। গিরিশ অভুত সাধু দেখতে এসে কিছুই দেখতে পেলেন না। কাজেই, পরমহংসদেবকে তাঁর মোটেই ভাল লাগল না। কিছুক্ষণ দাঁড়িয়ে খেকে তিনি চলে এলেন। আব একদিনের কথা।

বলরাম বোদের বাড়িতে খুব ধুমধাম। একজন নামকরা গাইয়ে কীর্তন করবেন। তাই এত ধুমধাম ও আনন্দ। কাতারে কাতারে লোক এদে বাড়ি ভর্তি করে দিলে। বড় গায়কের নাম শুনে গিরিশচন্দ্রও এলেন। কিছুক্ষণ পরে রামকুষ্ণদেবকে দেখে গায়ক ও উপস্থিত লোকেরা সকলেই ধুব ধুনী।

গান শুরু হল। গিরিশচন্দ্র ভিড়ের মধ্যে একটু জায়গা করে নিয়ে বদে পড়লেন। গান যথন খুব জয়ে উঠেছে তথন রামকুঞ্চনেব সমাধিছে হন। রামকুঞ্চনেবের সম্বন্ধে এডদিন গিরিশের যা ধারণা ছিল, আজ তাঁর ভাব-সমাধি দেখে সব উল্টে গেল। তিনি যে সামায় লোক নন, এখন তাঁর বিখাস হল।

এ ঘটনার কিছুদিন পর গিরিশচন্দ্র চৈতগুলীলা নাটক লেখেন। চৈতগুলীলা নাটকে তিনি রামক্ষণের সম্বন্ধে নিজের মনোভাব প্রকাশ করেছেন।

হৈতত জীলা নাটক দেখতে রামরুঞ্চদেব একদিন স্টার থিয়েটারে যান।
সেদিন আবার তাঁর সংগে গিরিশচন্দ্রের দেখা হল। গিরিশের শরীর
সেদিন ভাল ছিল না। তিনি রামরুঞ্চদেবের বসার ব্যবস্থা করে দিছেই চলে
যান। রামরুঞ্চদেবের সংগে অল্ল কিছুক্সণের আলাপেই তিনি মুগ্ধ হন।

রামকুঞ্দেবের ওপর তাঁর ভক্তি-বিশ্বাস দিন দিন বাড়তে লাগল। তার সংগে দেখা করতে তিনি মাঝে মাঝে দক্ষিণেশ্বেও যান।

গিরিশচক্রের মনে এই সময় খুব অশান্তি হয়। তিনি রামক্রফদেবের কাছে গিয়ে জিগ্রোস করলেন, আমার কি হবে ? আমার মনে মোটেই শান্তি নেই। রামকৃষ্ণদেব বললেন, ভগবানের নাম জপ কর্, মনে भाष्ठि পাবি।

- —আমার অত সময় নেই।
- —সময় একটু করে নিতে হয়।
- -কখন সময় করব ?
- —সব কাজের সময় হয়° আরে তাঁকে ডাকবার সময় হয় না? এ কি কাজের কথা হ'ল?
- আমার নাওয়া-থাওয়ার সময় ঠিক থাকে না। তাও ভূলে ঘাই।
 আমাবার ভগবানকে ডাকতে বলছেন ? এ আমার দ্বারা হবে না।
- —নাওয়া-থাওয়া কাজ-কর্ম তো দকলেই করে। এ ছাড়া কি লোকে আর কাজ করে না ? ওর মধ্যেই সময় করে নিয়ে ত্ব' বেলা তাঁর নাম করে।
 - হ' বেলা? না, কক্ষণো পারব না।
 - -- বেশ তো, ছ' বেলা না পারিস, একবেলা কর।
 - —ভাও পারব না।
- আচ্ছা, এক বেলাও যদি না পারিস তবে শোবার আগে একবার ভগবানের নাম নিয়ে শুয়ে পড়বি।
- —আমায় কেন মিছামিছি এ সব কথা বলছেন ? জানেন তো নাটক তামাসা ক্তি করে আমোদ নিয়ে দিনরাত বেছঁশ হয়ে থাকি। আমার ওসব কিছুই মনে থাকবে না। কাজেই আমাকে ও-কথা আর বলবেন না।
- —সারা দিনের মধ্যে একটি বারও যদি ভগবানকে ডাকতে না পারিস তবে কি করে হবে বল দেখি।
 - —তা আমি জানি না।
- —তাই তো বড়ড ভাবনায় ফেললি! আচ্ছা, তোর ভার অন্তকে দিতে পারবি ?

গিরিশ একটুখানি চুপ করে থেকে বললেন, সে আবার কি ?

